# দি ইন্টারন্যাশনাল কটন এসোসিয়েশন লিমিটেড

# এর

# উপবিধি ও বিধিমালা

আমাদের সদস্যগণ অত্র বিধিমালার বইটি 21 অক্টোবর 2016 তারিখে সংশোধন করেছেন, এবং এই সংশোধনগুলি 1লা নভেম্বর 2016 থেকে কার্যকর হয়েছে।

নিম্নের ব্যতিক্রম সহ, এই বইয়ের উপবিধি ও বিধিমালা পূর্ববর্তী সকল উপবিধি ও বিধিমালার স্থলাভিষিক্ত হবে:

- ২নং অনুচ্ছেদের কোন বিধি যা এই বই কার্যকর হওয়ার পূর্বে সম্মতিকৃত কোন চুক্তি শর্তের সাথে সাংঘর্ষিক; এবং
- সালিশ সময়সীমা, নোটিশ, ফি ও অন্যান্য কার্যপ্রণালী আওতাভূক্ত করে ৩নং এমন অনুচ্ছেদের উপবিধিসমূহ।

জুলাই 2016 সংস্করণ

সূচীপত্র


**অনুচ্ছেদ ১: ভূমিকা**

| | | |
|---|---|---|
| সংজ্ঞা: | ক) প্রশাসনিক পরিভাষা | পৃষ্ঠা ৫ |
| | খ) সদস্যপদ ও নিবন্ধন পরিভাষা | পৃষ্ঠা ৬ |
| | গ) সাধারণ ব্যবসায়িক পরিভাষা | পৃষ্ঠা ৭ |
| সাধারণ উপবিধিমালা | | পৃষ্ঠা ১১ |
| চুক্তি: | ক) উপবিধি ও বিধিমালার প্রয়োগ | পৃষ্ঠা ১৩ |
| | খ) বিশেষ ক্ষেত্রে চুক্তি সমাপ্তিকরণ | পৃষ্ঠা ১৪ |

**অনুচ্ছেদ ২: বিধিমালা**

| | |
|---|---|
| শিপমেন্ট এবং বিল অফ ল্যাডিং | পৃষ্ঠা ১৭ |
| ইন্সুরেন্স | পৃষ্ঠা ১৮ |
| চালান ও পেমেন্ট | পৃষ্ঠা ২০ |
| “অন কল” বিক্রয় | পৃষ্ঠা ২১ |
| বেইল টেয়ার ও ওজন | পৃষ্ঠা ২২ |
| ডেলিভারকৃত কটনের গুণগতমান | পৃষ্ঠা ২৩ |
| স্যাম্পলিং | পৃষ্ঠা ২৪ |
| দাবী | পৃষ্ঠা ২৫ |
| সময় সীমা বৃদ্ধিকরণ | পৃষ্ঠা ২৭ |
| ইনস্ট্রুমেন্ট টেস্টিং | পৃষ্ঠা ২৭ |
| মাইক্রোনেয়ার ও ছাড় | পৃষ্ঠা ২৮ |
| স্ট্রেংথ/সহ্যশক্তি ও ছাড় | পৃষ্ঠা ৩১ |
| চুক্তি সমাপ্তিকরণ | পৃষ্ঠা ৩২ |

**অনুচ্ছেদ ৩: সালিশী উপবিধি**

| | |
|---|---|
| সূচনা | পৃষ্ঠা ৩৪ |
| নোটিশ | পৃষ্ঠা ৩৫ |
| টেকনিক্যাল সালিশ | পৃষ্ঠা ৩৬ |
| টেকনিক্যাল আপিল | পৃষ্ঠা ৪২ |
| ক্ষুদ্র অভিযোগ সংক্রান্ত টেকনিক্যাল সালিশী রায় | পৃষ্ঠা ৫০ |
| কোয়ালিটি সালিশ | পৃষ্ঠা ৬৮ |
| কোয়ালিটি আপিল | পৃষ্ঠা ৭৭ |
| সৌহার্দ্যপূর্ণ নিষ্পত্তি | পৃষ্ঠা ৭৯ |
| অন্যান্য ফি ও চার্জ টেকনিক্যাল | পৃষ্ঠা ৮০ |
| অসম্পূর্ণ সিদ্ধান্ত ও ব্যাত্যয়কারী পক্ষ | পৃষ্ঠা ৮৩ |

**অনুচ্ছেদ ৪: প্রশাসনিক উপবিধি**

| | |
|---|---|
| সদস্যপদ ও নিবন্ধন | পৃষ্ঠা ৯২ |
| নির্বাচন | পৃষ্ঠা ৯৪ |
| সভাসমূহ | পৃষ্ঠা ৯৫ |
| শাস্তিমূলক পদ্ধতি | পৃষ্ঠা ৯৮ |

# অনুচ্ছেদ ১ঃ

# ভূমিকা

# অনুচ্ছেদ ১: ভূমিকা

**সংজ্ঞা**
প্রশাসনিক পরিভাষা
সদস্যপদ ও নিবন্ধন পরিভাষা
সাধারণ ব্যবসায়িক পরিভাষা

সাধারণ উপবিধি

চুক্তি

## ভূমিকা

**উপবিধিসমূহ এসোসিয়েশনের অত্যাবশ্যকীয় প্রবিধান যা কোন পক্ষ কর্তৃক পরিবর্তন বা ভিন্নরূপ করা যাবে না।**

## সংজ্ঞা

**উপবিধি ১০০**

আমাদের উপবিধি ও বিধিমালায় এবং আমাদের উপবিধি ও বিধিমালার অধীনে সম্পন্ন যে কোন চুক্তিতে, নিম্নোক্ত পরিভাষাগুলো এর প্রদত্ত অর্থ প্রদান করবে, যদি না সেগুলোর ভিন্ন ব্যবহার স্পষ্টভাবে প্রদর্শন করেঃ

**প্রশাসনিক পরিভাষা**

১ "অনুমোদিত প্যানেল" বলতে পরিচালনা পরিষদ কর্তৃক বার্ষিক অনুমোদিত ব্যক্তিদের তালিকা বোঝায়, যাদের মধ্য থেকে পরিচালকগণ প্রাথমিক তদন্ত কমিটি নিয়োগ করবেন।

২ "সালিশ কৌশল কমিটি" বলতে এমন কমিটি বোঝায়, যার একজন সালিশকারী অবশ্যই প্রথম টায়ার ট্রাইবুনাল বা টেকনিক্যাল আপিল কমিটি এর চেয়ারম্যান হিসেবে নিযুক্ত হওয়ার জন্য কমিটির সদস্য হবে।

৩ "অনুচ্ছেদ" বলতে আমাদের সংঘবিধি ও সেগুলোর কোন কার্যকর পরিবর্তনকে বোঝায়।

৪ "উপবিধি" ও "বিধিমালা" বলতে আমাদের সকল উপবিধি ও বিধিমালা বোঝায় যা কার্যকর রয়েছে।

৫ "কমিটি" বলতে স্বতন্ত্র সদস্য কর্তৃক নির্বাচিত কোন কমিটিকে বোঝায়। কমিটির সদস্যগণ আমাদের অনুচ্ছেদের অধীনে কাজ করার জন্য যে কোন উপযুক্ত ব্যক্তিকে অন্তর্ভূক্ত, নিয়োগ বা মনোনীত করবে।

৬ "পরিচালক" বলতে আমাদের সাধারণ বা সহযোগী পরিচালকদের বোঝাবে এবং তা প্রেসিডেন্ট, ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট, সেকেন্ড ভাইস প্রেসিডেন্ট, ট্রেজারার ও ইমিডিয়েট পাস্ট প্রেসিডেন্টদের অন্তর্ভূক্ত করবে।

"সহযোগী পরিচালক" বলতে পরিচালকগণ কর্তৃক প্রতি বছর আমন্ত্রিত এবং শিল্পের সাধারণ স্বার্থের জন্য কাজ করতে সদস্যগণ কর্তৃক অনুমোদিত কোন পরিচালককে বোঝায়।

"সাধারণ পরিচালক" বলতে ব্যক্তি সদস্যগণ কর্তৃক নির্বাচিত পরিচালককে বোঝায়। এটি প্রেসিডেন্ট, ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট, সেকেন্ড ভাইস প্রেসিডেন্ট, ট্রেজারার বা ইমিডিয়েট পাস্ট প্রেসিডেন্টদের অন্তর্ভূক্ত করবে না।

"ইমিডিয়েট পাস্ট প্রেসিডেন্ট" এমন কোন প্রেসিডেন্টকে অন্তর্ভূক্ত করে না যাকে অনুচ্ছেদ ৮৬ অনুযায়ী অপসারণ বা অনুচ্ছেদ ৯৪ অনুযায়ী পরিচালক হিসেবে বিরত রাখা হয়েছে।

৭ "সাধারণ সভা" বলতে আমাদের সংঘবিধির অধীনে আহ্বানকৃত আমাদের স্বতন্ত্র সদস্যদের সভা বোঝায়।

৮ "মাস" বলতে এক ক্যালেন্ডার মাস বোঝায়।

৯ “পর্যবেক্ষক” বলতে **প্রবেশনারী** সালিশকারী বোঝায়, প্রশিক্ষণের উদ্দেশ্যে,

যাকে এসোসিয়েশন কর্তৃক নিয়োজিত হয়ে টেকনিক্যাল সালিশ ট্রাইবুনাল ও টেকনিক্যাল আপিল কমিটির উপর অবৈতনিক পর্যবেক্ষক হিসেবে কাজ করবেন। পর্যবেক্ষক ট্রাইবুনালের সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় অংশগ্রহণ বা প্রভাবিত করবে না।

১০ “আমাদের” বলতে যা কিছু আমাদের মালিকানাধীন বা আমাদের কর্তৃক ইস্যুকৃত বোঝায়।

১১ “প্রেসিডেন্ট” কোন অনুপস্থিত প্রেসিডেন্টের দায়িত্বপালনের জন্য আমাদের সংঘবিধির অধীনে ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট বা সেকেন্ড ভাইস প্রেসিডেন্ট অথবা পরিচালকগণ কর্তৃক নির্বাচিত অন্য কোন ব্যক্তিকে অন্তর্ভূক্ত করবে।

১২ কোন স্বতন্ত্র সদস্য বা নিবন্ধিত প্রতিষ্ঠানের “ব্যবসার স্থান” বলতে একটি অফিস বোঝায় যেখানে কোন স্বতন্ত্র সদস্য বা নিবন্ধিত প্রতিষ্ঠান ব্যবসা পরিচালনা করে বলে পরিচালকগণ মনে করেন।

১৩ “বিধিমালা বই” বলতে সেই বইকে বোঝায় যেখানে আমাদের উপবিধি ও বিধিমালা প্রকাশ করা হয়েছে।

১৪ “সেক্রেটারী” বলতে সেই ব্যক্তিকে বোঝায় যাকে পরিচালকগণ সেক্রেটারী হিসেবে কাজ করার জন্য মনোনীত করেছেন। পরিচালকগণ কর্তৃক মনোনীত কোন বিকল্প সেক্রেটারী সেই সেক্রেটারীর স্থলে কাজ করতে পারে।

১৫ “আমরা” “আমাদিগকে” ও “আইসিএ” বলতে দি ইন্টারন্যাশনাল কটন এসোসিয়েশন লিমিটেড বোঝায়।

১৬ “লিখিত” বলতে কাগজে বা স্ক্রিনে বা ওয়েবসাইটে শব্দ মুদ্রন ও অন্য কোন উপায়ে পুনরায় উপস্থাপনকে অন্তর্ভূক্ত করবে। লিখিত চিঠিপত্র ডাক, হাতে, ফ্যাক্স, ইমেইলের মাধ্যমে প্রদান করা যাবে।

১৭ “অসম্পূর্ণ সিদ্ধান্তের আইসিএ তালিকা” এর মধ্যে দুইটি অংশ রয়েছে।

“অসম্পূর্ণ সিদ্ধান্তের আইসিএ তালিকা: ১ম অংশ” বলতে সেই কোম্পানীর তালিকা বোঝায় যারা কোন সালিশের সিদ্ধান্ত প্রতিপালনে ব্যর্থ হয়েছে।

“অসম্পূর্ণ সিদ্ধান্তের আইসিএ তালিকা: ২য় অংশ” বলতে অসম্পূর্ণ সিদ্ধান্তের আইসিএ তালিকা: ১ম অংশের আইসিএ তালিকায় প্রদর্শিত কোম্পানীগুলোর সাথে সম্পর্কিত কোম্পানীর তালিকা বোঝায়।

**সদস্যপদ ও নিবন্ধন পরিভাষা**

১৮ “অধিভূক্ত শিল্প প্রতিষ্ঠান” বলতে আমাদের উপবিধির অধীনে নিবন্ধিত কোন প্রতিষ্ঠান বা সংস্থা বোঝায়।

১৯ “এজেন্ট প্রতিষ্ঠান” বলতে আমাদের উপবিধির অধীনে নিবন্ধিত কোন প্রতিষ্ঠান বা সংস্থা বোঝায়।

২০ “প্রতিষ্ঠান” বলতে ব্যবসা পরিচালনাকারী কোন অংশীদারী, অনিবন্ধিত সংস্থা বা কোম্পানীকে বোঝায়।

২১ “স্বতন্ত্র সদস্য” বলতে আমাদের সংঘবিধির অধীনে কোন সদস্য প্রতিষ্ঠানের স্বতন্ত্র সদস্য হওয়ার জন্য নির্বাচিত ব্যক্তিকে বোঝায়।

২২ “সদস্য প্রতিষ্ঠান” বলতে কোন প্রধান প্রতিষ্ঠান, এসোসিয়েশন সদস্য প্রতিষ্ঠান, অধিভূক্ত শিল্প প্রতিষ্ঠান, এজেন্ট প্রতিষ্ঠান বা সংশ্লিষ্ট কোম্পানী বোঝায়।

২৩ “অসদস্য” বলতে এমন ব্যক্তিকে বোঝায় যিনি এসোসিয়েশনের কোন স্বতন্ত্র সদস্য নন।

২৪ “অনিবন্ধিত প্রতিষ্ঠান” বলতে এমন প্রতিষ্ঠানকে বোঝায় যা এসোসিয়েশনের কোন নিবন্ধিত প্রতিষ্ঠান নয়।

২৫ “প্রধান প্রতিষ্ঠান” হলো বণিক, উৎপাদনকারী বা মিল এবং এটি আমাদের সংঘবিধি ও উপবিধির অধীনে নিবন্ধিত কোন প্রতিষ্ঠান বা কোম্পানীকে বোঝায়।

২৬ “নিবন্ধিত প্রতিষ্ঠান” বলতে সকল প্রধান প্রতিষ্ঠান, অধিভূক্ত শিল্প প্রতিষ্ঠান, সংশ্লিষ্ট কোম্পানী, অধিভূক্ত এসোসিয়েশন, এসোসিয়েশন সদস্য প্রতিষ্ঠান ও এজেন্ট প্রতিষ্ঠানকে বোঝায়, এদের বিস্তারিত বর্ণনা নিবন্ধিত প্রতিষ্ঠানের নিবন্ধন বইতে প্রদত্ত হয়েছে।

২৭ “নিবন্ধিত” বলতে নিবন্ধিত বা পুনঃনিবন্ধিত বোঝায় এবং “নিবন্ধন” বলতে নিবন্ধন বা পুনঃ নিবন্ধন বোঝায়।

২৮ এই উপবিধি ও বিধিমালা উদ্দেশ্যে, “নিবন্ধিত বা পুনঃনিবন্ধিত প্রতিষ্ঠান” বলতে আমাদের প্রধান প্রতিষ্ঠান, অধিভূক্ত শিল্প প্রতিষ্ঠান, সংশ্লিষ্ট কোম্পানী, অধিভূক্ত এসোসিয়েশন, এসোসিয়েশন সদস্য প্রতিষ্ঠান ও এজেন্ট প্রতিষ্ঠানের তালিকা বোঝায়।

২৯ “নিবন্ধিত প্রতিষ্ঠান” বলতে আমাদের সংঘবিধির বর্ণনা অনুযায়ী আমাদের নিবন্ধিত প্রতিষ্ঠানের নিবন্ধন বইতে তালিকাভূক্ত প্রতিষ্ঠান বোঝায়।

৩০ “সংশ্লিষ্ট কোম্পানী” বলতে প্রধান প্রতিষ্ঠান বা অধিভূক্ত শিল্প প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট কোন কোম্পানীকে বোঝায়।

**সাধারণ ব্যবসায়িক পরিভাষা**

৩১ “আমেরিকান কটন” বলতে আপল্যান্ড, গালফ বা টেক্সাস কটন নামে পরিচিত কটন সহ যুক্তরাষ্ট্রের নিকটবর্তী রাজ্যগুলোর মধ্যে যে কোন স্থানে উৎপাদিত সকল কটন বোঝায়, কিন্তু সি আইল্যান্ড বা পিমা ধরণের অন্তর্ভূক্ত নয়।

৩২ “সার্টিফাইড ল্যাবরেটরী” বলতে আমাদের ইস্যুকৃত অনুমোদিত তালিকার কোন ল্যাবরেটরী বোঝায়।

৩৩ “কম্বাইন্ড ট্রান্সপোর্ট”, “ইন্টারমোডাল ট্রান্সপোর্ট” ও “মাল্টিমোডাল ট্রান্সপোট” বলতে কমপক্ষে দুইটি ভিন্ন পরিবহন পদ্ধতি ব্যবহার করে এক স্থান থেকে অন্যস্থানে কটন ডেলিভারি বোঝায়।

৩৪ “কম্বাইন্ড ট্রান্সপোর্ট ডকুমেন্ট” বলতে কম্বাইন্ড ট্রান্সপোর্ট, ইন্টারমোডাল ট্রান্সপোর্ট বা মাল্টিমোডাল ট্রান্সপোর্টের মাধ্যমে কটন স্থানান্তরের বিষয়ে কোন শিপিং কোম্পানী, কম্বাইন্ড ট্রান্সপোর্ট অপারেটর বা এজেন্ট কর্তৃক প্রস্তুতকৃত বিল অফ ল্যাডিং বা টাইটেল ডকুমেন্ট বোঝায়।

৩৫ “কম্বাইন্ড ট্রান্সপোর্ট অপারেটর” বলতে সেই ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বোঝায় যা কম্বাইন্ড ট্রান্সপোর্ট ডকুমেন্ট প্রস্তুত করে।

৩৬ “কন্টেইনার ফ্রেইট স্টেশন”, “সিএফএস” ও “কন্টেইনার বেস” বলতে এমন স্থান বোঝায় যেখানে ক্যারিয়ার বা তার এজেন্ট তাদের নিয়ন্ত্রণাধীনে কন্টেইনার লোড বা আনলোড করে।

৩৭ “কন্টেইনার ইয়ার্ড” ও “সিওয়াই” বলতে এমন স্থান বোঝায় যেখানে কন্টেইনার পার্ক করা যাবে, পিক আপ বা ডেলিভারি, ভর্তি ও খালি করা যাবে। কন্টেইনার ইয়ার্ড বা সিওয়াই এমন স্থানও হতে পারে যেখানে কন্টেনার ভর্তি করা বা খালি করা হয়।

৩৮ "নিয়ন্ত্রণ সীমা" বলতে একই কটন ব্যবহার করে ভিন্ন ভিন্ন যন্ত্রপাতির মাধ্যমে গৃহীত রিডিং এর ভিন্নতা বোঝায়।

৩৯ "কটন বর্জ্য" আমাদের উপবিধি ও বিধিমালা সাপেক্ষে চুক্তিতে অন্তর্ভূক্ত হলে তা কটন হিসেবে প্রক্রিয়াকরণ করা হবে।

৪০ "কান্ট্রি ড্যামেজ" হলো বাইরে থেকে অতিরিক্ত আদ্রতা, ধূলা বা বালু শোষণের ফলে ফাইবারের ক্ষতি বা অবনতি, কারণ এটি

- খোলা আবহাওয়ায় অনাবৃত্ত রয়েছে; বা
- ভেজা বা দূষিত সার্ফেসে মজুদ করা হয়েছে,

ট্রাক/কন্টেইনার বা জাহাজে লোডিং এর পূর্বে।

"কান্ট্রি ড্যামেজ" এর মধ্যে অন্তূর্ভূক্ত নয়:

- কোন অভ্যন্তরীণ ক্ষতি; বা
- যে কোন ধরণের দূষণ; বা
- ট্রাক/কন্টেইনার বা জাহাজে লোডিং এর পর কোন ক্ষতি।

৪১ "আগমনের তারিখ" নিম্নোক্ত অর্থের যে কোন একটি থাকা সাপেক্ষে প্রসঙ্গের উপর নির্ভর করে হবে।

- ব্রেক বাল্ক শিপমেন্ট এর জন্য, এটি বিল অফ ল্যাডিং এর মধ্যে বর্ণিত স্থানের বন্দরে জাহাজ পৌছানোর তারিখ বোঝায়। তবে, যদি জাহাজটি অন্য দিকে যায় বা কটন অন্য জাহাজে সরিয়ে নেওয়া হয়, তাহলে এটি হবে বিল অফ ল্যাডিং-এ বর্ণিত বন্দর অথবা বা বায়ারের নিকট গ্রহণযোগ্য অন্য কোন বন্দরে কটন পৌছানোর তারিখ ।
- কন্টেইনারে কটন শিপমেন্টের ক্ষেত্রে, এটি হবে বিল অফ ল্যাডিং বা কম্বাইন্ড ট্রান্সপোর্ট ডকুমেন্ট এর মধ্যে বর্ণিত স্থানের বন্দরে কটন পৌছানোর তারিখ। তবে, যদি জাহাজটি অন্য দিকে যায় বা কন্টেইনার অন্য জাহাজে সরিয়ে নেওয়া হয়, তাহলে এটি হবে বিল অফ ল্যাডিং-এ বর্ণিত বন্দর অথবা বা বায়ারের নিকট গ্রহণযোগ্য অন্য কোন বন্দরে কটন পৌছানোর তারিখ।
- অন্যান্য পরিবহন ব্যবস্থার ক্ষেত্রে, এটি হবে চুক্তিতে বর্ণিত স্থানে সম্পাদিত প্রত্যেক ডেলিভারির তারিখ।

৪২ চুক্তি সম্পর্কে "বিরোধ" বা "মতপার্থক্য" চুক্তিটি কিভাবে ব্যাখ্যা করতে হবে সেই বিষয়ে অথবা চুক্তি দ্বারা আবদ্ধ যে কোন ব্যক্তির অধিকার বা দায়দায়িত্ব সম্পর্কে যে কোন বিতর্ক, মতানৈক্য বা প্রশ্ন অন্তর্ভূক্ত করবে।

৪৩ "ফলস্ প্যাকড্ বেইল" হলো যে বেইলে রয়েছে:

- এমন বস্তু যা কটন নয়;
- ক্ষতিগ্রস্থ কটন;
- বাইরে দিকে ভালো কটন এবং ভিতরে নিম্নমানের কটন; বা
- কটনের পরিবর্তে পিকিং বা লিন্টারস।

৪৪ "ফার ইস্ট কটন" বলতে বাংলাদেশ, বার্মা, চীন, ভারত বা পাকিস্তানে উৎপাদিত কটন বোঝায়।

45 "নির্দিষ্ট দাম" হল প্রতি ইউনিট কটনের দাম, যা ক্রেতা বিক্রেতাকে দিয়ে থাকে। নির্দিষ্ট দাম-এ আসা যায় দুই উপায়ে:

- প্রতি ইউনিটের দাম বিক্রির সময়ে কোট করা হয় এবং চুক্তিতে প্রতি ইউনিটের দাম হিসাবে লেখা হয়ে থাকে।

- একটি সমন্বয়ের মাধ্যমে যা অন-কল চুক্তিতে নির্দিষ্টকরণ এবং চুক্তিতে নির্দিষ্ট করে বলার ভিত্তিতে করা হয়ে থাকে, যা মূলত প্রকাশ করা হয় প্রতি মুদ্রা একক, প্রতি ওজনের এককে, যেমন চুক্তিতে বলা হয়েছে।

46 "বিজাতীয় বস্তু" বলতে এমন কিছুকে বোঝায় যায় কটন উদ্ভিদের অংশ নয়।

47 "পূর্ণ কন্টেইনার লোড" এবং "এফসিএল" বলতে এমন ব্যবস্থাকে বোঝায় যাতে কন্টেইনারের সকল স্থান ব্যবহৃত হয়েছে।

48 "কন্টেইনার লোডের চেয়ে কম" এবং "এলসিএল" বলতে কটনের পার্সেল বোঝায় যা একটি কন্টেইনার পূর্ণ করার জন্য খুবই ছোট এবং যা এই গন্তব্যস্থলের দিকে যাওয়া সমরূপ কার্গোর সাথে কন্টেইনার ফ্রেইট স্টেশনে ক্যারিয়ার দ্বারা গ্রুপকৃত।

49 "হাউজ টু", "কন্টেইনার ইয়ার্ড টু" এবং "ডোর টু" বলতে তার পছন্দের স্থানে (হাউজ, সিওয়াই বা ডোর) শিপার কর্তৃক নিয়ন্ত্রিত লোডিং বোঝায়। যে ফ্রেইট বুক করবে, তাকে অবশ্যই লোডিং পয়েন্টের পরের সকল খরচাদি এবং হাউজ, সিওয়াই বা ডোরে কন্টেইনার সরবরাহের খরচাদি পরিশোধ করতে হবে।

50 'ICA ব্রেমেন সার্টিফায়েড ল্যাবোরেটরি' –এর মানে ICA ব্রেমেন দ্বারা শংসিত ল্যাবোরেটরি।

51 "তৎক্ষণাৎ" বলতে তিন দিনের মধ্যে বোঝায়।

52 "ইনস্টিটিউট কার্গো অনুচ্ছেদ" ও "ইনস্টিটিউট কমোডিটি ট্রেড অনুচ্ছেদ" বললে লন্ডন আন্ডাররাইটার্স ইনস্টিটিউটের অনুচ্ছেদ বোঝায়।

53 "আভ্যন্তরীণ আর্দ্রতা" বা "আর্দ্রতা রিগেইন" বলতে ফাইবারের ওজনের শতকরা হিসেবে প্রকাশিত কটনে আদ্রতার ওজন বোঝায় যখন সেগুলো সম্পূর্ণ শুকনো থাকে।

54 "লট" বললে এক মার্কের অধীনে রাখা অনেক সংখ্যক বেল।

55 "মিক্সড প্যাকড্ বেইল" হলো অনেকগুলো ভিন্ন ভিন্ন গ্রেড, রং বা স্টেপল এর সমন্বয়ে একটি বেইল।

56 “মেরিন কার্গো ইন্সুরেন্স” ও “ট্রানজিট ইন্সুরেন্স” বলতে ইনস্টিটিউট কার্গো অনুচ্ছেদ এর সাথে ব্যবহৃত মেরিন পলিসি ফরম (এমএআর ফরম) আওতাভূক্ত অথবা অন্য ইন্সুরেন্স মার্কেটে সমরূপ প্রথম শ্রেণীর পলিসির আওতাভূক্ত ঝুঁকির বিপরীতে ইন্সুরেন্স বোঝায়।

57 “মাইক্রোনেয়ার” বলতে কাঁচা কটন ফাইবারের ফাইননেস ও পরিপক্বতার সমন্বয়ের পরিমাপ বোঝায়।

58 “নো কন্ট্রোল লিমিট” এবং “এনসিএল” বলতে নো কন্ট্রোল লিমিট এর অনুমতি দেওয়া হয়েছে বোঝায়।

59 “অন-বোর্ড বিল অফ ল্যাডিং” বলতে এমন বিল বোঝায় যেখানে ক্যাপ্টেন বা তার এজেন্ট স্বাক্ষর করেছেন, যখন জাহাজে কটন লোড করা হয়।

60 “শতকরা ছাড়” বললে চালান মূল্যের একটি শতকরা হার বোঝায়।

61 “পিয়ার টু”, “কন্টেইনার ফ্রেইট স্টেশন টু” ও “কন্টেইনার বেস টু” বলতে লোডিং নিয়ন্ত্রণকারী ক্যারিয়ারকে বোঝায়। পিয়ার, কন্টেইনার ফ্রেইট স্টেশন ও কন্টেইনার বেসে ক্যারিয়ারের নিকট অবশ্যই কটনের ডেলিভারি দিতে হবে।

62 “প্লেটেড বেইল” হলো এমন বেইল যেটিতে ভিন্ন ভিন্ন মানের কটনের লেয়ার বাইরের কমপক্ষে একদিক থেকে দেখা যায়।

63 “গন্তব্য পয়েন্ট” বলতে ঐ স্থান বোঝায় যেখানে প্রাপককে বা তার এজেন্টকে ডেলিভারি দেওয়া হয়েছে এবং যেখানে ক্যারিয়ারের দায়িত্ব শেষ হয়েছে।

64 “পয়েন্ট অব অরিজিন” বলতে ঠিক যে স্থানে ক্যারিয়ার বা তার এজেন্ট কটন গ্রহণ করেছে এবং যেখানে ক্যারিয়ারের দায়িত্ব শুরু হয়েছে।

65 “ত্বড়িৎ” বললে ১৪ দিনের (দুই সপ্তাহ) মধ্যে বোঝায়।

66 “শিপমেন্ট” বলতে বিক্রেতা বা তার এজেন্টের কাছ থেকে বায়ার, অথবা যে বিল অফ ল্যাডিং বা কম্বাইন্ড ট্রান্সপোর্ট দিতে পারবে এমন কোন ক্যারিয়ারের নিকট ডেলিভারির জন্য যে কোন পরিবহন ব্যবস্থায় কটন লোডিং বোঝায়।

67 “শিপারের লোড ও গণনা” বলতে বুঝায় শিপার কন্টেইনারের বস্তুর জন্য দায়ী।

68 “শিপিং” অথবা “শিপড্” বলতে শিপমেন্টের জন্য লোডিং বা লোডকৃত বোঝায়।

69 “শিপিং ডকুমেন্ট” বলতে চুক্তির অধীনে কটন কিভাবে শিপড্ হবে তা বোঝায়।

70 “স্প্রেড ট্রেড”। এটি একটি কটন ফিউচার্স স্প্রেড ট্রেড যা একসাথে দুটি বিপরীতমুখি পজিশনে করা হয় দুটি আলাদা মাসে। প্রতিটি ট্রেড করা মাসকে বলা হয একটি লেগ। স্প্রেডের একটি উদাহরণ, ক্রয় 5 মার্চ ফিউচার কন্ট্র্যাক্ট এবং বিক্রয় 5 মার্চ ফিউচার কনট্র্যাক্ট।

71 “ধর্মঘট, দাঙ্গা ও জনবিক্ষোভ বীমা” বলতে ইনস্টিটিউট ধর্মঘট অনুচ্ছেদ (কার্গো) বা ইনস্টিটিউট ধর্মঘট অনুচ্ছেদ (পণ্যদ্রব্য বাণিজ্য), বা অন্য প্রথম শ্রেণীর ইন্সুরেন্স মার্কেটের সমরূপ অনুচ্ছেদে বর্ণিত ঝুঁকির বিপরীতে ইন্সুরেন্স বা বীমা।

72 "সিন্থেটিক প্রাইস ফিউচার" হয় যখন আইস কটন ফিউচারগুলি "লক করা" থাকে দৈনিক সীমায়, একটি সিন্থেটিক প্রইস ফিউচার তৈরি হয়ে থাকে যখন একটি কল ও পুট অপশনে একসাথে কিন্তু বিপরীতমুখি ট্রেডিং হয় একই মেয়াদপূর্তি ও স্ট্রাইকিং দামে। একটি লং কল অপশন ও শর্ট পুট অপশন একটি কৃত্রিম লং ফিউচার দিয়ে থাকে, আর একটি শর্ট কল অপশন এবং একটি লং পুট অপশন একটি কৃত্রিম শর্ট ফিউচার দিয়ে থাকে।

73 "টেয়ার" বলতে কটন বেইল ঢাকার জন্য ব্যবহৃত র‍্যাপিং, ব্যান্ড, দড়ি বা তারের ওজন বোঝায়।

74 "টু হাউজ", "টু কন্টেইনার ইয়ার্ড" এবং "টু ডোর" বলতে ফ্রেইট বুকিংকারী ব্যক্তি কর্তৃক নির্বাচিত ওয়্যারহাউজ বা মিলে ডেলিভারি বোঝায়

75 "টু পিয়ার", "টু কন্টেইনার ফ্রেইট স্টেশন" ও "টু কন্টেইনার বেস" বলতে বোঝায় যে, ক্যারিয়ার গন্তব্যস্থলের বন্দরে তার ওয়্যারহাউজে, কন্টেইনার ফ্রেইট স্টেশনে বা কন্টেইনার বেসে আনলোড করবে।

76 "সাধারণ নিয়ন্ত্রণ সীমা" ও "ইউসিএল" বলতে একই কটন ব্যবহার হওয়া সত্ত্বেও বিভিন্ন যন্ত্রপাতি থেকে প্রত্যাশিত স্বাভাবিক ভিন্নতার জন্য হিসাবের রিডিং-এ অনুমোদিত ভিন্নতা বোঝায়।

77 "যুদ্ধ ঝুঁকি বীমা" বলতে ইনস্টিটিউট যুদ্ধ অনুচ্ছেদ (কার্গো) বা ইনস্টিটিউট যুদ্ধ অনুচ্ছেদ (পণ্যদ্রব্য বাণিজ্য), বা অন্য প্রথম শ্রেণীর ইন্সুরেন্স মার্কেটের সমরূপ অনুচ্ছেদে বর্ণিত ঝুঁকির বিপরীতে ইন্সুরেন্স বা বীমা।

# সাধারণ উপবিধিমালা

**উপবিধি ১০১**

এই উপবিধি ও বিধিমালা আমাদের উপবিধি ও বিধিমালার অধীনে চুক্তিকারী সকল পক্ষের উপর প্রযোজ্য হবে।

**উপবিধি ১০২**

১ যদি কোন চুক্তি আমাদের উপবিধি ও বিধিমালার অধীনে সম্পাদিত হয়:

- অত্র বইয়ের সকল উপবিধিমালা চুক্তিতে প্রযোজ্য হবে এবং বায়ার ও সেলার কোন সংশোধণ করতে পারবেন না; কিন্তু
- যে কোন ভিন্ন বিধিমালার ক্ষেত্রে বায়ার ও সেলার তাদের চুক্তিতে সম্মতি জ্ঞাপন করতে পারেন।

২ চুক্তির তারিখের পরে আমরা কোন উপবিধি পরিবর্তন করলে, বায়ার ও সেলার তাতে সম্মত না হলে সেই পরিবর্তন উক্ত চুক্তিতে প্রযোজ্য হবে না। এটি ৩নং ধারার সালিশী সময়সীমা, নোটিশ, ফি ও অন্যান্য কার্যপ্রণালী সংক্রান্ত উপবিধির ব্যতিক্রম। এরূপ ক্ষেত্রে, সালিশ বা আপিলের জন্য ব্যবহৃতব্য কার্যপ্রণালী হবে আবেদন করার সময় যেগুলো কার্যকর থাকবে।

৩ আমরা যখন বলব, তখন সকল অন্যান্য পরিবর্তন প্রযোজ্য হবে।

**উপবিধি ১০৩**

১ পরিচালকগণ সম্মত না হলে এই উপবিধিসমূহ অন্য কোন ভাষায় অনুবাদ করা যাবে না।

২ কোন অনুবাদ ও ইংরেজী ভাষার মধ্যে অর্থগত দিক থেকে কোন সন্দেহ বা মতপার্থক্য হলে, ইরেজী ভাষার উপবিধি ও বিধিমালা প্রযোজ্য হবে।

৩ এই বিধি বইয়ের কোন সংস্করণে কোন ভুলের জন্য আমরা দায়ী নই।

**উপবিধি ১০৪**

অত্র উপবিধি ও বিধিমালা দ্বারা প্রেসিডেন্টকে প্রদত্ত ক্ষমতা ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট, সেকেন্ড ভাইস প্রেসিডেন্ট এবং যে কোন ভারপ্রাপ্ত প্রেসিডেন্টকেও দেওয়া হয়েছে।

**উপবিধি ১০৫**

এই উপবিধি ও বিধিমালায়:

- কোন ঘটনার কোন নির্দিষ্ট সংখ্যক দিনের মধ্যে কোন কিছু করতে হলে, সেই দিনগুলোর সংখ্যায় ঘটনার দিনটি অন্তর্ভূক্ত করবে না। অনুমোদিত দিনগুলো অবিরাম চলতে থাকবে।
- বায়ার ও সেলার কোনরূপে সম্মত না হলে, এক কিলোগ্রাম সমান ২.২০৪৬ পাউন্ড ওজন।
- "সে", "তাকে" ও "তার" প্রয়োজনে পুরুষ ও স্ত্রীবাচক অর্থ দিবে।
- ব্যক্তিকে নির্দেশ করে শব্দগুলো প্রয়োজনে প্রতিষ্ঠানকে নির্দেশ করতে পারে।
- একবচন শব্দগুলো বহুবচন অন্তর্ভূক্ত করবে। বহুবচন শব্দগুলো একবচন অন্তর্ভূক্ত করবে।

- কার্যকাল হিসেবে সময় ২৪ ঘণ্টা ঘড়িতে উল্লেখ করা হয়েছে। সকল সময় ইউনিভার্সাল টাইমে (গ্রিনউইচ মিন টাইম) দেওয়া হয়েছে।

**উপবিধি ১০৬**

কোন সীমাবদ্ধতা ব্যতীত অত্র উপবিধি ও বিধিমালার অধীনে কোন চুক্তির সকল শর্তাবলীর ব্যাখ্যা সহ এই উপবিধি ও বিধিমালা অনুযায়ী পরিচালিত কোন সালিশ চলাকালে বিষয় ও আইন সম্পর্কে উত্থাপিত সকল প্রশ্নে ট্রাইবুলানের সদস্যগণ সিদ্ধান্ত প্রদান করবেন এবং তাদের সিদ্ধান্ত হবে কার্যকর ও চূড়ান্ত। আইসিএ সালিশের সিদ্ধান্ত থেকে উদ্ভূত কোন আইনী প্রশ্নে পক্ষসমূহ ১৯৯৬ সালের সালিশী আইনের ৬৯নং ধারার অধীনে ইংলিশ হাইকোর্টে আপিল করার অধিকার ত্যাগ করেছেন।

# চুক্তি

**উপবিধি ও বিধিমালার প্রয়োগ**

**উপবিধি ২০০**

আমাদের উপবিধি ও বিধিমালার অধীনে সম্পাদিত প্রতিটি চুক্তি ইংল্যান্ডে সম্পাদিত হয়েছে এবং ইংল্যান্ডের আইন দ্বারা নিয়ন্ত্রিত বলে গণ্য হবে।

**উপবিধি ২০১**

১ আমাদের উপবিধি ও বিধিমালার অধীনে সম্পাদিত বা একই কার্যকরী শব্দাবলী সম্পন্ন প্রতিটি চুক্তিতে উপবিধি ৩০২ ও ৩৩০ সাপেক্ষে নিম্নোক্ত অনুচ্ছেদগুলো প্রযোজ্য হবে:

- চুক্তিটি দি ইন্টারন্যাশনাল কটন এসোসিয়েশন লিমিটেড এর উপবিধি ও বিধিমালার একত্রীভূত করবে যেন চুক্তিতে সম্মতি জ্ঞাপনের সময় সেগুলো ছিল। এটি সালিশ সময়সীমা, নোটিশ, ফি ও অন্যান্য কার্যপ্রণালী আওতাভূক্ত করে ৩নং অনুচ্ছেদের এমন উপবিধিসমূহের ব্যতিক্রম। এরূপ ক্ষেত্রে সেগুলো হবে সালিশ বা আপিলের জন্য ব্যবহৃত কার্যপ্রণালী যা আবেদন করার সময় কার্যকর রয়েছে।

- যদি কোন চুক্তি বাস্তবায়ন না করা হয়, সেটি বাতিল বলে গণ্য হবে না। এটি চুক্তির তারিখে কার্যকর থাকা আমাদের বিধিমালার অধীনে চালান বিক্রেতার নিকট ফেরত দিয়ে সমাপ্ত করা হবে।

- চুক্তি সংক্রান্ত সকল বিরোধ দি ইন্টারন্যাশনাল কটন এসোসিয়েশন লিমিটেড এর উপবিধি অনুযায়ী সালিশের মাধ্যমে নিষ্পত্তি করা হবে। অত্র চুক্তিনামা সেই উপবিধিগুলো একত্রিভূত করেছে যেগুলো এসোসিয়েশনের সালিশী কার্যপ্রণালীতে বর্ণিত হয়েছে।

- যদি পক্ষগণ দি ইন্টারন্যাশনাল কটন এসোসিয়েশন লিমিটেডের কাছ থেকে কোন সালিশী সিদ্ধান্ত গ্রহণ না করে থাকে এবং এসোসিয়েশনের উপবিধি দ্বারা অনুমোদিত আপিলের সকল পদ্ধতি নিঃশেষিত না হওয়া পর্যন্ত কোন দাবীর জন্য জামানত গ্রহণ করা ব্যতীত কোন পক্ষই সালিশযোগ্য কোন বিরোধের জন্য আইনী পদক্ষেপ নিতে পারবে না।

"সকল বিরোধ" শব্দগুলো "কোয়ালিটি বিরোধ" বা "টেকনিক্যাল বিরোধ" এর সাথে পরিবর্তন করে পড়া যাবে। কিন্তু কোন কিছুতেই সম্মত না হলে, "সকল বিরোধ" শব্দগুলো প্রযোজ্য হবে।

২ উপবিধি ৩০২ ও ৩৩০ এর দিকে দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে যা পরিচালকদের সালিশ প্রত্যাখ্যানের অনুমতি দেয়, যদি চুক্তির তারিখের একদিন পূর্বে বিরোধ সৃষ্টি হলে, যে কোন পক্ষ উপবিধি ৩৬৬ অনুযায়ী অসম্পূর্ণ সিদ্ধান্তের আইসিএ তালিকায় নাম থাকা সাপেক্ষে।

৩ চুক্তিটি অকার্যকর বাতিল অথবা অসমাপ্ত হলেও উপবিধির প্রযোজ্য হবে।

**উপবিধি ২০২**

বায়ার ও সেলার অন্য কোনরূপে সম্মত না হলে, আমাদের উপবিধি ও বিধিমালার অধীনে সম্পাদিত চুক্তিতে নিম্নোক্ত প্রবিধানগুলো প্রযোজ্য হবে না।

- আন্তর্জাতিক বিক্রয় আইন (১৯৬৭) এর সমরূপ আইন; এবং

- পণ্যদ্রব্য আন্তর্জাতিকভাবে বিক্রয়ের জন্য চুক্তিতে ১৯৮০ ভিয়েনা কনভেনশন

## উপবিধি ২০৩

ইন্টারকন্টিনেন্টাল কটন এক্সচেঞ্জ ('আইসিই') –এর কটন ফিউচার্স কনট্র্যাক্ট আধারিত অন-কল বিক্রয়ের জন্য:

- বায়ারের কল কন্ট্র্যাক্টের জন্য, সেলারকে ফিলের পর যত দ্রুত সম্ভব জানাতে হবে কোনো ফিল করা ফিক্সেশন স্তর আছে কিনা এবং তার ফলে উদ্‌ভূত দামটি কী। সেলারের কল কনট্র্যাক্টের জন্য এই ভূমিকা উল্টে যাবে।
- ফিক্সেশন নিশ্চিতকরণে বর্ণিত নির্দিষ্ট কটনের অংশের উপর ফিক্সেশন লেভেল এবং চূড়ান্ত দাম উভয় পক্ষের জন্য মানা বাধ্যতামূলক হবে।
- দামের ফিক্সেশন করা যাবে ট্রেডিং ফিউচার দ্বারা, **অথবা** ক্যালেন্ডার স্প্রেড ট্রেড, অপশন কৌশল অথবা সিন্থেটিক থ্রু বিকল্পগুলি দ্বারা।

**বিশেষ ক্ষেত্রে চুক্তি সমাপ্তিকরণ**

**উপবিধি ২০৪**

১ যদি কোন বায়ার বা সেলার (অন্য কোন উপবিধি ও বিধিমালা দ্বারা আওতাভূক্ত না হওয়ার ক্ষেত্রে):

- তার ক্রেডিটরের সাথে কোন ব্যবস্থায় চুক্তিবদ্ধ হয় বা;
- তার ব্যবসা পরিচালনার জন্য কোন রিসিভার বা প্রশাসক নিযুক্ত থাকে; বা
- পিটিশনের মাধ্যমে কোন অবসায়নের জন্য বলা হলে' বা
- উপরোক্ত কোন একটি বিষয়ের অধীনে পড়তে পারে বলে প্রেসিডেন্ট সিদ্ধান্ত প্রদান করলে;

উভয় পক্ষ রায় ঘোষণার জন্য আবেদন করতে পারে এবং তাদের আবেদনের সাথে পূর্ণ লিখিত বর্ণনা সহ অপরপক্ষে ইতিমধ্যে প্রেরিত সমাপ্তকরণের লিখিত নোটিশ অবশ্যই প্রদান করতে হবে।

২ তখন প্রেসিডেন্ট সমাপ্তকরণের তারিখ এবং অন্য কোন অবশিষ্ট বকেয়া অর্থ সহ সেলারের নিকট ফেরত পাঠানো চালান চুক্তির মূল্য নির্ধারণের জন্য একজন যোগ্য আইসিএ সালিশকারী নিয়োগ দিবেন। উপযুক্ত আইসিএ সালিশকারী একটি রায় ঘোষণা প্রস্তত করবেন যা প্রেসিডেন্ট কর্তৃক অনুমোদিত ও স্বাক্ষরিত হতে পারে। রায় ঘোষণায় প্রেসিডেন্ট অনুমোদন ও স্বাক্ষর প্রদান করবেন কিনা প্রেসিডেন্টের একক সিদ্ধান্ত।

৩ যে পক্ষ প্রেসিডেন্ট কে ঐ ঘোষণাপত্র অনুমোদন ও স্বাক্ষরের আবেদন করেছে, সেই পক্ষ রায় ঘোষণা থেকে আইসিএ, যোগ্য আইসিএ সালিশকারী বা প্রেসিডেন্টের বিরুদ্ধে উদ্ভূত কোন দাবী (যে কোন উৎস থেকে হোক না কেন) বিষয়ে আইসিএ, যোগ্য আইসিএ সালিশকারী বা প্রেসিডেন্টকে ক্ষতিমুক্ত রেখে প্রেসিডেন্টের সাথে একটি চুক্তিনামা সম্পদান করবেন।

# অনুচ্ছেদ ২ :

# বিধিমালা

# অনুচ্ছেদ ২: বিধিমালা

## সূচীপত্র


| | পৃষ্ঠা নম্বর |
|---|---|
| শিপমেন্ট এবং বিল অফ ল্যাডিং | ১১ |
| ইন্সুরেন্স | ১২ |
| চালান ও পেমেন্ট | ১৪ |
| “অন কল” বিক্রয় | ১৫ |
| বেইল টেয়ার ও ওজন | ১৬ |
| ডেলিভারকৃত কটনের গুণগতমান | ১৭ |
| স্যাম্পলিং | ১৮ |
| দাবী | ১৯ |
| সময় সীমা বৃদ্ধিকরণ | ২১ |
| ইনস্ট্রুমেন্ট টেস্টিং | ২১ |
| মাইক্রোনেয়ার ও ছাড় | ২২ |
| স্ট্রেংথ/সহ্যশক্তি ও ছাড় | ২৫ |
| চুক্তি সমাপ্তিকরণ | ২৬ |

## বিধিমালা

**বিধিমালাসমূহ এই এসোসিয়েশনের বাধ্যতামূলক প্রবিধান নয় এবং পক্ষগণের পারস্পারিক সম্মতির মাধমে তা পরিবর্তন করা যাবে।**

## শিপমেন্ট এবং বিল অফ ল্যাডিং

### বিধি ২০০

একটি স্বাক্ষরিত বিল অফ ল্যাডিং হবে শিপমেন্ট তারিখের প্রমাণস্বরূপ।

### বিধি ২০১

১. সেলার/বিক্রেতাকে চুক্তিনামায় বর্ণিত সময়ের মধ্যে অবশ্যই একটি ইনভয়েস বা মার্কের পূর্ণ ও সঠিক বিস্তারিত তথ্য, জাহাজের নাম ও অন্যান্য তথ্যাবলী সম্পন্ন বিল অফ ল্যাডিং প্রদান করতে হবে। সেলার/বিক্রেতা এরূপ না করলে, বায়ার/ক্রেতা সেই বিল অফ ল্যাডিং ও ইনভয়েসের আওতায় পূর্ণ বা আংশিক চুক্তি বাতিল করে তা সেলার/বিক্রেতার নিকট ফেরত পাঠাতে পারেন, যেরূপ আমাদের বিধিমালায় বর্ণিত রয়েছে। বায়ার/ক্রেতাকে সেটি চুক্তিনামার উল্লেখিত ডেডলাইন ১৪ দিনের (দুই সপ্তাহ) মধ্যে করতে হবে। সেলার/বিক্রেতা ডেডলাইনের পর ইনভয়েস বা বিস্তারিত তথ্য প্রদান করলে এবং বায়ার/ক্রেতা চুক্তি বা সেটির কোন অংশ বাতিল করতে চাইলে, তাকে অবশ্যই তিন দিনের মধ্যে তা সেলার/বিক্রেতাকে অবগত করতে হবে।

২. চুক্তিতে কোন সময়সীমা না থাকলে এবং সেলার/বিক্রেতা বিল অফ ল্যাডিং এর তারিখের ২১ দিনের (তিন সপ্তাহ) মধ্যে ইনভয়েস বা বিস্তারিত তথ্য প্রদান না করলে, উপরোক্ত নিয়ম প্রযোজ্য হবে।

৩. শিপমেন্টের ওজনের গ্রহণযোগ্য ভিন্নতা সত্ত্বেও, শিপমেন্টের পরিমাণের পূর্ণ মূল্যের জন্য শিপিং নির্দেশনা ও লেটার অফ ক্রেডিট ইস্যু করতে হবে। (বিধি ২২০ দেখুন)

৪. লেটার অফ ক্রেডিট বিলম্বে খোলা হলে, বা চুক্তিনামা অনুযায়ী শিপমেন্ট না করা হলে, সেক্ষেত্রে উভয়পক্ষ শিপমেন্টের মেয়াদ বৃদ্ধি করতে সম্মত হতে পারে। পক্ষগণ শিপমেন্টের মেয়াদ বৃদ্ধি করতে সম্মত না হলে, বিধি ২৩৭ ও বিধি ২৩৮ প্রযোজ্য হবে।

৫. মার্কগুলোর সামান্য ভিন্নতা কোন বিষয় হবে না।

### বিধি ২০২

যদি বায়ার/ক্রেতা প্রমান করতে পারে যে, বিল অফ ল্যাডিং এর বর্ণিত তথ্যাদি সঠিক নয় বা চুক্তিনামার শর্তাবলী পূরণ করে না, তিনি বিষয়টি সালিশে নিতে পারেন। সালিশকারীগণ ঠিক করবেন যে, কোন ছাড় সহ বায়ার/ক্রেতা কটন গ্রহণ করবেন কিনা অথবা চুক্তি বাতিল করার কোন সুযোগ পাবেন কিনা। স্থলভাগে শিপমেন্টের জন্য, বায়ার/ক্রেতাকে অবশ্যই তথ্য প্রাপ্তির ৪২ দিনের (ছয় সপ্তাহ) মধ্যে সালিশের জন্য আবেদন করতে হবে। জলভাগে শিপমেন্টের জন্য, তাকে অবশ্যই তথ্য প্রাপ্তির ২৮ দিনের (চার সপ্তাহ) মধ্যে সালিশের জন্য আবেদন করতে হবে।

### বিধি ২০৩

উপবিধি ১০০ এর বর্ণনানুযায়ী যতদিন বিল অফ ল্যাডিং সঠিক ও যথাযথ থাকবে, উল্লেখিত জাহাজ থেকে কটন বা এর অংশবিশেষ অবরুদ্ধ থাকলে, চুক্তিটি সমাপ্ত হবে না। এটি শুধুমাত্র শিপমেন্টের চুক্তির জন্য প্রযোজ্য, সেইলিং বা ক্লিয়ারেন্সের চুক্তির জন্য নয়।

**বিধি ২০৪**

যুক্তরাষ্ট্রের বন্দর থেকে কন্টেইনারে আমেরিকান কটনের শিপমেন্টের চুক্তির বিষয়ে কোন মতবিরোধ থাকলে, সেটি আমাদের বিধি বইয়ের পরিশিষ্ট- বি এর মধ্যে বর্ণিত "কন্টেইনার ট্রেড রুলস" অনুযায়ী নিষ্পত্তি করতে হবে।

## ইন্সুরেন্স

**বিধি ২০৫**

যখন কোন বায়ার বা সেলার আমাদের উপবিধি ও বিধিমালার অধীনে সম্পাদিত কটন শিপমেন্টের উপর ইন্সুরেন্স করবে, ইন্সুরেন্সে অবশ্যই নিম্নোক্ত বিষয়াদি অন্তর্ভূক্ত হতে হবে:

- ইনস্টিউট কার্গো অনুচ্ছেদ (ক) বা ইনস্টিউট কমোডিটি ট্রেড অনুচ্ছেদ (ক) অনুযায়ী "মেরিন কার্গো ইন্সুরেন্স" ও "ট্রানজিট ইন্সুরেন্স";

- ইনস্টিউট যুদ্ধ অনুচ্ছেদ (কার্গো) বা ইনস্টিউট যুদ্ধ অনুচ্ছেদ (কমোডিটি ট্রেড) অনুযায়ী "যুদ্ধ ঝুঁকি ইন্সুরেন্স";

- ইনস্টিউট ধর্মঘট অনুচ্ছেদ (কার্গো) বা ইনস্টিউট ধর্মঘট অনুচ্ছেদ (কমোডিটি ট্রেড) অনুযায়ী "ধর্মঘট, দাঙ্গা ও জনবিক্ষোভ ইন্সুরেন্স",

এবং ১০% যোগ সহ শিপমেন্ট চালান মূল্য আওতাভূক্ত থাকবে।

**বিধি ২০৬**

পক্ষগণ অন্যরূপ সম্মতি জ্ঞাপন না করলে, বিধি ২০৮ (খ) এর মধ্যে বর্ণিত বাধ্যবাধকতা সাপেক্ষে কান্ট্রি ডেমেজের জন্য সেলার/বিক্রেতা দায়ী থাকবে।

**বিধি ২০৭**

মেরিন কার্গো ইন্সুরেন্স, ট্রানজিট ইন্সুরেন্স ও কান্ট্রি ডেমেজড ইন্সুরেন্সের প্রদান সেলার/বিক্রেতার দায়িত্ব হলে, চুক্তিতে নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হবে:

ক অবশ্যই একটি পলিসি ডকুমেন্ট বা ইন্সুরেন্স সার্টিফিকেট থাকতে হবে। এই ডকুমেন্ট বা ইন্সুরেন্স সার্টিফিকেট অবশ্যই শিপিং ডকুমেন্ট হিসেবে উপস্থাপন করতে হবে।

খ কটন আসার সময় তা কান্ট্রি ডেমেজড হলে, বায়ার ক্ষতিগ্রস্থ বেইল অবশ্যই আলাদা করবেন এবং ওজন বা মাল নামানোর, যেটি পরে হয় এর, সাত দিনের (এক সপ্তাহ) মধ্যে সেলারের বিরুদ্ধে দাবীনামা পেশ করতে হবে, এসত্ত্বেও বিল অফ ল্যাডিং এর মধ্যে বর্ণিত ডেলভারির স্থান বা পয়েন্টে পরিবহন পৌছানোর ৪২ দিনের (ছয় সপ্তাহ) মধ্যে এই দাবী করতে হবে।

পক্ষগণকে ছাড়ের বিষয়ে সম্মত করার চেষ্টা করতে হবে। তারা তা না পারলে, ক্ষতিগ্রস্থ কটন পরিদর্শনের জন্য লয়েডের এজেন্ট বা ইন্সুরেন্স কোম্পানী কর্তৃক স্বীকৃত কোন উপযুক্ত সাভেয়ার্র নিযুক্ত করতে হবে। প্রথমে সার্ভের খরচ বায়ারের বহন করতে হবে। সার্ভেতে কান্ট্রি ডেমেজের বিষয়টি নিশ্চিত হলে, সেলারের ইন্সুরেন্সকে পরিশোধ করার জন্য বলা হবে :

- বায়ারকে, সার্ভে রিপোর্ট অনুযায়ী বেইল থেকে সরিয়ে নেয়া কান্ট্রি ডেমেজ হওয়া কটনের মার্কেট ভেলুসহ কান্ট্রি ডেমেজ হওয়া কটন আলাদা করার সময়ে হওয়া যৌক্তিক খরচ।

- সার্ভের খরচ।

গ যদি ইন্সুরেন্স দাবী সংগ্রহের জন্য কোন চার্জ প্রযোজ্য হয় এবং তা বায়ার পরিশোধ করে, তাহলে সেলারকে তা অবশ্যই প্রত্যার্পন করতে হবে। সেলারের ইন্সুরেন্সে ক্ষতি যথাযথভাবে পূরণ না করলে, সেলারকে তা অবশ্যই পরিশোধ করতে হবে।

**বিধি ২০৮**

নিম্নোক্ত শর্তগুলো প্রযোজ্য হবে যেখানে বায়ার মেরিন কার্গো ইন্সুরেন্স অথবা ট্রানজিট ইন্সুরেন্স এবং সেলার কান্ট্রি ডেমেজের ইন্সুরেন্সের জন্য দায়ী থাকবে।

ক সুতরাং বায়ার ইন্সুরেন্সের ব্যবস্থা করবেন, সেলার অবশ্যই প্রত্যেক শিপমেন্টর প্রয়োজনীয় তথ্য বায়ারকে প্রদান করবেন।

খ কটন কান্ট্রি ডেমেজ হলে, বায়ার ক্ষতিগ্রস্থ বেইল অবশ্যই আলাদা করবেন এবং ওজন বা মাল নামানোর, যেটি পরে হয় এর, সাত দিনের (এক সপ্তাহ) মধ্যে সেলারের বিরুদ্ধে দাবীনামা পেশ করতে হবে, এসত্ত্বেও বিল অফ ল্যাডিং এর মধ্যে বর্ণিত ডেলভারির স্থান বা পয়েন্টে পরিবহন পৌছানোর ৪২ দিনের (ছয় সপ্তাহ) মধ্যে এই দাবী করতে হবে।

পক্ষগণকে ছাড়ের বিষয়ে সম্মত করার চেষ্টা করতে হবে। তারা তা না পারলে, ক্ষতিগ্রস্থ কটন পরিদর্শনের জন্য লয়েডের এজেন্ট বা ইন্সুরেন্স কোম্পানী কর্তৃক স্বীকৃত কোন উপযুক্ত সার্ভেয়র নিযুক্ত করতে হবে। প্রথমে সার্ভের খরচ বায়ারের হিসাবে হবে। যদি সার্ভেতে দেশে ক্ষতিগ্রস্থের বিষয়টি নিশ্চিত হয় এবং ক্ষতির পরিমাণ শিপমেন্টের মোট ওজনের ১.০% (এক শতাংশ) বেশী হয়, নূন্যতম ৫০০.০০ মার্কিন ডলারের দাবী সাপেক্ষে, সেলারের ইন্সুরেন্সকে তা পরিশোধ করার জন্য বলা হবে:

- সার্ভের রিপোর্টে বর্ণনা অনুযায়ী বেইল অপাসারিত থেকে কান্ট্রি ডেমেজ কটনের বাজার মূল্য সহ কান্ট্রি ডেমেজ কটনের আলাদা করার ফলে উদ্ভূত যৌক্তিক চার্জ বায়ারকে পরিশোধ করা।
- সার্ভের খরচ।

গ যদি ইন্সুরেন্স দাবী সংগ্রহের জন্য কোন চার্জ প্রযোজ্য হয় এবং তা বায়ার পরিশোধ করে, তাহলে সেলারকে তা অবশ্যই প্রত্যার্পন করতে হবে। সেলার ইন্সুরেন্সে ক্ষতি যথাযথভাবে পূরণ না হলে, সেলারকে তা অবশ্যই পরিশোধ করতে হবে।

**বিধি ২০৯**

১ নিম্নোক্ত কারণে যদি বায়ারকে অর্থ ব্যয় করতে হয়, তাহলে সেলার অবশ্যই বায়ারকে অতিরিক্ত চার্জ বা প্রিমিয়াম প্রর্ত্যার্পন করবেন:

- যদি মেরিন ইন্সুরেন্স বায়ারের দ্বায়িত্বে হয়;
- যদি ফ্রেইট বুকিংয়ে দ্বায়িত্ব সেলারের হয়;
- যদি বায়ার যা চেয়েছে সেটি ব্যতীত সেলার অন্য কোন জাহাজে ফ্রেইট বুক করে; এবং
- যখন বায়ার জাহাজের নাম জানতে পারেন, সেই সময় ইনস্টিটিউট অফ লন্ডন আন্ডাররাইটের ইনস্টিউট ক্লাসিফিকেশন অনুচ্ছেদের শর্তের অধীনে জাহাজের উপর অতিরিক্ত প্রিমিয়াম প্রযোজ্য হয়।

২ নিম্নোক্ত কারণে বায়ার সেলারকে অতিরিক্ত চার্জ প্রদান করবেন:

- যদি মেরিন ইন্সুরেন্স সেলারের দ্বায়িত্বে হয়;
- যদি ফ্রেইট বুকিংয়ের দ্বায়িত্ব বায়ারের হয়;
- যদি সেলার যা চেয়েছে সেটি ব্যতীত বায়ার অন্য কোন জাহাজে ফ্রেইট বুক করে; এবং
- যখন সেলার জাহাজের নাম জানতে পারেন, সেই সময় ইনস্টিটিউট অফ লন্ডন আন্ডাররাইটের ইনস্টিটিউট ক্লাসিফিকেশন অনুচ্ছেদের শর্তের অধীনে জাহাজের উপর অতিরিক্ত প্রিমিয়াম প্রযোজ্য হয়।

## চালান ও পেমেন্ট

### বিধি ২১০

যখন শিপমেন্ট পৌছাবে, পৌছানোর সময় অথবা বিল অফ ল্যাডিং বা শিপিং ডকুমেন্টের তারিখের ৪৯ দিনের (সাত সপ্তাহ) মধ্যে, যেটি আগে হয় এর মধ্যে, অবশ্যই পেমেন্ট করতে হবে।

চুক্তির শিপিং ডকুমেন্ট প্রথমবার উপস্থাপনের পর, পক্ষগণ অন্যরূপ সম্মত না হলে তিন কার্যদিবসের মধ্যে পেমেন্ট করতে হবে।

### বিধি ২১১

চুক্তির শর্তাবলী অনুযায়ী দাবীর জন্য দাবী তারিখের ২১ দিনের (তিন সপ্তাহ) মধ্যে দাবী পরিশোধ করতে হবে। পেমেন্টের জন্য দায়ী পক্ষ যদি তা না করে, সেক্ষেত্রে উভয় পক্ষের সম্মত হারে চূড়ান্ত অর্থের উপর তাদের সুদ প্রদান করতে হবে। যদি পক্ষগণ তাতে সম্মত না হয়, তাহলে এই উপবিধির অধীনে সালিশকারী কর্তৃক দাবী অর্থ ও সুদের হার নির্ধারিত হবে।

### বিধি ২১২

সমর্থনযোগ্য প্রমাণ থাকলে চালানের লেখা ভুলের জন্য দাবী গ্রহণযোগ্য হবে।

### বিধি ২১৩

চুক্তিতে বর্ণিত কটনের মূল্যে কোন ভ্যাট অন্তর্ভূক্ত থাকবে না, যদি না পক্ষগণ বলেন যে, এতে তা রয়েছে।

# “অন কল” বিক্রয়

**বিধি ২১৪**

১ বায়ারের কলে :

ক ইন্টারকন্টিনেন্টাল এক্সচেঞ্জ (‘আইসিই’) এর কটন ফিউচারস কনট্র্যাক্ট-এ সেলস কলের জন্য:

- অন কলে বিক্রিত কটনের চূড়ান্ত মূল্য বিক্রয় চুক্তিতে নির্দিষ্ট আইসিই কটন ফিউচারস চুক্তির মাসের উপর ভিত্তি করে নির্ধারিত হবে।
- বায়ার সেলারকে একটি বাস্তবায়নযোগ্য ফিক্সেশন/নির্ধারণ নির্দেশিকা লিখিতভাবে বা তাদের নিয়োজিত এজেন্টের মাধ্যমে অবগত করবেন।

পক্ষগণ অন্যরূপ সম্মত না হলে :

- বিক্রয় চুক্তিতে নির্দিষ্ট আইসিই কটন ফিউচারস চুক্তির প্রথম নোটিশ দিনের ৩ দিন আগের দুপুর ১২:০০ (ইস্টার্ন টাইম)-এর মধ্যে কটন নির্ধারণ করতে হবে।
- কোনো কারণে যদি বায়ার কটন নির্ধারণ করতে না পারে ফিক্সেশন ডেডলাইনের মধ্যে, তাহলে চুক্তির দাম নির্ধারণ করার অধিকার ও শক্তি দুটিই তাৎক্ষণাৎ অর্পিত হবে বায়ার থেকে সেলারের প্রতি এবং চূড়ান্ত দাম নির্ধারিত হবে সেলারের ট্রেড অ্যাট সেটেলমেন্ট (TAS)-এর ট্রেডিং দ্বারা, চুক্তিতে বর্ণিত ফিউচারস কন্ট্র্যাক্টের সেশনের শেষে এবং এই ফিক্সেশন উভয় পক্ষের ক্ষেত্রেই বাধ্যতামূলক হবে।

খ প্রথম নোটিশ দিনের সাথে সম্পর্কযুক্ত নয় এমন ফিক্সেশন ডেডলাইনের জন্য:

- কোনো কারণে যদি বায়ার কটন নির্ধারণ করতে না পারে ফিক্সেশন ডেডলাইনের মধ্যে, যেমন চুক্তিতে বলা হয়েছে, তাহলে চুক্তির দাম নির্ধারণ করার অধিকার ও শক্তি দুটিই তাৎক্ষণাৎ অর্পিত হবে বায়ার থেকে সেলারের প্রতি এবং এই ফিক্সেশন উভয় পক্ষের ক্ষেত্রেই বাধ্যতামূলক হবে।

গ আইসিই কটন ফিউচারস চুক্তি ব্যতীত অন্য কোনো অন কলে রেফারেন্স করা পণ্য বিক্রয়ের জন্য:

- অন কলে বিক্রিত কটনের চূড়ান্ত মূল্য বিক্রয় চুক্তিতে সুনির্দিষ্ট পণ্যের কোটেশনের উপর ভিত্তি করে নির্ধারিত হবে।
- বায়ার সেলারকে একটি বাস্তবায়নযোগ্য ফিক্সেশন/নির্ধারণ নির্দেশিকা লিখিতভাবে বা তাদের নিয়োজিত এজেন্টের মাধ্যমে অবগত করবেন। সেলার জমাকৃত ফিক্সেশন ও ফলস্বরূপ নির্ধারিত মূল্য বায়রাকে অবগত করবেন ফিলের পর যত দ্রুত সম্ভব।

পক্ষগণ অন্যরূপ সম্মত না হলে :

- পণ্যের মেয়াদ উত্তির্ণের পূর্বে কটন অবশ্যই নির্ধারণ করতে হবে।
- পণ্যের মেয়াদ উত্তীর্ণের পূর্বে কটন নির্ধারিত না হলে, পণ্যের সর্বশেষ প্রকাশিত কোটেশনের উপর ভিত্তি করে ফিক্সেশন হবে, বা মেয়াদ উত্তির্ণের তারিখ না থাকলে, শিপমেন্ট/ডেলিভারির তারিখে হবে।

২ সেলারের কলে, বায়ার ও সেলারের ভূমিকা উল্টে যাবে।

## বেইল টেয়ার ও ওজন

**বিধি ২১৫**

১ সেলার অন্যরূপ ঘোষণা ও গ্যারান্টি না দিলে, সকল কটন প্রকৃত টেয়ারে বিক্রয় করতে হবে।

২ বায়ার জোর করতে পারেন যে, ডেলিভারির সময় প্রকৃত টেয়ার নির্ধারণ করা হবে। কটন পৌঁছানোর তারিখের ২৮ দিনের (চার সপ্তাহ) মধ্যে প্রকৃত টেয়ার অবশ্যই পরিমাপ করতে হবে এবং সেলারের প্রতিনিধিদের তত্ত্বাবধানে বায়ার সেটি সম্পন্ন করবেন। তখন এটাই হবে ওজনে সমন্বয় করার জন্যে টেয়ারের পরিমাপ।

৩ যদি বায়ার জোর করেন যে, পৌছানোর পর টেয়ার করা হবে এবং তা যদি চুক্তি বা চালানের ছাড়ের চেয়ে বেশী নয় বলে প্রমাণিত হয়, বায়ায় টেয়ারিং এর খরচ বহন করবেন, অন্যথায় সেলারকে অবশ্যই এসকল খরচাদি পরিশোধ করতে হবে।

**বিধি ২১৬**

১ প্রকৃত টেয়ার হিসাব করার জন্য, কোন একটি লটের প্রত্যেক ধরণের টেয়ারের কমপক্ষে ৫টি বেইল অথবা কমপক্ষে ৫% বেইল (যেটি বেশি) অবশ্যই পরীক্ষা করতে হবে।

২ লট বা মার্ক গঠনকারী প্রতিটি ভিন্ন ভিন্ন টেয়ারের মোড়ক, ব্যান্ড দড়ি বা তারের গড় ওজন নিশ্চিত করার মাধ্যমে এবং শিপমেন্টের মোট বেইল সংখ্যা দ্বারা প্রতিটি ধরণের টেয়ারের গড় ওজন গুণ করে প্রকৃত টেয়ার নির্ণয় করতে হবে।

৩ মেরামতকৃত বেইল অবশ্যই আলাদাভাবে টেয়ার করতে হবে।

**বিধি ২১৭**

অন্যরূপ সম্মতি জ্ঞাপন না করলে, সকল কটন অবশ্যই বেইল ভিত্তিকরূপে “মোট ওজন” পরিমাপ করতে হবে। টেয়ারের পরিমাপ মোট ওয়েট থেকে বিয়োগ করতে হবে।

**বিধি ২১৮**

১ স্যাম্পলিং এর পূর্বে এবং শিপমেন্টের পর ২৪ দিনের (চার সপ্তাহ) মধ্যে বায়ার ও সেলারের মধ্যে সম্মতিকৃত অন্য যে কোন মেয়াদের মধ্যে একটি স্বতন্ত্র ওজনকারী সংস্থা অথবা বায়ার ও সেলারের মধ্যে লিখিতভাবে নির্ধারিত অন্য কোন সংস্থা দ্বারা গ্রোস শিপিং ওজন নির্ধারণ করতে হবে।

২ **গ্রোস ল্যান্ডিং ওজন-** সকল কটন ডেলিভারির পয়েন্টে বা বায়ার ও সেলার কর্তৃক নির্ধারিত অন্য কোন স্থানে কটন পৌছানোর তারিখ থেকে ২৮ দিনের (চার সপ্তাহ) মধ্যে সেলারের প্রতিনিধিদের তত্ত্বধানে (সেলারের খরচে), বায়ার কর্তৃক (বায়ারের খরচে) ওজন করতে হবে। যদি কটন ইতিমধ্যে স্যাম্পলিং হয়ে যায়, স্যাম্পল গ্রহণের জন্য অবশ্যই ওজন ছাড় প্রদান করতে হবে।

৩ ওজনকরণ তত্ত্বধান করতে বায়ার ও সেলার তাদের নিজ খরচে প্রতিনিধি নিয়োগ করতে পারবেন। যে পক্ষ ওজন করার ব্যবস্থা করবে, সে পক্ষ অপরপক্ষের প্রতিনিধির উপস্থিতির জন্য যৌক্তিক সময়ে কোথায় ও কখন ওজন করা হবে তা অপরপক্ষকে অবহিত করবেন।

**বিধি ২১৯**

১ যে সকল বেইল বাতিল, শর্ট ল্যান্ডেড, খুলে যাওয়া, সেগুলোর ওজন ল্যান্ডকৃত ওজনের গড় গ্রোস ওজন অনুযায়ী হিসাব করা হবে। যদি ২৫% এর কম ভালো অবস্থায় থাকে, সেই বেইলগুলোর ওজন গড় চালান ওজন অনুযায়ী হিসাব করা হবে।

২ যেখানে চুক্তি নির্দিষ্ট করে দেবে বেলগুলির নম্বর এবং বেলগুলি ভুলভাবে মার্ক করা হয় বা মার্ক না করা হয়, তাহলে এই বেলগুলির ওজন আলাদাভাবে প্রদর্শন করা হয়। যদি চুক্তিতে নির্দিষ্ট করা গুণগতমানের চেয়ে সরবরাহকৃত কটনের গুমগতমান কম হয়, তাহলে বায়ার ICA গুণগতমান সালিশ নিষ্পত্তি নিয়মবিধি অনুযায়ী দাবী জানাতে পারে।

৩ কটন পৌছানোর তারিখের ২৮ দিনের (চার সপ্তাহ) মধ্যে যদি বায়ার মোট শিপমেন্টের ওজন না করে, ওজন না করা বেইলগুলো ওজনকৃত বেইলের গড় গ্রোস ওজন অনুযায়ী হিসাব করা হবে, যেখানে কমপক্ষে ৯০% লট ওজন করা হয়েছে। যদি ৯০% এর চেয়ে কম ওজন করা হয়, ওজন না করা বেইলগুলোর ওজন গড় চালান ওজন অনুযায়ী হিসাব করা হবে।

৪ কন্টেইনারের মাধ্যমে শিপমেন্ট করা হলে এবং সকল কন্টেইনার একটি জাহাজে লোড করা হলে, মোট সংখ্যক ডেলিভারিকৃত বেইলের উপর অত্র বিধির পরিচ্ছেদ (১) অনুযায়ী ২৫% প্রযোজ্য হবে।

৫ কন্টেইনারের মাধ্যমে শিপমেন্ট করা হলে, প্রত্যেক বিল অফ লেডিং-এ ডেলিভারিকৃত বেইলের সংখ্যার উপর অত্র বিধির পরিচ্ছেদ (১) অনুযায়ী ২৫% প্রযোজ্য হবে।

**বিধি ২২০**

বিভিন্ন শিপমেন্ট/ডেলিভারি মেয়াদে যখন সুনির্দিষ্ট পরিমাণের শিপমেন্ট বা ডেলিভারির জন্য চুক্তি করা হয়, প্রত্যেক শিপমেন্ট/ডেলিভারি অনুমোদিত ভেরিয়েশন/ভিন্নতার মধ্যে পড়বে। একাধিক পরিবহনের মাধ্যমে শিপমেন্ট হলে বা আসলেও, প্রতি মাসের শিপমেন্ট/ডেলিভারি একটি ওজন বিবরণী গঠন করতে হবে। ওজনে যে কোন ভিন্নতার প্রমাণ অবশ্যই কটন পৌছানোর তারিখের ৪৯ দিনের (সাত সপ্তাহ) মধ্যে অপরপক্ষের নিকট প্রেরণ করতে হবে। ওজনে ভিন্নতার জন্য ক্ষতিপূরণ সাধারণত চালান মূল্যের উপর ভিত্তি করে নির্ধারিত হবে। তবে, ভিন্নতা, চুক্তিতে অনুমোদিত পরিমাণের চেয়ে বেশী হলে, তখন কটন পৌছানোর তারিখে কটনের বাজার মূল্যের উপর ভিত্তি করে, ভিন্নতার পরিমাণের উপর বাজার পার্থক্যের জন্য বায়ার ক্ষতিপূরণ দাবী করতে পারে। যদি চুক্তিতে কোন অনুমোদিত ভিন্নতা না উল্লেখ থাকে, অনুমোদিত ভিন্নতা হবে ৩%।

## ডেলিভারকৃত কটনের গুণগতমান

**বিধি ২২১**

যদি চুক্তিতে ‘গড়’ উল্লেখ করা না থাকে, তখন কটন-কে অবশ্যই চুক্তিকৃত মানের সমান বা তার চেয়ে ভাল হতে হবে।

**বিধি ২২২**

১ বায়ার ও সেলার–এর উচিত চুক্তিতে বলা যে, ডেলিভারকৃত কটনের গ্রেড, দৈর্ঘ্য, মাইক্রোনেয়ার, স্ট্রেন্থ ও ফাইবারের অন্যান্য বৈশিষ্ট্য কি হবে। কীরূপ ছাড়, পার্থক্য, সীমা থাকবে এবং সেগুলো কিভাবে ও কোথায় প্রযোজ্য হবে, বিরোধের ক্ষেত্রে বৈশিষ্ট্য প্রমাণ করতে কী ধরণের কাগজাদি ব্যবহার করতে হবে- এগুলো চুক্তিতে থাকতে পারে।

২ যদি বায়ার ও সেলার কোন দাবীর ক্ষেত্রে বিষয়ে সম্মত না হয়, সেই বিরোধ আমাদের উপবিধির অধীনে সালিশের মাধ্যমে নিষ্পত্তি করতে হবে।

৩ বায়ার ও সেলার-এর চুক্তিতে বলা উচিত যে সালিশ নিষ্পত্তির ভিত্তি কী হবে, হাতে করে শ্রেনিবিভাগ নাকি যন্ত্র দ্বারা পরিমাপ করা। যদি পক্ষগণ তাদের চুক্তিতে এই শর্তটি লিখতে ব্যর্থ হন, অথবা শ্রেনিবিভাগের বা সালিশ নিষ্পত্তির পদ্ধতি বিষয়ে একমত না হতে পারেন, তবে উপবিধি ৩৩৯ প্রযোজ্য হবে।

## স্যাম্পলিং

**বিধি ২২৩**

১ চুড়ান্ত ডেলিভারি পয়েন্ট বা বায়ার ও সেলার কর্তৃক নির্ধারিত অন্য কোন স্থানে স্যাম্পলিং হতে হবে। বায়ার ও সেলারের প্রতিনিধিগণ অবশ্যই স্যাম্পলিং তত্ত্বাবধান করবেন।

2 বায়ারকে লিখিতভাবে সেলারকে জানাতে হবে যেকোনো গুণগতমান সম্বন্ধীয় ক্লেইম, সরবরাহের পয়েন্টে কটন পৌঁছানোর 28 দিনের মধ্যে (4 সপ্তাহ)। পক্ষগুলিকে লিখিতভাবে তাদের স্যাম্পলিং তত্ত্বাবধানকারী প্রতিনিধিদের নাম জানাতে হবে, যে কোনো ক্লেইমের ক্ষেত্রে লিখিত বিজ্ঞপ্তি পাওয়ার 14 দিন (2 সপ্তাহ)-এর মধ্যে। প্রাথমিকভাবে প্রতিটি পক্ষকে তাদের মনোনীত প্রতিনিধিদের খরচ যোগাতে হবে।

3 যদি উভয় পক্ষই তাদের প্রতিনিধিদের মনোনীত করতে ব্যর্থ হয় 14 দিন (2 সপ্তাহ)-এর সময়সীমার মধ্যে, এবং তারা অপরের ক্লেইমের উত্তর দেয়, তবে অপর পক্ষ একজন আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন নিয়ন্ত্রক দ্বারা স্যাম্পলিং করাতে পারবে।

4 যে কোনো ম্যানুয়াল বা যন্ত্র দ্বারা পরীক্ষা করা গুণগতমানের সালিশ নিষ্পত্তির ক্ষেত্রে ব্যবহার করা স্যাম্পেলগুলি যে কোনো ক্লেইমের ক্ষেত্রে লিখিত বিজ্ঞপ্তি পাওয়ার 28 দিন (4 সপ্তাহ) –এর মধ্যে নিতে হবে।

5 উপবিধি 337 নির্দিষ্ট করে গুণগতমানের সালিশ নিষ্পত্তি শুরু করার সময়সীমার যেবং পদ্ধতি।

**বিধি ২২৪**

১ কটনের বেইল থেকে একটি স্যাম্পলের ওজন হবে প্রায় ১৫০ গ্রাম। যদি না পক্ষগুলি অন্য ভাবে সম্মত হয়, গৃহীত স্যাম্পেলগুলিকে সিল করা উচিত বায়ার এবং/অথবা সেলারের প্রতিনিধিদের।

২ ম্যানুয়াল ক্লাসিফিকেশন দাবী, যন্ত্র দ্বারা শ্রেণিবিভাগের দাবী এবং/বা সালিশের জন্য, অন্যরূপে সম্মত না হলে কটন ১০% স্যাম্পেল করতে হবে। সেলারের বাণিজ্যিক চালানের বর্ণনা অনুসারে প্রত্যেক লট বা মার্ক থেকে ১০% রিপ্রেজেন্টেটিভ স্যাম্পলের ভিত্তিতে অন্যান্য কটনগুলো শুধু স্যাম্পল করতে হবে।

৩ লটের অংশ ও/বা শিপমেন্ট থেকে স্যাম্পল তোলা যাবে। তবে, স্যাম্পলিং এর সময় শুধুমাত্র প্রাপ্ত বেইলের সংখ্যার উপর দাবী করা যাবে।

৪ ইন্স্ট্রুমেন্ট টেস্টিং এর জন্য, ইন্স্ট্রুমেন্ট টেস্টিং এর আবেদনকারীর পক্ষ কর্তৃক নির্ধারিত বেইলের উপর দাবী ও/বা সালিশ করা যাবে। সালিশের জন্য, দাবীকৃত বেইলের ১০০% অবশ্যই স্যাম্পল করতে হবে।

৫ যদি বায়ার বা সেলার বিশ্বাস করে যে, কটন বা কটন ওয়েস্ট ভূয়া প্যাককৃত, মিশ্রিত প্যাককৃত বা প্লেটেড বেইলে, প্রতিটি বেইল অবশ্যই স্যাম্পল করতে হবে এবং বেইলের প্রত্যেক পার্শ্ব থেকে স্যাম্পল নিতে হবে।

৬ উপবিধি 337 থেকে 341 নির্দিষ্ট করে বলে ম্যানুয়াল গুণগতমান এবং যন্ত্র দ্বারা পরীক্ষিত সলিশের সময়সীমা এবং পদ্ধতিগুলি।

**বিধি ২২৫**

সেলারের অনুমতি ব্যতীত বায়ার ওজন করার পূর্বে বেইলের স্যাম্পল করতে পারবেন না।

**বিধি ২২৬**

যদি সেলার স্যাম্পলের একটি সেট নেয় চালান জারী করা পরে, তাকে অবশ্যই কটনের চুক্তি মূল্যে অর্থ পরিশোধ করতে হবে। যদি বায়ার চালান জারী করার আগে এক সেট স্যাম্পেল নেয়, তবে তাদেরকে সেটি কটনের চুক্তি মূল্যে অর্থ পরিশোধ করতে হবে।

## দাবী

**জাল প্যাককৃত, মিশ্রিত প্যাককৃত বেইল এবং ভিন্ন বস্তু থাকা বেইল**

**বিধি ২২৭**

১ জাল প্যাককৃত, মিশ্রিত প্যাককৃত বা প্লেটেড বেইলের জন্য কটন পৌছানোর ছয় মাসের (২৬ সপ্তাহ) মধ্যে বায়ারকে দাবী পেশ করতে হবে। দাবী করার পর ২৮ দিনের জন্য পরিদর্শনের লক্ষ্যে বেইলগুলো অবশ্যই পরিদর্শনের উদ্দেশ্যে পৃথক করতে হবে এবং বিশেষজ্ঞ দ্বারা পরিদর্শন করাতে হবে। দাবী করার ১৪ দিনের (দুই সপ্তাহ) মধ্যে যদি সেলার বায়ারকে বলেন যে, তিনি কটন ফেরত নিতে ইচ্ছুক, তবে তা করার তার অধিকার রয়েছে। বায়ার কটনের জন্য ইতিমধ্যে পেমেন্ট করে থাকলে, দাবী প্রমাণের তারিখে ভালো কটনের বাজার মূল্যে সেলারকে তা পুনরায় ক্রয় করতে হবে এবং বায়ারের প্রমাণিত খরচ পরিশোধ করতে হবে।

২ সেলার কটন ফেরত না নিলে, সেলারকে প্রদত্ত দাবী প্রমাণের তারিখে ভালো কটনের বাজার মূল্যে দাবীটি নিষ্পত্তি করতে হবে। সেলারকে বায়ারের প্রমাণিত খরচও পরিশোধ করতে হবে।

৩ কটন পৌছানোর ছয় মাসের (২৬ সপ্তাহ) মধ্যে বায়ারকে বাণিজ্যের অযোগ্য কটনের জন্য দাবী করতে হবে। দাবী করার পর ২৮ দিনের জন্য পরিদর্শনের লক্ষ্যে বেইলগুলো অবশ্যই পরিদর্শনের উদ্দ্যশ্যে পৃথক করতে হবে এবং বিশেষজ্ঞ দ্বারা পরিদর্শন করাতে হবে। বেইল খোলা এবং বাণিজ্যের অযোগ্য কটনের মধ্য থেকে বাণিজ্যের যোগ্য কটন আলাদা করার জন্য বায়ার সেলার এর কাছ থেকে যৌক্তিক ও প্রমাণিত খরচ দাবী করতে পারবেন। বায়ার বেইল থেকে অপসারিত বাণিজ্যের অযোগ্য কটনের মূল্যও দাবী করতে পারবেন। সেলারের নিকট প্রমাণিত দাবীর তারিখে বাণিজ্যের যোগ্য কটনের বাজার মূল্যের উপর ভিত্তি করে মূল্য নির্ধারিত হবে।

৪ ভিন্ন বস্তুযুক্ত কটন পৌছানোর ছয় মাসের (২৬ সপ্তাহ) মধ্যে বায়ারকে কটনের মধ্যে ভিন্ন বস্তুর জন্য দাবী করতে হবে। দাবীর করার পর ২৮ দিনের জন্য পরিদর্শনের লক্ষ্যে বেইলগুলো অবশ্যই আলাদা করতে হবে এবং বিশেষজ্ঞ দ্বারা পরিদর্শন করাতে হবে। ভিন্ন বস্তু অপসারের জন্য বায়ার সেলারের কাছ থেকে যৌক্তিক ও প্রমাণিত খরচ দাবী করতে পারবেন।

**বিধি ২২৮**

বিধি ২০৭ বা বিধি ২০৮ এর বর্ণনা অনুসারে কান্ট্রি ড্যামেজ এর যে কোন দাবীর জন্য বায়ার অবশ্যই নোটিশ প্রদান করবেন এবং দাবী নোটিশের ১৪ দিনের (দুই সপ্তাহ) মধ্যে অথবা কটন পৌছানোর ৫৬ দিনের (আট সপ্তাহ) মধ্যে, যেটি আগে হয়, তার মধ্যে সার্ভে সম্পন্ন করতে হবে।

**বিধি ২২৯**

অভ্যন্তরীণ আর্দ্রতা পরীক্ষার জন্য বেইল স্যাম্পলিং এর সময় নিম্নোক্ত বিষয়াদি প্রযোজ্য হবে।

- স্যাম্পলিং এর জন্য প্রত্যেক বেইল থেকে কমপক্ষে ২৫০ গ্রাম স্যাম্পল নিতে হবে। যে পক্ষ টেস্ট করতে চেয়েছে তার প্রতিনিধি অপরপক্ষের প্রতিনিধির উপস্থিতিতে (যদি কাউকে নিয়োগ করে) স্যাম্পল নিবেন। ওজন করার সময় এই স্যাম্পল নিতে হবে।
- প্রত্যেক লটের ৫% বেইল (যা তিন বেইলের চেয়ে কম নয়) থেকে রিপ্রেজেন্টেটিভ স্যাম্পল নিতে হবে। এই বেইলগুলো র‍্যান্ডম্লি নির্বাচন করতে হবে। বেইলের ভিতরে প্রায় ৪০ সেন্টিমিটার গভীর থেকে প্রত্যেক বেইলের কমপক্ষে দুটি ভিন্ন অংশ থেকে স্যাম্পল নিতে হবে। এই স্যাম্পলগুলো তৎক্ষণাৎ শুকনো, অভেদ্যভাবে সীলকৃত কন্টেইনারে রাখতে হবে এবং স্যাম্পলগুলোর বেইলের পরিচয় প্রদর্শন করে লেবেল লাগাতে হবে।
- স্যাম্পলগুলো উভয়পক্ষের নিকট গ্রহণযোগ্য টেস্টিং ল্যাবরেটরীতে তৎক্ষণাৎ প্রেরণ করতে হবে।

**বিধি ২৩০**

১ বায়ারকে অবশ্যই কটন পৌছানার তারিখ থেকে

- ৪২ দিনের (ছয় সপ্তাহ) মধ্যে অভ্যন্তরীণ আর্দ্রতার জন্য কোন দাবীর নোটিশ দিতে হবে; এবং

- উভয়পক্ষের নিকট গ্রহণযোগ্য ল্যাবরেটরির রিপোর্ট এবং ৬৩ দিনের (নয় সপ্তাহ) মধ্যে চূড়ান্ত দাবী পেশ করতে হবে।

২ বায়ারকে প্রদত্ত ছাড় নির্ধারিত হবে ল্যাবরেটরি রিপোর্টের উপর ভিত্তি করে।

- লটের সম্পূর্ণ শুষ্ক ফাইবারের ওজন সহ চুক্তিতে বর্ণিত আর্দ্রতা পুনরায় ফিরে আসার শতকরা; এবং
- লটের মোট ওজনের

মধ্যকার পার্থক্যটি হবে ছাড়।
চালান মূল্যের উপর নির্ভর করেও ছাড় নির্ধারিত হবে।

**বিধি ২৩১**

দাবীকারী ও আর্দ্রতা পরীক্ষার জন্য নির্বাচিত পক্ষকে স্যাম্পলিং খরচ ও সকল সংশ্লিষ্ট চার্জ পরিশোধ করতে হবে। দাবী প্রমাণিত হলে, স্যাম্পলিং, কুরিয়ার ও ল্যাবরেটরি চার্জ অপরপক্ষ প্রত্যার্পন করবে।

## সময় সীমা বৃদ্ধিকরণ

বিধি ২৩২

বিধি ২১৮, ২২০, ২২৭, ২২৮ বা ২৩০ এর মধ্যে বিধৃত সময়সীমা পরিচালকগণ যে কোন সময় বৃদ্ধি করতে পারেন, তবে যদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রমাণিত অন্যায় এবং কারণ প্রদর্শন করতে পারে যে:

- বিলম্বের বিষয়টি যৌক্তিকভাবে অনুমাণ করা যায়নি; অথবা
- অন্য প্রতিষ্ঠানের ব্যবহারের কারণে

আমাদের নিকট আবেদনগুলো লিখিতভাবে পেশ করতে হবে। পরিচালকগণ সিদ্ধান্ত গ্রহণের পূর্বে অন্যান্য প্রতিষ্ঠানের মতামত বিবেচনায় নিবেন।

## ইন্সট্রুমেন্ট টেস্টিং

**বিধি ২৩৩**

ইন্সট্রুমেন্ট দ্বারা মূল কটন স্যাম্পল টেস্টিং এর বিষয়ে সকল বিরোধে এই বিধি প্রযোজ্য হবে।

১ যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগ ও আন্তর্জাতিক স্বাক্ষরকারীদের মাঝে সম্পাদিত ইউনিভার্সাল কটন স্ট্যান্ডার্ড এগ্রিমেন্ট এর সর্বশেষ সংস্করণের তালিকায় বর্ণিত অনুমোদিত কাজ ও কার্যপ্রণালী অনুযায়ী অধিক পরিমাণে ইন্সট্রুমেন্ট টেস্টিং বা ক্লাসিফিকেশন করতে হবে।

২ বিধি ২২৩ অনুযায়ী ম্যানুয়াল সালিশের জন্য সিলকৃত স্যাম্পল ইতিমধ্যে নেওয়া হলে, সেই স্যাম্পল টেস্টের জন্য ব্যবহার করা যাবে। উল্লেখ্য যে, সেগুলো পুনরায় সীল করতে হবে।

৩ প্রথম সেটের টেস্ট ICA ব্রেমেন ল্যাবোরেটরিতে অথবা যে কোনো ICA ব্রেমেন ল্যাবোরেটরি দ্বারা শংসিত ল্যাবোরেটরিতে বায়ার ও সেলারের নিকট গ্রহণযোগ্য ল্যাবরেটরিতে করতে হবে।

কোন ঐক্যমত না থাকলে, উভয় পক্ষ এই অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্টকে অনুরোধ কতে পারবে যাতে তিনি প্রথম পরীক্ষার জন্য একটি ল্যাবোরেটরি নির্দিষ্ট করে দেন। শংসিত ল্যাবোরেটরির একটি তালিকা ICA ওয়েবসাইটে পাওয়া যাবে।

৪ প্রথম টেস্ট করার ল্যাবরেটরি অনুমোদিত ব্যক্তি কর্তৃক স্বাক্ষরিত এবং/বা সীলকৃত টেস্ট রিপোর্ট ইস্যু করবে। টেস্ট রিপোর্টে টেস্টের ফলাফল প্রদর্শন করবে। স্যাম্পলগুলো ল্যাবরেটরি পুনরায় সীল করবে এবং ৩৫ দিনের (পাঁচ সপ্তাহ) জন্য সংরক্ষণ করবে, যদি সার্টিফাইড ল্যাবরেটরিতে দ্বিতীয় টেস্টের জন্য বলা হয়।

৫ যে কোন পক্ষ প্রথম ফলাফল প্রেরণের ২১ দিনের (তিন সপ্তাহ) মধ্যে দ্বিতীয় টেস্টের জন্য আবেদন করতে পারে। কোন আবেদন করা না হলে, টেস্ট রিপোর্টের তথ্য হবে চূড়ান্ত।

৬ দ্বিতীয় টেস্টের জন্য কোন আবেদন প্রথম টেস্টের বেইলের মোট সংখ্যার উপর প্রযোজ্য হবে। দ্বিতীয় টেস্টটি ICA ব্রেমেন ল্যাবোরেটরিতে করতে হবে। যদি প্রথম টেস্টটি ICA ব্রেমেন ল্যাবোরেটরিতে হয়ে থাকে, তবে দ্বিতীয় টেস্টের সময় অন্য একজন অপারেটর নেওয়া হবে। মূল পুনঃসিলকৃত স্যাম্পল থেকে নেওয়া কটনের স্যাম্পলের টেষ্ট করতে হবে। দ্বিতীয় টেস্টের জন্য আবদেনকারী পক্ষ দ্বিতীয় টেস্টের জন্য পুনঃসিলকৃত স্যাম্পল প্রেরণের খরচ বহন করবে যা পাঠাতে হবে ICA ব্রেমেন ল্যাবোরেটরিতে।

৭ ল্যাবরেটরি অনুমোদিত ব্যক্তি কর্তৃক স্বাক্ষরিত এবং/বা সীলকৃত টেস্ট রিপোর্ট ইস্যু করবে।

৮ আবেদনকৃত ছাড় বা ফলাফলের ব্যাখ্যার বিষয়ে পক্ষগণ কোন ঐকমত্যে পৌছতে না পারলে, উভয় পক্ষ কর্তৃক তাদের পক্ষে সালিশকারী নিয়োগ করা যেতে পারে।

৯ ল্যাবরেটরি টেস্টের মাধ্যমে নির্ধারিত ফাইবারের বৈশিষ্ট্য কত পরিমাণ গ্রহণযোগ্য ভিন্নতা থাকবে তা চুক্তিতে বলা থাকতে পারে। চুক্তিতে নিয়ন্ত্রণ সীমাও নির্ধারিত থাকতে পারে।

১০ মাইক্রোনেয়ারের ক্ষেত্রে, পক্ষগণ অন্যরূপ সম্মত না হলে, সাধারণ নিয়ন্ত্রণ সীমার ০.৩ প্রযোজ্য হবে।

১১ সহ্য ক্ষমতার ক্ষেত্রে, পক্ষগণ অন্যরূপ সম্মত না হলে, সাধারণ নিয়ন্ত্রণ সীমার ০.২ গ্রাম/টেক্স বা ৩০০০ পিএসআই প্রযোজ্য হবে।

১২ যে পক্ষই টেস্টের আবেদন করবে, তাকে ল্যাবরেটরির সম্পূর্ণ খরচ পরিশোধ করতে হবে। যদি বায়ার পরিশোধ করে, সেক্ষেত্রে যে সকল বেইল চুক্তিতে বর্ণিত নিয়ন্ত্রণ সীমার মধ্যে আসে না, বা উপরোক্ত প্যারা (১০) ও প্যারা (১১) এর মধ্যে বর্ণিত ইউসিএল এর মধ্যে চুক্তিতে নিয়ন্ত্রণ সীমা বর্ণিত না থাকলে, প্রত্যেক বেইলের জন্য সেলার অর্থ পরিশোধ করবেন। যদি সেলার পরিশোধ করে, সেক্ষেত্রে যে সকল বেইল চুক্তিতে বর্ণিত নিয়ন্ত্রণ সীমার মধ্যে আসে না, বা উপরোক্ত প্যারা (১০) ও প্যারা (১১) এর মধ্যে বর্ণিত ইউসিএল এর মধ্যে চুক্তিতে নিয়ন্ত্রণ সীমা বর্ণিত না থাকলে, প্রত্যেক বেইলের জন্য বায়ার অর্থ পরিশোধ করবেন।

## মাইক্রোনেয়ার ও ছাড়

**বিধি ২৩৪**

১ এই বিধিমালা মাইক্রোনেয়ার সম্পর্কিত সকল বিরোধ সহ আমেরিকান কটন সম্পর্কিত সকল বিরোধের ক্ষেত্রে প্রযোজ্য হবে। এই শর্তগুলো আমাদের ও আমেরিকান কটন শিপারস এসোসিয়েশনের মাঝে সম্পাদিত মাইক্রোনেয়ার চুক্তিনামা প্রতি সঙ্গতি রাখার জন্য প্রস্তুত করা হয়েছে, তবে যদি দুইয়ের মাঝে কোন মতপার্থক্য দেখা দেয়, এই বিধির শর্তগুলো চুক্তিনামার শর্তের পরে প্রাধান্য পাবে।

২ যদি চুক্তিতে 'মাইক্রেনেয়ার' উল্লেখ থাকে কিন্তু 'সর্বনিম্ন' বা 'সর্বোচ্চ' না বলা থাকে, সেক্ষেত্রে 'সর্বনিম্ন মাইক্রোনেয়ার' অর্থ ধরতে হবে। তবে, স্যাম্পল টেস্টিং-এ প্রেরণের পূর্বে উভয়পক্ষ লিখিতভাবে অনুরূপে সম্মতি জ্ঞাপন করতে পারে।

৩ স্বীকৃত ল্যাবরেটরি দ্বারা নির্ধারিত অন্য ফাইবারের বৈশিষ্ট্যে কত পরিমাণ ভিন্নতা গ্রহণযোগ্য হবে তা চুক্তিতে বলা থাকতে পারে।

## বিধি ২৩৫

১ মাইক্রোনেয়ারের বিষয়ে কোন বিরোধের ক্ষেত্রে, পক্ষগণ অন্যরূপ সম্মতি জ্ঞাপন না করলে বিধি ২৩৩ এর কার্যপ্রণালী প্রযোজ্য হবে।

২ বায়ার ও সেলার অন্যরূপ সম্মতি জ্ঞাপন না করলে:

**আমেরিকান কটনের জন্য :**

যে সকল চুক্তি একটি ন্যূনতম মাইক্রোনেয়ার ভ্যালু র্নিধারণ করেছে, যে সকল বেইলের জন্য ছাড় এর ন্যূনতম পর্যায় পর্যন্ত পৌছায়নি তা নিম্নরূপ:

| নিয়ন্ত্রণ সীমার নিচে মাইক্রোনেয়ার ভ্যালু | শতকরা ছাড় |
|---|---|
| ০.১ | ০.৫ |
| ০.২ | ১.০ |
| ০.৩ | ২.০ |
| ০.৪ | ৩.০ |
| ০.৫ | ৪.০ |
| ০.৬ | ৫.০ |

এবং এভাবে ১% প্রত্যেক ০.১ মাইক্রোনেয়ারের জন্য

কিন্তু যদি চুক্তিতে সর্বনিম্ন ৩.৫ (৩.৫ এনসিএল বা ৩.৮ ইউসিএল) বা তদুর্ধ্ব নির্ধারিত থাকে:

- কটন রিডিং-এ ২.৯ থেকে ২.৬ সহ, শতকরা ছাড় ৩.০ এর নীচে প্রতি ০.১ মাইক্রোনেয়ারের জন্য ৩% বৃদ্ধি পাবে; এবং
- কটন রিডিং-এ ২.৫ বা নীচে হলে, শতকরা ছাড় ২.৬ এর নীচে প্রতি ০.১ মাইক্রোনেয়ারের জন্য ৪% বৃদ্ধি পাবে;

যে সকল চুক্তি একটি সর্বোচ্চ মাইক্রোনেয়ার ভ্যালু র্নিধারণ করেছে, যে সকল বেইলের জন্য ছাড় এর সর্বোচ্চ পর্যায় অতিক্রম করেছে তা নিম্নরূপ;

| নিয়ন্ত্রণ সীমার উপরে মাইক্রোনেয়ার ভ্যালু | শতকরা ছাড় |
|---|---|
| ০.১ | ০.৫ |
| ০.২ | ১.০ |
| ০.৩ | ২.০ |
| ০.৪ | ৩.০ |
| ০.৫ | ৪.০ |
| ০.৬ | ৫.০ |

এবং এভাবে ১% প্রত্যেক ০.১ মাইক্রোনেয়ারের জন্য

কিন্তু যদি চুক্তিতে সর্বোচ্চ মাইক্রোনেয়ার রিডিং ৪.৯ বা এর কম নির্ধারিত থাকে:

- কটন রিডিং-এ ৫.৬ বা তদুর্ধ্বে, শতকরা ছাড় ৫.৬ এর উপরে প্রতি ০.১ মাইক্রোনেয়ারের জন্য ৩% বৃদ্ধি পাবে।

**নন-আমেরিকান কটনের জন্যঃ**

যে সকল চুক্তি একটি ন্যূনতম মাইক্রোনেয়ার ভ্যালু নির্ধারণ করেছে, যে সকল বেইলের জন্য ছাড় এর ন্যূনতম পর্যায় পর্যন্ত পৌছায়নি তা নিম্নরূপ:

| নিয়ন্ত্রণ সীমার নিচে মাইক্রোনেয়ার ভ্যালু | শতকরা ছাড় |
|---|---|
| ০.১ | ০.৫ |
| ০.২ | ১.০ |
| ০.৩ | ২.০ |
| ০.৪ | ৩.০ |
| ০.৫ | ৪.০ |
| ০.৬ | ৫.০ |

এবং এভাবে ১% প্রত্যেক ০.১ মাইক্রোনেয়ারের জন্য

কিন্তু যদি চুক্তিতে সর্বনিম্ন ৩.৫ (৩.৫ এনসিএল বা ৩.৮ ইউসিএল) বা তদুর্ধ্ব নির্ধারিত থাকে:

- কটন রিডিং-এ ২.৯ থেকে ২.৬ সহ, শতকরা ছাড় ৩.০ এর নীচে প্রতি ০.১ মাইক্রোনেয়ারের জন্য ৩% বৃদ্ধি পাবে; এবং
- কটন রিডিং-এ ২.৫ বা নীচে হলে, শতকরা ছাড় ২.৬ এর নীচে প্রতি ০.১ মাইক্রোনেয়ারের জন্য ৪% বৃদ্ধি পাবে;

যে সকল চুক্তি একটি সর্বোচ্চ মাইক্রোনেয়ার ভ্যালু নির্ধারণ করেছে, যে সকল বেইলের জন্য ছাড় এর সর্বোচ্চ পর্যায় অতিক্রম করেছে তা নিম্নরূপ:

| নিয়ন্ত্রণ সীমার উপরে মাইক্রোনেয়ার ভ্যালু | শতকরা ছাড় |
|---|---|

| | |
|---|---|
| ০.১ | ০.৫ |
| ০.২ | ১.০ |
| ০.৩ | ২.০ |
| ০.৪ | ৩.০ |
| ০.৫ | ৪.০ |
| ০.৬ | ৫.০ |

এবং এভাবে ১% প্রত্যেক ০.১ মাইক্রোনেয়ারের জন্য

কিন্তু যদি চুক্তিতে সর্বোচ্চ মাইক্রোনেয়ার রিডিং ৪.৯ বা এর কম নির্ধারিত থাকে:

- কটন রিডিং-এ ৫.৬ বা তদুর্ধ্বে, শতকরা ছাড় ৫.৬ এর উপরে প্রতি ০.১ মাইক্রোনেয়ারের জন্য ৩% বৃদ্ধি পাবে।

## স্ট্রেংথ/সহ্যশক্তি ও ছাড়

**বিধি ২৩৬**

১ স্ট্রেংথ/সহ্যশক্তি বিষয়ে কোন বিরোধের ক্ষেত্রে, পক্ষগণ অন্যরূপ সম্মতি জ্ঞাপন না করলে বিধি ২৩৩ এর কার্যপ্রণালী প্রযোজ্য হবে।

২ বায়ার ও সেলার অন্যরূপ সম্মতি জ্ঞাপন না করলে, যে সকল চুক্তি একটি ন্যূনতম স্ট্রেংথ ভ্যালু র্নিধারণ করেছে, যে সকল বেইলের জন্য ছাড় এর ন্যূনতম পর্যায় পর্যন্ত পৌছায়নি তা নিম্নরূপ:

**এইচভিআই-**

| নিয়ন্ত্রণ সীমার নিচে গ্রাম/টেক্স: | মধ্যে | ও | শতকরা ছাড় |
|---|---|---|---|
| | ১.১ | ২.০ | ১.০ |
| | ২.১ | ৩.০ | ১.৫ |
| | ৩.১ | ৪.০ | ৩.০ |
| | ৪.১ | ৫.০ | ৫.০ |
| | ৫.১ | ৬.০ | ৮.০ |

যোগ ৪% প্রত্যেক গ্রাম/টেক্স এর জন্য ৬ এর নীচে

প্রেসলি

| নিয়ন্ত্রণ সীমার নিচে পিএসআই | মধ্যে | ও | শতকরা ছাড় |
|---|---|---|---|
| | ১০৫০ | ৩০০০ | ১.০ |
| | ৩০৫০ | ৫০০০ | ৩.০ |
| | ৫০৫০ | ৭০০০ | ৫.০ |
| | ৭০৫০ | ৯০০০ | ৮.০ |

যোগ ৯০০০ এর নীচে প্রত্যেক ২০০০ পিএসআই এর জন্য ৪%

জুলাই 2016 সংস্করণ

# চুক্তি সমাপ্তিকরণ

**বিধি ২৩৭**

১ যে কোন কারণে কোন চুক্তি অথবা কোন চুক্তির কোন অংশ সম্পাদন করা না হলে বা না করা গেলে (কোন পক্ষ কর্তৃক চুক্তি লঙ্ঘনের কারণে বা অন্য কোন কারণে), এটি বাতিল হবে না।

২ চুক্তির তারিখে কার্যকর থাকা আমাদের বিধিমালা অনুযায়ী সেলারের নিকট চালান ফেরত দেওয়ার মাধ্যমে চুক্তি বা চুক্তির কোন অংশ সমাপ্তি করা যাবে।

**বিধি ২৩৮**

সেলারের নিকট চালান ফেরত দেওয়ার মাধ্যমে চুক্তি বা চুক্তির কোন অংশ সমাপ্তি করা হলে, নিম্নোক্ত প্রবিধানসমূহ প্রযোজ্য হবে:

১ সেলারের নিকট ফেরত পাঠানো চালানের চুক্তি মূল্যে পক্ষগণ সম্মত না হলে, মূল্য সালিশের মাধ্যমে নির্ধারিত হবে এবং প্রয়োজনে আপিলের মাধ্যমে।

২ উভয়পক্ষ যেদিন জেনেছে বা জানবে যে চুক্তিটি সম্পাদিত হবে না, সেটি হবে সমাপ্তির তারিখ। তারিখ নির্ধারণে সালিশকারী বা আপিল কমিটি নিম্নোক্ত বিষয় বিবেচনায় নিবে:

ক চুক্তির শর্তাবলী;

খ পক্ষগণের আচরণ;

গ সমাপ্তির কোন লিখিত নোটিশ; এবং

ঘ অন্য কোন বিষয় যা সালিশকারী বা আপিল কমিটি সংশ্লিষ্ট মনে করেন।

৩ চালানের ফেরত মূল্য নির্ধারণে, সালিশকারী বা টেকনিক্যাল কমিটি নিম্নোক্ত বিষয় দেখবে:

ক উপরোক্ত ২ নং প্যারার মাধ্যমে নির্ধারিত চুক্তির সমাপ্তির তারিখ;

খ চুক্তির শর্তাবলী; এবং

গ সমাপ্তির তারিখে চুক্তিনামার কটনের বাজার মূল্য বা অনুরূপ মান।

৪ চালান ফেরতের প্রদেয় সেটেলমেন্ট/বন্দোবস্ত চুক্তিমূল্য ও সমাপ্তির তারিখে প্রাপ্ত বাজার মূল্যের পার্থক্যের (যদি থাকে) মধ্যে সীমাবদ্ধ থাকবে।

৫ চুক্তি সম্পাদন না করা এবং/বা লঙ্ঘনের জন্য কোন পক্ষ অর্থ প্রদান বা গ্রহণ করুক না কেন তা নির্বিশেষে বিধি ২৩৭ ও ২৩৮ অনুযায়ী চুক্তি সমাপ্তির ফলে চালান ফেরতের প্রদেয় সেটেলমেন্ট/ বন্দোবস্ত হিসাব করা হবে এবং পরিশোধ করতে হবে।

**অন্যান্য দাবী ও ক্ষতি**

৬ পক্ষগণের মাঝে চুক্তিকৃত অন্য কোন আদায়যোগ্য কোন ক্ষতি বা দাবী চালান ফেরতের মূল্যে অন্তর্ভূক্ত হবে না। এরূপ ক্ষতি বা দাবী পারস্পরিক নিষ্পত্তি, অথবা সালিশ বা আপিলে দাবীর মাধ্যমে নিষ্পত্তি করতে হবে।

**বিধি ২৩৯**

অন্য কোন ঘটনা থেকে উদ্ভূত ক্ষতির দাবীর অনুমতি দেওয়া হবে না।

**বিধি ২৪০**

১ সালিশকারীগণ চালান ফেরতের ওজন নির্ধারণ করবে, যদিঃ

- সেলার কোন চালান না দেয়; বা
- কোন প্রকৃত ওজন না থাকে; বা
- ওজনের ব্যাপারে পক্ষগণ সম্মত না হয়।

২ চালান ফেরতের ওজন নির্ধারণের উদ্দেশ্যে, চুক্তির কোন অংশ ইতিমধ্যে সম্পূর্ণ হলে, বাকী অংশের উপর ওজন সহনশীলতা প্রযোজ্য হবে না।

## পরিশিষ্ট কঃ

## চুক্তিনামা ফরম

কটন শিপমেন্টের জন্য আমাদের অনুমোদিত চুক্তিনামা ফরম হলো আমাদের ইন্ট্যারন্যাশনাল শিপমেন্ট কন্ট্রাক্ট ফরম ১। এই ফরমে ইন্সুরেন্স ও ফ্রেইট খরচ (সিআইএফ), খরচ ও ফ্রেইট (সিএফআর), ফ্রি অন বোর্ড (এফওবি) ও অন্যান্য অনুরূপ শর্তাবলী অন্তর্ভূক্ত থাকবে।

**দি ইন্টারন্যাশনাল কটন এসোসিয়েশন লিমিটেড**
**ইন্ট্যারন্যাশনাল শিপমেন্ট কন্ট্রাক্ট ফরম ১**
**ইন্সুরেন্স ও ফ্রেইট খরচ (সিআইএফ), খরচ ও ফ্রেইট (সিএফআর),**
**ফ্রি অন বোর্ড (এফওবি) ও অন্যান্য অনুরূপ শর্তাবলী**

| প্রেরক | প্রাপক |
|---|---|

জনাব

আমরা আজকে আপনার কাছ থেকে নিম্নোক্ত জিনিসগুলো ক্রয় করেছি ○
আজকে আপনার নিকট নিম্নোক্ত জিনিসগুলো বিক্রয় করেছি ○
(একটি বক্সে টিক দিন এবং অন্য বক্তব্য কেটে দিন)

চুক্তি নম্বর তারিখ

এজেন্ট

১ **গ্রোথ ও কোয়ালিটি**
শর্ত ১ দেখুন

২ **মাইক্রোনেয়ার** সর্বনিম্ন সর্বোচ্চ নিয়ন্ত্রণ সীমা
শর্ত ১ দেখুন

৩ **স্ট্রেংথ** সর্বনিম্ন
শর্ত ২ দেখুন
- ওপিএসআই গজ প্রেসলে
- এইচভিআই ক্যালিব্রেশন কটন সহ অগ্রাম/টেক্স ১/৮ গজ এইভিআই ক্যালিব্রেটকৃত

(একটি বক্সে টিক দিন এবং অন্য বক্তব্য কেটে দিন) নিয়ন্ত্রণ সীমা

৪ **পরিমাণ** প্রত্যেক বেইলের গড় ওজন অনুমোদিত ভিন্নতা %
শর্ত ৩ দেখুন

৫ **মূল্য ও শর্ত**

৬ **ওজনের ভিত্তি**

৭ **পেমেন্ট**

৮ **শিপমেন্ট**
শর্ত ৪ দেখুন

৯ ফ্রেইট বর্তমান হার হলো
যদি এটি শিপমেন্টের সময় ভিন্ন হয়
(একটি বক্সে টিক দিন) •○ আপনাকে অবশ্যই পার্থক্য পরিমান পরিশোধ করতে হবে
•○ আমরা পার্থক্য পরিমান পরিশোধ করব

১০ **রপ্তানী শুল্ক বা ভর্তুকি** % মূল্যে অন্তর্ভূক্ত করা হয়েছে
যদি এটি শিপমেন্টের সময় ভিন্ন হয়
(একটি বক্সে টিক দিন) •○ আপনাকে অবশ্যই পার্থক্য পরিমান পরিশোধ করতে হবে
•○ আমরা পার্থক্য পরিমান পরিশোধ করব

১১ **ইন্সুরেন্স** এই ফরমে অপর পিঠে বর্ণিত ৫ক ○ ৫খ ○ ৫গ ○ ৫ঘ ○ এর শর্তানুযায়ী ইন্সুরেন্সের ব্যবস্থা করা হবে (একটি বক্সে টিক দিন)

১২ **যুদ্ধ ঝুঁকি** বর্তমান হার হলো
যদি এটি শিপমেন্টের সময় ভিন্ন হয়
(একটি বক্সে টিক দিন) •○ আপনাকে অবশ্যই পার্থক্য পরিমান পরিশোধ করতে হবে
•○ আমরা পার্থক্য পরিমান পরিশোধ করব

১৩ **বিশেষ অনুচ্ছেদ**

**১৪ সাধারণ**

- অত্র চুক্তিনামাটি দি ইন্টারন্যাশনাল কটন এসোসিয়েশন লিমিটেডের উপবিধি ও বিধিমালা একত্রীভূত করে যেন সেগুলো চুক্তিসম্পাদনের সময় ছিল।
- নিম্নোক্ত শর্তাবলী অত্র চুক্তিনামার অপরিহার্য অংশ।
- আমরা লিখিতভাবে সম্মতি না দিলে এই চুক্তি পরিবর্তন করা যাবে না।
- কোন কারণে এই চুক্তি বাতিল করা যাবে না।

**১৫ সালিশী সম্মতি**

- অত্র চুক্তিনামা সংক্রান্ত সকল বিরোধ দি ইন্টারন্যাশনাল কটন এসোসিয়েশন লিমিটেডের উপবিধি ও বিধিমালা অনুযায়ী সালিশের মাধ্যমে নিস্পত্তি করতে হবে। অত্র চুক্তিনামা এসোসিয়েশনের সালিশী কার্যপ্রণালীতে বর্ণিত উপবিধি একত্রীভূত করে।
  নোট: আমরা সম্মতি জ্ঞাপন করলে, "সকল বিরোধ" শব্দগুলো "কোয়ালিটি বিরোধ" বা "টেকনিক্যাল বিরোধ" এর সাথে পরিবর্তন করে পড়া যাবে। কিন্তু কোন কিছুতেই সম্মত না হলে, "সকল বিরোধ" শব্দগুলো প্রযোজ্য হবে।
- যদি না পক্ষগণ দি ইন্টারন্যাশনাল কটন এসোসিয়েশন লিমিটেডের কাছ থেকে কোন সালিশী সিদ্ধান্ত গ্রহণ করে থাকে এবং এসোসিয়েশনের উপবিধি দ্বারা অনুমোদিত আপিলের সকল পদ্ধতি নিঃশেষিত হলে কোন দাবীর জন্য জামানত গ্রহণ করা ব্যতীত কোন পক্ষই সালিশীযোগ্য কোন বিরোধের জন্য আইনী পদক্ষেপ নিতে পারবে না।
- 

**আমাদের স্বাক্ষর** **আপনার স্বাক্ষর**

## চুক্তির শর্তাবলী

১ **উন্নতি ও মান** সকল কটন অবশ্যই চলমান মানের হতে হবে। (আইসিএ বিধি ২২১)

২ **মাইক্রোনেয়ার ও স্ট্রেংথ**

আমরা অন্যরূপ সম্মতি জ্ঞাপন না করলে, মাইক্রোনেয়ার সংক্রান্ত সকল বিরোধ আইসিএ বিধিমালা ২৩৪ ও ২৩৫ এর অধীনে নিস্পত্তি করতে হবে এবং স্ট্রেংথ সংক্রান্ত বিরোধ আইসিএ বিধি ২৩৪ এর অধীনে নিস্পত্তি হবে। আমরা শতকরা ছাড় বা বাজার পার্থক্য বা কোন নিয়ন্ত্রণ সীমার ব্যাপারে সম্মত না হলে, উপবিধির শতকরা ছাড় বা নিয়ন্ত্রণ সীমা প্রযোজ্য হবে।

৩ **পরিমাণ** আমরা অন্যরূপ সম্মতি জ্ঞাপন না করলে, কটন হাই ডেনসিটি কম্প্রেসড বেইলে সরবরাহ করতে হবে।

৪ **শিপমেন্ট** সেলারকে অবশ্যই প্রয়োজনীয় রপ্তানী লাইসেন্স নিতে হবে।

বায়ারকে অবশ্যই প্রয়োজনীয় আমদানী লাইসেন্স নিতে হবে এবং সেলারকে অবশ্যই বলতে হবে যে, প্রথম অনুমোদিত শিপমেন্ট তারিখের পূর্বে তার এই লাইসেন্স রয়েছে।

৫ **ইন্সুরেন্স** (আইসিএ বিধিমালা ২০৫-২০৯)

অত্র ফরমের ১১ অনুচ্ছেদে যে বক্সই টিক দেওয়া হোক না কেন সেই অনুযায়ী:

ক সেলারকে ১০% সহ চালান মূল্যের জন্য মিল বা ওয়্যারহাউজ, যুদ্ধ ঝুঁকি ইন্সুরেন্স ও ধর্মঘট, দাঙ্গা ও জনবিক্ষোভ ঝুঁকি কভার করে মেরিন কার্গো ইন্সুরেন্স নিতে হবে। সেলারকে অবশ্যই লয়েড'স বা অন্য কোন প্রথম শ্রেণীর ইন্সুরেন্স কোম্পানীর মাধ্যমে এই ইন্সুরেন্স নিতে হবে; বা

খ বায়ারকে ১০% সহ চালান মূল্যের জন্য মেরিন কার্গো ইন্সুরেন্স, মিল বা ওয়্যারহাউজ, যুদ্ধ ঝুঁকি ইন্সুরেন্স ও ধর্মঘট, দাঙ্গা ও জনবিক্ষোভ ইন্সুরেন্স নিতে হবে। বায়ারকে অবশ্যই লয়েড'স বা অন্য কোন প্রথম শ্রেণীর ইন্সুরেন্স কোম্পানীর মাধ্যমে এই ইন্সুরেন্স নিতে হবে; বা

গ কটন শিপিং কোম্পানী বা তার এজেন্টের কাছে না ডেলিভারি হওয়া পর্যন্ত সেলার কটন ইন্সুরেন্সের জন্য দায়ী থাকবে।

ঘ শুধুমাত্র নন-কন্টেইনারাইজড শিপমেন্টের ইন্সুরেন্সের জন্য সেলার দায়ী থাকবে।

(খ) ও (ঘ) এর ক্ষেত্রে, সেলার জাহাজের নাম জানা মাত্র বায়ারকে জানাতে হবে।

(গ) এর ক্ষেত্রে, সেলার ডেলিভারির জানা মাত্র বায়ারকে জানাতে হবে।

বায়ার ১০% সহ চালান মূল্যের উপর যে কোন অঙ্কের মেরিন ইন্সুরেন্সের জন্য দায়ী থাকবে।

৬ **গুণগত মান পার্থক্য ও মানের সালিশী** (সিআইএ সালিশী উপবিধি)

আমরা অন্যরূপ সম্মতি জ্ঞাপন না করলে, ইন্টারন্যাশনার কটন এসোশিয়েশনের অফিসিয়াল পার্থক্য প্রযোজ্য হবে। কটনের মান যেমন হওয়ার কথা তেমন না হলে, সেলার অবশ্যই বায়ারকে ছাড় পরিশোধ করবেন। আমরা আপনার সাথে একটি পরিমাণে সম্মত হওয়ার চেষ্টা করব। কিন্তু কোন সম্মতি না হলে, বিরোধটি ইন্টারন্যাশনার কটন এসোশিয়েশন লিমিটেডের উপবিধির অধীনে কোয়ালিটি সালিশের মাধ্যমে নিস্পত্তি করতে হবে।

কোয়ালিটি সালিশের প্রয়োজন হলে, কটন পৌছানোর ৪২ দিনের (ছয় সপ্তাহ) মধ্যে সালিশের জন্য নমুনা নিতে হবে। কটন পৌছানোর ৪৯ দিনের (সাত সপ্তাহ) মধ্যে আইসিএ উপবিধি ৩২৯ অনুযায়ী সালিশ অবশ্যই শুরু করতে হবে। কটন পৌছানোর ৭০ দিনের (দশ সপ্তাহ) মধ্যে স্যাম্পল অবশ্যই সালিশের স্থানে পৌছাতে হবে (আইসিএ উপবিধি ৩৩৭)

আমরা সম্মত হলে অথবা উপবিধি ৩৩৭ এর অধীনে সময় বৃদ্ধির জন্য ইন্টারন্যাশনার কটন এসোশিয়েশনের নিকট আবেদন করা হলে, এই সময়সীমা বৃদ্ধি করা যেতে পারে। সালিশের জন্য প্রত্যেক লট আলাদাভাবে গণ্য করা হবে।

৭ **শিপিং ডকুমেন্ট**

বিল অফ ল্যাডিং বা অন্য কোন হস্তান্তরযোগ্য টাইটেল ডকুমেন্টের ক্লিন অনবোর্ডের তারিখ থেকে ১৪ দিনের (দুই সপ্তাহ) মধ্যে সেলার অবশ্যই বায়ারকে একটি বিস্তারিত চালান প্রদান করবেন।

প্রয়োজনীয় শিপিং ডকুমেন্টগুলো হলো:

- একটি পূর্ণ সেট ক্লিন অনবোর্ড বিল অফ ল্যাডিং বা অন্য কোন হস্তান্তরযোগ্য টাইটেল ডকুমেন্ট। ডকুমেন্টে অবশ্যই কনসাইনি হিসেবে বায়ারের নাম ও ঠিকানা উল্লেখ থাকবে। অন্যথায় কনসাইনিকে অবশ্যই "টু অর্ডার" ও খালি এনডোর্স হিসেবে দেখাতে হবে;
- সেলার কর্তৃক স্বাক্ষরিত ন্যূনতম তিন কপি চালনা যেখানে মোট ওজন, টেয়ারের পরিমান ও টেয়ার ব্যতীত মোট ওজন উল্লেখ রয়েছে; এবং
- শুধুমাত্র সিআইএল শর্তের অধীনে, মেরিন কার্গো, যুদ্ধ ও ধর্মঘট, দাঙ্গা ও জনবিক্ষোভ ইন্সুরেন্স ঝুঁকির ইন্সুরেন্স পলিসি বা সার্টিফিকেট।

৮ **ওজন**

আপাতত, শিপিং ওজন অনুযায়ী কটন চালান করা হবে। যদি নিট ল্যান্ডেড ওজন নির্ধারিত হয়, টেয়ার অবশ্যই অনুমোদিত থাকবে। যদি নিট ল্যান্ডেড ওজন নির্ধারিত থাকে এবং কটনের নিট ল্যান্ডেড ওজন ভিন্ন হয়, সেলার অবশ্যই বায়ারকে ক্ষতিপূরণ দিবে অথবা বায়ার অবশ্যই সেলারকে ক্ষতিপূরণ দিবে, প্রযোজ্যতা অনুযায়ী।

৯ **টেয়ার**

যদি বায়ার মনে করে যে, চালানে টেয়ারের জন্য সেলার পর্যাপ্ত অনুমতি দেয়নি, বিধি ২১৫ ও ২১৬ অনুযায়ী প্রকৃত টেয়ার নির্ধারণ করা যাবে। সেলার সিসাল ব্যাগিং ব্যবহার করতে পারবে না।

১০ **দাবীসমূহ**

জাল প্যাককৃত, মিশ্রিত প্যাককৃত বা প্লেটেড বেইলের জন্য, অবাণিজ্যযোগ্য কটনের জন্য এবং ভিজাতীয় বস্তুর জন্য বিধি ২২৭ এর অধীনে কটন পৌছানোর তারিখের ছয় মাসের মধ্যে দাবী পেশ করতে হবে। কান্ট্রি ডেমেজ -এর জন্য বিধি ২২৮ এর অধীনে কোন দাবী নোটিশ অবশ্যই বিধিমালা ২০৬, ২০৭ ও ২২৮ অনুযায়ী দিতে হবে। আমরা অন্যরূপ সম্মতি জ্ঞাপন না করলে, সকল দাবী (ইন্সুরেন্স দাবী সহ) কটন ডেলিভারির দেশে নিস্পত্তি করতে হবে। চুক্তির মুদ্রা অনুযায়ী দাবীগুলো নিস্পত্তি করতে হবে।

১১ **ক্ষতি**

যদি কটন কান্ট্রি ডেমেজড অবস্থায় পৌছায় বা ক্ষতিগ্রস্থ থাকে যা শিপমেন্টের পূর্বে হয়েছে বলে প্রতীয়মান হয়, আমরা বিধি ২০৬ বা ২০৭ অনুযায়ী একটি নিস্পত্তির জন্য চেষ্টা করব।

*দি ইন্টারন্যাশনাল কটন এসোসিয়েশন লিমিটেড এর কপি উপবিধি ও বিধিমালা www.eca-ltd.org ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।*

**পরিশিষ্ট খঃ**

## কন্টেইনার ট্রেড রুলস এগ্রিমেন্ট
## (কন্টেইনার বাণিজ্য বিধিমালা চুক্তিনামা)

এই চুক্তিনামাটি
দি ইন্টারন্যাশনাল কটন এসোসিয়েশন লিমিটেড
এবং দি আমেরিকান শিপারস এসোসিয়েশন এর মধ্যে সম্পাদিত
(পরিমার্জিত ১৯ নভেম্বর ১৯৯২)

# চুক্তিনামা

*(বিধি ২০৪ পড়ুন)*

## পরিচ্ছেদ ক: সংজ্ঞা

অত্র চুক্তিনামায়, কোন প্রসঙ্গের বিষয়ের এর সাথে অসঙ্গতিপূর্ণ না হলে, নিম্নোক্ত পরিভাষাগুলো নিম্নোক্ত অর্থ প্রদান করবে:-

১ "কন্টেইনার ইয়ার্ড" ও "সিওয়াই" বলতে এমন স্থান বোঝায় যেখানে কন্টেইনার পার্ক করা যাবে, পিক আপ বা ডেলিভারি, ভর্তি বা খালি করা যাবে। কন্টেইনার ইয়ার্ড বা সিওয়াই এমন স্থানও হতে পারে যেখানে শিপার লোডিং/ভর্তি করবেন বা রিসিভার কার্গো আনলোড/খালি করবেন, এবং/বা যেখানে ওয়াটার ক্যারিয়ার মূল স্থানে কার্গোর কাস্টডি ও নিয়ন্ত্রণ গ্রহণ করবে।

২ "কন্টেইনার ফ্রেইট স্টেশন", "সিএফএস" বলতে এমন স্থান বোঝায় যেখানে ওয়াটার ক্যারিয়ার বা তার এজেন্ট তাদের নিয়ন্ত্রণাধীনে কন্টেইনার লোড বা আনলোড করে।

৩ "হাউজ টু", বা "কন্টেইনার ইয়ার্ড টু" এবং "ডোর টু" বলতে শিপার কর্তৃক নির্ধারিথ স্থানে শিপারের নিয়ন্ত্রাধীনে লোডিং বোঝায়। হাইজ/সিওয়াই/ডোরে লোডিং পয়েন্টের পরের সকল খরচাদি সহ কন্টেইনার সরবরাহের খরচাদির  ফ্রেইট বুকিংয়ের জন্য দায়িত্বপ্রাপ্ত পক্ষের হিসাবে যাবে।

৪ "পিয়ার টু", বা "কন্টেইনার ফ্রেইট স্টেশন টু" বলতে ক্যারিয়ার নিয়ন্ত্রিণ লোডিং বোঝায় যেখানে পিয়ার বা কন্টেইনার ফ্রেইট স্টেশনে ক্যারিয়ারের নিকট কার্গো ডেলিভারি দেওয়া হয়েছে।

৫ "টু হাউজ", বা "টু কন্টেইনার ইয়ার্ড" বা "টু ডোর" বলতে গন্তব্য স্থানের বন্দরে পৌছানোর পর কনসাইনির স্থানে (ওয়্যারহাউজ বা মিলে) ডেলিভারি বোঝায়।

৬ "টু পিয়ার", বা "টু কন্টেইনার ফ্রেইট স্টেশন" বলতে বোঝায় ক্যারিয়ার গন্তব্যস্থলের বন্দরের পিয়ারে বা কন্টেইনার ফ্রেইট স্টেশনে ক্যারিয়ার খালি করবে।

**নোট:** ৩-৬ নং সংজ্ঞাগুলোর খরচ ও চার্জের জন্য বায়ার ও সেলারের দ্বায়িত্ব পরিশিষ্ট-১ এর মধ্যে প্রদত্ত হয়েছে।

৭ "মিনি ব্রিজ" বলতে পানিতে কন্টেইনারের সম্মুখ পরিবহনের জন্য যুক্তরাষ্ট্রের বন্দর এলাকা থেকে যুক্তরাষ্ট্রের অন্য বন্দর এলাকায় রেল বা বিকল্প পরিবহনের মাধ্যমে বহনকৃত কার্গো বোঝায়। বিদেশের গন্তব্যস্থলে পরিবহন আওতাভূক্ত করে মূল বন্দরে ওয়াটার ক্যারিয়ার কর্তৃক ইন্টারমোডাল বিল অফ ল্যাডিং ইস্যু হবে।

৮ "মাইক্রো-ব্রিজ" বলতে পানিতে কন্টেইনারের সম্মুখ পরিবহনের জন্য অভ্যন্তরীণ পয়েন্ট থেকে রেল বা বিকল্প পরিবহনের (কন্টেইনারে বা অন্য যন্ত্রপাতি) মাধ্যমে সরাসরি বন্দরে কার্গো স্থানান্তর বোঝায়। বিদেশের গন্তব্যস্থলে পরিবহন আওতাভূক্ত করে অভ্যন্তরীণ লোডিং পয়েন্টে ওয়াটার ক্যারিয়ার কর্তৃক ইন্টারমোডাল বিল অফ ল্যাডিং ইস্যু হবে।

৯ "ল্যান্ড-ব্রিজ" বলতে পানিতে আগত কার্গো এবং পানিতে সম্মুখ পরিবহনের জন্য রেলের মাধ্যমে এক উপকূল থেকে অন্যটিতে হস্তান্তর বোঝায়।

১০ “ফ্রি ক্যারিয়ার- নেমড পয়েন্ট”, “ইন্টেরিয়র পয়েন্ট ইন্টারমোডাল” বা “আইপিআই” বলতে বোঝায় যখন সেলার নেমড পয়েন্টে কার্গো ওয়াটার ক্যারিয়ারের কাস্টডিতে ডেলিভারি দিয়ে তার দ্বায়িত্ব সম্পন্ন করে। যদি বিক্রয় চুক্তিতে কোন নির্দিষ্ট পয়েন্ট উল্লেখ করা না থাকলে, পক্ষগণ সেই স্থান বা রেঞ্জে প্রেরণ করবে যেখানে ওয়াটার ক্যারিয়ার কার্গো নিজ দ্বায়িত্বে নিবে।

১১ “শিপারস লোড ও কাউন্ট” বলতে বোঝায় কন্টেনারের বস্তুর (সিওয়াই লোডিং) জন্য শিপার দ্বায়িত্ব গ্রহণ করবে।

১২ “ইন্টারমোডাল বিল অফ ল্যাডিং” বা “কম্বাইন্ড ট্রান্সপোর্ট ডকুমেন্ট” বলতে কোন রেলগাড়ী বা অন্য কোন পরিবহন যন্ত্রপাতির মাধ্যমে কন্টেইনার বা অন বোর্ড কটন গ্রহণের পর ওয়াটার ক্যারিয়ার কর্তৃক ইস্যুকৃত কোন হস্তান্তরযোগ্য ডকুমেন্ট বোঝায়।

১৩ “বাঙ্কার এডজাস্টমেন্ট ফ্যাক্টর”, বিএএফ, “ফুয়েল এডজাস্টমেন্ট ফ্যাক্টর” বা “এফএএফ” বলতে ক্যারিয়ারের নিয়ন্ত্রণের বাইরে জ্বালানী খরচ অস্বাভাবিক বৃদ্ধি আওতাভূক্ত করে বেস ফ্রেইটে সংযুক্ত চার্জ বোঝায়।

১৪ “কারেন্ট এডজাস্টমেন্ট ফ্যাক্টর”, বা “সিএএফ” বলতে এমন চার্জ বোঝায় যা সাধারণ বেইস ফ্রেইটের পার্সেন্টেজ/শতকরা হিসেবে উল্লেখ করা হয়, যেখানে ‘ট্যারিফ মুদ্রা’ মার্কিন ডলারের সাথে মুদ্রার অস্বাভাবিক ওঠানামা জন্য ক্ষতিপূরণের চেষ্টা করা হয়।

১৫ “টার্মিনাল রিসিভিং চার্জ”, “টিআরসি”, “টার্মিনাল হ্যান্ডলিং চার্জ”, “টিএইচসি”, “কন্টেইনার ইয়ার্ড চার্জ” বা “সিওয়াইসি” বলতে ক্যারিয়ার কর্তৃক বেস ফ্রেইট রেটে যুক্ত চার্জ বোঝায় যা গ্রহণের স্থান থেকে টার্মিনালে বোর্ড ভেসেলে কটন হ্যান্ডলিং এর খরচ প্রতিফলিত করে।

১৬ “অরিজিন রিসিভিং চার্জ” বা “ওআরসি” বলতে বেস ফ্রেইট রেটে যুক্ত চার্জ বোঝায় যা মূল স্থানে গ্রহণের স্থান থেকে অন বোর্ড ইন্টারমোডাল কনভিয়েন্সে কটন হ্যান্ডলিং এর খরচ প্রতিফলিত করে।

## পরিচ্ছেদ খ: বাণিজ্য বিধিমালা

চুক্তিতে সুস্পষ্টভাবে অন্যরূপ বর্ণিত না থাকলে অথবা পরবর্তীতে পক্ষগণ অন্যরূপে সম্মতি জ্ঞাপন না করলে, যুক্তরাষ্ট্র বন্দর থেকে কন্টেইনারে ইউএস কটনের শিপমেন্টর জন্য প্রত্যেক চুক্তিতে এটি উল্লেখ রয়েছে বলে ধরে নেওয়া হবে যে, পক্ষগণের মাঝে কোন বিরোধ সৃষ্টি হলে, তা নিম্নোক্ত বিধিমালা অনুযায়ী পক্ষগণ নিজেরা বা সালিশের মাধ্যমে নিষ্পত্তি করবে :

১ শিপমেন্ট: ফ্রেইট বুকিংকারী পক্ষের পছন্দ অনুযায়ী জলপথে এবং/বা ইন্টারমোডাল পরিবহন ব্যবস্থার মাধ্যমে কটন শিপমেন্ট করা যেতে পারে। বিল অফ ল্যাডিংয়ে আলাদাভাবে প্রদর্শিত ফ্রেইট রেট বা আলাদাভাবে বিলকৃত ক্যারিয়ার কর্তৃক আরোপিত সকল চার্জ ফ্রেইট বুকিংকারী পক্ষ বহন করবে। তবে, যদি সেলার কোন সিএফএস সুবিধা ব্যবহার করতে চায়, তাহলে সিএফএস ও সিওয়াই এর মধ্যকার পার্থক্যের চার্জ সেই স্থানে সেলার বহন করবে।

২ কন্টেইনার সরবরাহ ও পরিবহন: ফ্রেইট বুকিংকারী পক্ষ চুক্তিতে বর্ণিত বন্দরে বা পয়েন্ট অব অরিজিনে চুক্তির শিপিং মাসের মধ্যে পরিবহন ও লোডিং এর জন্য যথাসময়ে কন্টেইনার সরবরাহ করতে বাধ্য থাকবে।

৩ শিপমেন্টের তারিখ: ইন্টারমোডাল পরিবহনের ক্ষেত্রে, ইন্টারমোডাল বিল অফ ল্যাডিং এর তারিখই শিপমেন্টের তারিখ হিসেবে গণ্য হবে।

৪ ইন্স্যুরেন্স: এফওবি/এফএএস/সিএন্ডএফ বা "ফ্রি ক্যারিয়ার- (নেমড পয়েন্ট)" বিক্রয়ের ক্ষেত্রে, কটন শিপড বা অন বোর্ডের সময় থেকে বা ওয়াটার ক্যারিয়ারের তত্ত্বধান ও নিয়ন্ত্রণে গ্রহণের সময় থেকে, পরামর্শ দেওয়া হোক বা না হোক, সকল ঝুঁকির জন্য বায়ারের ইন্স্যুরেন্স কভার করবে।

৫ ফুল কন্টেইনার লোড (এফসিএল):

ক অন্যরূপ বর্ণিত না হলে, সম্পূর্ণ চল্লিশ ফুট কন্টেইনার লোডের জন্য ফ্রেইট হারের উপর ভিত্তি করে বিক্রয় হবে। অতিরিক্ত বেইলের জন্য অতিরিক্ত চার্জ বা ন্যূনতম চার্জ ফ্রেইট বুকিংকারী পক্ষ পরিশোধ করবে।

খ কন্টেইনারে পরিমান উল্লেখ থাকলে, এটি বোঝাবে:

১) অরিজিন- উপসাগরীয় এলাকা: চল্লিশ ফুট কন্টেইনারে প্রায় ৭৮ বেইল;

২) অরিজিন- পশ্চিম উপকূল: চল্লিশ ফুট কন্টেইনারে প্রায় ৮৩ বেইল;

চল্লিশ ফুট ব্যতীত অন্যান্য কন্টেইনার শুধুমাত্র 'হাউজ টু পিয়ার' বা 'পিয়ার টু পিয়ার' এর জন্য হতে পারে।

৬ লোডিং ও আনলোডিং: 'হাউজ/সিওয়াই' বা 'পিয়ার/সিএফএস'-তে লোড করা সেলারের পছন্দে হবে এবং 'হাউজ/সিওয়াই' বা 'পিয়ার/সিএফএস'-তে আনলোড করা বায়ারের পছন্দে হবে। তবে বায়ার কর্তৃক 'শিপ টু হাউজ' সুনির্দিষ্টভাবে নিদের্শিত না থাকলে, সেলার 'শিপ টু পিয়ার' করতে পারে।

৭ ওজন করা: অন্যরূপে সম্মতি জ্ঞাপন না করলে, 'পিয়ার টু হাউজ' এবং 'হাউজ টু হাউজ' শিপমেন্ট বলতে 'নীট চূড়ান্ত প্রত্যায়িত শিপিং ওজন' বুঝতে হবে।

৮ স্যাম্পলিং:

ক সেলারের সম্মতি সাপেক্ষে, বায়ার সেলারের নিকট বাই-লোড স্যাম্পল চাইতে পারেন। এক্ষেত্রে অতিরিক্ত চার্জ বায়ার বহন করবে।

খ ‘পিয়ার টু হাউজ’ বা ‘হাউজ টু হাউজ’ শিপমেন্টের ক্ষেত্রে, সাধারণ সালিশী বিধিমালা প্রযোজ্য হবে, তবে স্যাম্পলিং বায়ায়ের স্থানে তদারকীর অধীনে হতে পারে। স্যাম্পলিং এর খরচ বায়ার বহন করবে।

৮ হারানো বেইল:

শিপারের লোড ও কাউন্টের ক্ষেত্রে, সেলার কন্টেইনারের বস্তুর জন্য দায়ী থাকবে। বায়ার ও সেলার অন্যরূপ সম্মতি জ্ঞাপন না করলে, যে কোন দাবীর জন্য অবশ্যই কন্টেইনারের সিরিয়াল ও সীল নম্বর উল্লেখ করে সেলারের নিয়ন্ত্রক কর্তৃক ইস্যুকৃত সার্টিফিকেট থাকতে হবে এবং প্রত্যায়িত হতে হবে যে, সীলটি অক্ষত। তবে শিপমেন্টে ‘পিয়ার টু হাউজ’ বা ‘হাউজ টু হাউজ’ হয়ে থাকলে এবং প্রবেশ বন্দরে কাস্টমস বা অন্য কর্তৃপক্ষ সীল ভাঙ্গলে, কন্টেইনার অবশ্যই পুনরায় সীল করতে হবে এবং মূল সীল ও নতুন সীল নম্বর উভয়টি শিপারের নিয়ন্ত্রকের নিকট প্রেরণ করতে হবে।

৯ পেমেন্ট:

ক লেটার অফ ক্রেডিট পেমেন্ট: লেটার অফ ক্রেডিট অবশ্যই ইন্টারমোডাল বিল অফ ল্যাডিং অনুমোদন করবে।

খ প্রথম উপস্থাপনে ডকুমেন্টের বিপরীতে নগদ অর্থ: বায়ারকে অবশ্যই ইন্টারমোডাল বিল অফ ল্যাডিং এর বিপরীতে পরিশোধ করতে হবে।

গ ক্যাশ অন এরাইভাল (পৌছানোর সময় নগদ অর্থ): বিল অফ ল্যাডিং-এ উল্লেখকৃত স্থানে নৌযান পৌছানোর পর বিল অফ ল্যাডিং এর বিপরীতে বায়ার অর্থ পরিশোধ করবে।

তবে কন্টেইনারগুলো ফিডার ভেসেল বা অন্য কোন ব্যবস্থায় আনলে, চুক্তিতে বর্ণিত চূড়ান্ত স্থানে ফিডার ভেসেল বা অন-ক্যারিং যান পৌছানোর পর পেমেন্ট করতে হবে।

সেলারের ফ্রেইট বুকিং এর ক্ষেত্রে, যদি কন্টেইনারগুলো বিল অফ ল্যাডিং-এ উল্লেখকৃত নৌযানে অন বোর্ড না করা হয়, কন্টেইনারগুলো প্রকৃতভাবে না পৌছানো পর্যন্ত সুদ প্রত্যার্পনের জন্য বায়ার সেলারের বিরুদ্ধে দাবী করতে পারবে। তবে এটি প্রযোজ্য হবে না, যদি চুক্তি সম্পাদনের পরে কন্টেইনার ভেসেলের মাধ্যমে শিপমেন্ট বায়ারের প্রয়োজন হয়।

ব্যয় ও কার্য সম্পাদনের জন্য দায়িত্বের চিত্র বর্ণনা

হাউজ টু হাউজ

| | এফওবি | | এফএএস | | সিআইএফ | | সিএন্ডএফ | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | দায়িত্ব | | দায়িত্ব | | দায়িত্ব | | দায়িত্ব | |
| | ব্যয় | কার্য সম্পাদন | ব্যয় | কার্য সম্পাদন | ব্যয় | কার্য সম্পাদন | ব্যয় | কার্য সম্পাদন |
| ১. স্টাফিং পয়েন্টে খালি কন্টেইনার ড্রেইং | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার | সেলার | ক্যারিয়ার | সেলার | ক্যারিয়ার |
| ২. স্টাফিং | সেলার | সেলার | সেলার | সেলার | সেলার | সেলার | সেলার | সেলার |
| ৩. রেল রোড বা নৌযানে লোডিং পয়েন্টে পূর্ণ কন্টেইনার পরিবহন | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার | সেলার | ক্যারিয়ার | সেলার | ক্যারিয়ার |
| ৪. লিফট অন চার্জ | ফ্রেইটে অন্তর্ভূক্ত | | | | | | | |
| ৫. ফ্রেইট | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার | সেলার | ক্যারিয়ার | সেলার | ক্যারিয়ার |
| ৬. শিপের রেলে লিফট অফ চার্জ | ফ্রেইটে অন্তর্ভূক্ত | | | | | | | |
| ৭. শিপের রেলের পর ক্লিয়ারেন্স ও পোর্ট/টার্মিনাল চার্জ | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার |
| ৮. গন্তব্য পয়েন্টে কন্টেইনার পরিবহন | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার |
| ৯. ডি-ভ্যানিং | বায়ার | বায়ার | বায়ার | বায়ার | বায়ার | বায়ার | বায়ার | বায়ার |

## হাউজ টু পিয়ার

| | এফওবি | | এফএএস | | সিআইএফ | | সিএন্ডএফ | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | দায়িত্ব | | দায়িত্ব | | দায়িত্ব | | দায়িত্ব | |
| | ব্যয় | কার্য সম্পাদন | ব্যয় | কার্য সম্পাদন | ব্যয় | কার্য সম্পাদন | ব্যয় | কার্য সম্পাদন |
| ১. স্টাফিং পয়েন্টে খালি কন্টেইনার ড্রেইং | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার | সেলার | ক্যারিয়ার | সেলার | ক্যারিয়ার |
| ২. স্টাফিং | সেলার | সেলার | সেলার | সেলার | সেলার | সেলার | সেলার | সেলার |
| ৩. রেল রোড বা নৌযানে লোডিং পয়েন্টে পূর্ণ কন্টেইনার পরিবহন | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার | সেলার | ক্যারিয়ার | সেলার | ক্যারিয়ার |
| ৪. লিফট অন চার্জ | ফ্রেইটে অন্তর্ভূক্ত | | | | | | | |
| ৫. ফ্রেইট | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার | সেলার | ক্যারিয়ার | সেলার | ক্যারিয়ার |
| ৬. শিপের রেলে লিফট অফ চার্জ | ফ্রেইটে অন্তর্ভূক্ত | | | | | | | |
| ৭. শিপের রেলের পর ক্লিয়ারেন্স ও পোর্ট/টার্মিনাল চার্জ | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার |
| ৮. পৌছানোর পয়েন্ট বা সিএফএস-এ ডি-ভ্যানিং | নোট ১ | ক্যারিয়ার | নোট ১ | ক্যারিয়ার | নোট ১ | ক্যারিয়ার | নোট ১ | ক্যারিয়ার |
| ৯. ওয়্যারহাউজ বা মিলে কটন পরিবহন | বায়ার | বায়ার | বায়ার | বায়ার | বায়ার | বায়ার | বায়ার | বায়ার |

নোট ১: সাধারণত ফ্রেইটে অন্তর্ভূক্ত থাকে। যদি অন্তর্ভূক্ত না থাকে তবে বায়ার বহন করবে

পিয়ার টু পিয়ার

| | এফওবি | | এফএএস | | সিআইএফ | | সিএন্ডএফ | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | দায়িত্ব | | দায়িত্ব | | দায়িত্ব | | দায়িত্ব | |
| | ব্যয় | কার্য সম্পাদন | ব্যয় | কার্য সম্পাদন | ব্যয় | কার্য সম্পাদন | ব্যয় | কার্য সম্পাদন |
| ১. শিপমেন্ট পয়েন্ট বা সিএফএস-এ কটন ডেলিভারি | সেলার | সেলার | সেলার | সেলার | সেলার | সেলার | সেলার | সেলার |
| ২. স্টাফিং | নোট ১ | ক্যারিয়ার | নোট ১ | ক্যারিয়ার | নোট ১ | ক্যারিয়ার | নোট ১ | ক্যারিয়ার |
| ৩. লিফট অন চার্জ | ফ্রেইটে অন্তর্ভূক্ত | | | | | | | |
| ৪. ফ্রেইট | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার | সেলার | ক্যারিয়ার | সেলার | ক্যারিয়ার |
| ৫. শিপের রেলে লিফট অফ চার্জ | ফ্রেইটে অন্তর্ভূক্ত | | | | | | | |
| ৬. শিপের রেলের পর ক্লিয়ারেন্স ও পোর্ট/টার্মিনাল চার্জ | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার |
| ৭. পৌছানোর পয়েন্ট বা সিএফএস-এ ডি-ভ্যানিং | নোট ১ | ক্যারিয়ার | নোট ১ | ক্যারিয়ার | নোট ১ | ক্যারিয়ার | নোট ১ | ক্যারিয়ার |
| ৮. ওয়্যারহাউজ বা মিলে কটন পরিবহন | বায়ার | বায়ার | বায়ার | বায়ার | বায়ার | বায়ার | বায়ার | বায়ার |

নোট ১: স্টাফিং ও ডি-ভ্যানিং চার্জ সাধারণত ফ্রেইটে অন্তর্ভূক্ত থাকে। যদি তা অন্তর্ভূক্ত না থাকে, সেলার স্টাফিং খরচ বহন করবে, বায়ার ডি-ভ্যানিং এর খরচ বহন করবে।

পিয়ার টু হাউজ

| | এফওবি | | এফএএস | | সিআইএফ | | সিএন্ডএফ | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | দায়িত্ব | | দায়িত্ব | | দায়িত্ব | | দায়িত্ব | |
| | ব্যয় | কার্য সম্পাদন | ব্যয় | কার্য সম্পাদন | ব্যয় | কার্য সম্পাদন | ব্যয় | কার্য সম্পাদন |
| ১. শিপমেন্ট পয়েন্ট বা সিএফএস-এ কটন ডেলিভারি | সেলার | সেলার | সেলার | সেলার | সেলার | সেলার | সেলার | সেলার |
| ২. স্টাফিং | নোট ১ | ক্যারিয়ার | নোট ১ | ক্যারিয়ার | নোট ১ | ক্যারিয়ার | নোট ১ | ক্যারিয়ার |
| ৩. লিফট অন চার্জ | ফ্রেইটে অন্তর্ভূক্ত | | | | | | | |
| ৪. ফ্রেইট | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার | সেলার | ক্যারিয়ার | সেলার | ক্যারিয়ার |
| ৫. শিপের রেলে লিফট অফ চার্জ | ফ্রেইটে অন্তর্ভূক্ত | | | | | | | |
| ৬. শিপের রেলের পর ক্লিয়ারেন্স ও পোর্ট/টার্মিনাল চার্জ | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার |
| ৭. গন্তব্য পয়েন্টে কন্টেইনার পরিবহন | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার | বায়ার | ক্যারিয়ার |
| ৮. ডি-ভ্যানিং | বায়ার | বায়ার | বায়ার | বায়ার | বায়ার | বায়ার | বায়ার | বায়ার |

নোট ১: সাধারণত ফ্রেইটে অন্তর্ভূক্ত থাকে। যদি না থাকে তবে সেলার বহন করবে

# অনুচ্ছেদ ৩:

# সালিশী উপবিধি

# অনুচ্ছেদ ৩: সালিশী উপবিধি

## সূচিপত্র


ভূমিকা

নোটিশ

টেকনিক্যাল সালিশ

- সালিশ প্রবর্তন
- ট্রাইবুনাল
- সালিশকারী নিয়োগ
- সালিশকারী, আম্পায়ার বা আপিল কমিটি সদস্যদের কর্তৃত্ব প্রত্যাহার
- বিচার ব্যবস্থা
- সালিশ পরিচালনা
- মৌখিক শুনানী
- টেকনিক্যাল সালিশ সিদ্ধান্ত
- সিদ্ধান্তের উপর সুদ
- সিদ্ধান্ত সংশোধন
- টেকনিক্যাল আপিল
- মৌখিক শুনানী (আপিলে)
- টেকনিক্যাল আপিল কমিটি
- আপিল সময়সূচী

ক্ষুদ্র দাবী টেকনিক্যাল সালিশ

- সালিশ শুরু
- শুধু একজন সালিশকারী নিয়োগ
- শুধু একজন সালিশকারীর কর্তৃত্ব প্রত্যাহার
- ক্ষুদ্র দাবী টেকনিক্যাল সালিশ ফি বাবদ এসোসিয়েশনের ফি ও জমা
- বিচার ব্যবস্থা
- ক্ষুদ্র দাবী টেকনিক্যাল সালিশ পরিচালনা
- ক্ষুদ্র দাবী টেকনিক্যাল সালিশ সিদ্ধান্ত
- সুদের হার ও রায়
- খরচাদি
- ক্ষুদ্র দাবী টেকনিক্যাল আপিল
- ক্ষুদ্র দাবী টেকনিক্যাল আপিল কমিটি
- আপিল সময়সূচী
- কোয়ালিটি সালিশ

# সালিশী উপবিধি

**এই সমিতির কার্যভার আইনের বিধান দ্বারা পরিচালিত যাহা বিভিন্ন পক্ষগণ কর্তৃক পরিবর্তনযোগ্য নয়।**

যে কোন বিরোধ, যা এই উপবিধির আওতায় সালিশের জন্য অন্তর্ভূক্ত ও প্রদান করা হয় এমন চুক্তি থেকে উদ্ভূত বা তার সাথে সংশ্লিষ্ট, তাকে সালিশের আওতায় আনা যাবে। একজন আম্পায়ার, একটি কৌশলগত আপিল কমিটি অথবা কোয়ালিটি আপিল কমিটির গ্রহণযোগ্য একটি আপিল (যেমন মামলা হতে পারে) অনুযায়ী সিদ্ধান্ত হবে।

## সূচনা

**উপবিধি ৩০০**

১ আমরা দুটি উপায়ে একটি সালিস পরিচালনা করব :

- কোয়ালিটি সালিশ কটনের এবং এর বৈশিষ্ট্যের ম্যানুয়াল পরীক্ষার কারণে উদ্ভূত বিরোধ যা শুধুমাত্র ইনস্ট্রুমেন্ট টেস্টিং এর মাধ্যমে নির্ধারণ করা যায় তা নিয়ে কাজ করবে। বিশেষতঃ বাইলজ সঠিক সালিশী প্রযোজ্য এবং এখানে আপিল সেট আউট হয়েছে।

- টেকনিক্যাল সালিশ কাজ করবে অন্যসব বিরোধ নিয়ে। যে উপবিধিগুলো টেকনিক্যাল সালিশ এবং আপিলে প্রযোজ্য তাদের এখানে সেট আউট করা হবে।

২ ইংল্যান্ড এবং ওয়েলস এর আইন ও আরবিট্রেশন এক্ট ১৯৯৬ এর বাধ্যতামূলক বিধিসমূহ সকল বিবাদ এবং / অথবা আপিলে প্রযোজ্য হবে। এই বিধিসমূহ দ্বারা পরিবর্তীত বা এদের সাথে অসঙ্গত প্রভিশনগুলোকে এক্টের অবাধ্যতামূলক প্রভিশনগুলো রক্ষা করবে।

৩ আমাদের সালিশীর অবস্থান ইংল্যান্ডে অন্য কোন স্থানের ব্যাপারে কেউ সিদ্ধান্ত গ্রহণ বা সম্মত হতে পারবে না।

৪ চুক্তিমালার পক্ষগণের আবাসস্থল, বাসস্থান বা ব্যবস্থা স্থান যেখানেই হোক না কেন ইংল্যান্ড এবং ওয়েলস এর আইন মোতাবেক অভিযোগের মীমাংসা হবে।

৫ যদি পক্ষগণ আমাদের বিধিমালা অনুযায়ী সালিশ করতে সম্মত হয় তবে নিম্নোক্ত অনুচ্ছেদ ৬ অনুযায়ী যতক্ষণ আমরা মীমাংসা করতে অপারগ হব ততক্ষণ পর্যন্ত বিষয়টি কোনভাবে কোন আদালতে উত্থাপন করতে পারবে না। যদি আদালতের শরনাপন্ন হতেই হয় তবে তা অবশ্যই ইংল্যান্ড এবং ওয়েলসের আদালত হতে হবে।

৬ কোন পক্ষ তার দাবীর নিরাপত্তার জন্য যেকোন স্থানের আদালতে আপিল করতে পারবেন।

৭ উপবিধি ৩০২ (৩) অথবা উপবিধি ৩৩০ (১) অনুযায়ী কোন পক্ষ সালিশী যেতে না পারলে সে যেকোন কোর্টে, যা বিচার করতে ইচ্ছুক, আবেদন করতে পারে।

৮ আমাদের কাছে পাঠানো কোন বিরোধ, যা এখনও কার্যকর হয়নি বা হবেও না তা বাতিল বলে গণ্য করা হবে না।

# নোটিশ

**উপবিধি ৩০১**

১ কোন পক্ষের কোন নোটিশ অথবা যোগাযোগের প্রয়োজন হলে তা এই উপবিধির অধীনে লিখিত আকারে নিবন্ধিত ডাক, আন্তর্জাতিকভাবে স্বীকৃত কুরিয়ার সার্ভিস, ফ্যাক্স বা ই-মেইল বা অন্য কোন টেলিকমিউনিকেশন মাধ্যম দ্বারা প্রেরণ করতে হবে যা এই প্রেরণের রেকর্ড হিসেবে পরিগণিত হবে।

সেক্রেটারিয়েটের মাধ্যমে ট্রাইবুনাল বা আপিল কমিটি ই-মেইল বা ফ্যাক্স ব্যবহার করে নোটিশ বা ডকুমেন্ট কোন পক্ষকে পাঠালে ই-মেইল বা ফ্যাক্স পাঠানোর পরের দিন থেকে সার্ভিসের দিন গণনা করা হবে।

২ কোন পক্ষ অন্য পক্ষকে, ট্রাইবুনালকে, আপিল কমিটি বা সেক্রেটারিয়েটকে তার ঠিকানা পরিবর্তন সর্ম্পকে অবগত না করলে তার সর্বশেষ বাসস্থান বা ব্যবসাস্থল বা জানামত শেষ ই-মেইল বা ফ্যাক্স এড্রেস সালিশ চলাকালীন সময়ে নোটিশ পাঠানোর জন্য বৈধ বলে গণ্য হবে।

৩ কোন নোটিশ বা কমিউনিকেশনের সময় গণনার জন্য এটি প্রেরণের পরেরদিন প্রাপক তা পেয়েছে বা প্রেরণ কাজ সম্পন্ন হয়েছে বলে গণ্য করা হবে। যদি আমরা কোন নোটিশে জানাই যে কোন কাজ একটি নির্দিষ্ট সময়কালের মধ্যে করতে হবে তবে তার দিন গণনা শুরু হবে যেদিন নোটিশটি প্রেরণ কাজ সম্পন্ন হয়েছে সেদিন থেকে।

৪ এই উপবিধির অধীনে সময়কাল নির্ধারনের জন্য, নোটিশ বা অন্যান্য যোগাযোগ সম্পন্ন হওয়ার অথবা আপাত সম্পন্ন হওয়ার পরের দিন হতে সময় গণনা শুরু হবে। যদি সময়কালের শেষ দিন ইংলিশ ব্যাংক হলিডে (অফিসিয়াল) হয় তবে তা পরবর্তী প্রথম কার্যদিবস পর্যন্ত বর্ধিত হবে। এ সময়কালের মধ্যে কোন ইংলিশ ব্যাংক হলিডে অথবা অন্য কোন বিজনেস হলিডে থাকলে তার সময়কাল গণনার মধ্যে অন্তর্ভূক্ত হবে।

৫ ট্রাইবুনাল বা আপিল কমিটি সালিশ পরিচালনার জন্য এই উপবিধির অধীনে যেকোন সময়কাল পরিবর্ধন (এমনকি যেখানে সময়কাল শেষ হয়ে গেছে সেখানেও) করতে পারে। এমনকি কোন পক্ষ থেকে অন্য পক্ষকে পাঠানো নোটিশ বা যোগাযোগের সময়কালও পরিবর্ধন করতে পারে।

৬ কোন নির্দিষ্ট তারিখ বা সময়কালের মধ্যে যদি আমাদের কোনকিছু পাঠানো হয় কিংবা পে করা হয় তবে এটিকে অবশ্যই শেষ দিনের ২৩.৫৯ ঘন্টার মধ্যে অথবা আগে পৌঁছাতে হবে। যদি এটা সরাসরি হস্তান্তর করা হয় তবে তা অবশ্যই অফিস চলাকালীন সময়ের মধ্যে করতে হবে। যদি চেক বা সমরূপ কোন মাধ্যমে টাকা দেওয়া হয় এবং ব্যাংক তা দিতে অস্বীকার করে তবে যেদিন আমরা চেক গ্রহণ করেছি সেদিন আমাদের টাকা দেওয়া হয়েছে বলে বিবেচনা করা হবে না।

# টেকনিক্যাল সালিশ

**সালিশ কার্যক্রম প্রবর্তন**

**উপবিধি ৩০২**

১. কোন পক্ষ বর্নিত উপবিধির আওতায় কোন সালিশ চাইতে আগ্রহী হলে অভিযোগকারী আমাদেরকে সালিশের জন্য লিখিত অনুরোধ অনুরোধ প্রেরণ করবেন।

২. অভিযোগ প্রেরনের সময় অভিযোগকারী আরো যেসব ডকুমেন্ট সাথে পাঠাবেন তা হলোঃ

- অপর পক্ষের (জবাবদাতার) নাম, ঠিকানা, ইমেইল এড্রেস, টেলিফোন ও ফ্যাক্স নাম্বার।
- ক. পক্ষগনের স্বাক্ষরিত চুক্তিপত্র; বা
- খ. চুক্তিপত্রে উল্লেখ না থাকলে উভয়পক্ষের স্বাক্ষরিত সালিশ চুক্তি; বা
- গ. সম্পুরক সহায়ক প্রমানসহ চুক্তির অনুলিপি।
- তাদের নির্বাচিত সালিশকারী বা প্রযোজ্য ক্ষেত্রে একক সালিশকারী যাকে উভয়পক্ষ মেনে নেবেন, এবং
- বর্ণিত আবেদনের ফি বিধি অনুযায়ী পরিশিষ্ট গ বিধিমালা জমা করা যেতে পারে।

৩. উপরোক্ত বিষয়ে নোটিশ পাওয়ার পর আমরা জবাবদাতাকে একটি অনুরোধের অনুলিপি পাঠাবো এবং সেই তারিখ হইতে সালিশ কার্যক্রম শুরু হইল বলে ধরে নেয়া হবে।

৪. আমরা সালিশ কার্যক্রম প্রত্যাখান করতে পারি যদি কোন পক্ষ এই সংঘ হতে বহিস্কৃত বা স্থগিত হয়ে থাকেন। শাস্তি স্বরুপ চুক্তি স্বাক্ষরের সময় যদি কোন একটি পক্ষের নাম সংস্থার অপুর্ন তালিকাতে থাকে বা অস্বীকৃতির সালিশ সুবিধা প্রত্যাখান করব যা অনুচ্ছেদ ২৭ উপবিধি ৪১৯ মোতাবেক প্রযোজ্য।

৫. সালিশ আইন ১৯৯৬ এর ধারা ৩৭ বর্নিত প্রবিধান সমুহের সাথে সামঞ্জস্য রেখে ট্রাইবুনাল তুলা বানিজ্যের সাথে সম্পৃক্ত উপাত্ত সুত্রের সাথে আলোচনা করে বর্তমান বাজার দর সম্পর্কে অবহিত হতে পারে যা সালিশের বিষয়বস্তু হতে পারে বা পক্ষগনকে বর্নিত বাজার তথ্য সম্পর্কে নিজ নিজ অভিমত প্রকাশের সুযোগ দেয়া হবে তবে এসকল তথ্য অবমুক্ত করা যাইবে না।

**ট্রাইবুনাল**

**উপবিধি ৩০৩**

উপরে বর্ণিত বিধির আওতায় বিরোধ নিস্পত্তির জন্য ৩ সদস্য বিশিষ্ট বিচারসভা বা উভয়পক্ষের সম্মতিক্রমে ঠিক করা একক সালিশকারী পক্ষগণের শুনানি গ্রহণ করবেন। উভয়পক্ষ একজন করে সালিশকারীর মনোনয়ন করবে এবং আমরা ৩য় সালিশকারী নিয়োগ করব যিনি বিচারসভার চেয়ারম্যান হিসেবে কাজ করবেন। বিচারসভা নিশ্চিত করবে যে উভয়পক্ষকে নিরপেক্ষ ও সমানভাবে মূল্যায়ন করা হবে। প্রত্যেকপক্ষের শুনানি প্রদানের সমান অধিকার রয়েছে এবং প্রত্যেককে চেয়ারম্যানের দিক-নির্দেশনা অনুযায়ী নিজ নিজ কেইস উপস্থাপনের ন্যায্য সুযোগ দেয়া হবে। বিচারসভা বিবাদ দ্রুত সমাধান করার জন্য পদক্ষেপ গ্রহণ করবে।

**সালিশ নিয়োগ**

**উপবিধি ৩০৪**

১. উপবিধি  ৩০২ এর অধীনে কোন অনুরোধ পাওয়ার পর আমরা জবাবাদাতা পক্ষকে তাদের পক্ষে একজন সালিশকারী মনোনীত করতে অনুরোধ করবো বা ১৪ কর্মদিবসের মধ্যে (দু সপ্তাহ) একক সালিশকারী নিয়োগের বিষয়ে সম্মতি জ্ঞাপনের অনুরোধ পাঠাবো এবং সেই বিষয়ে তাদের মতামত আমাদেরকে জানাতে হবে আর সেইসাথে অভিযোগকারীকেও তাদের মনোনীত সালিশকারী সম্পর্কে অবহিত করতে হবে। যদি জবাবদাতা নির্দিষ্ট সময় সীমার মধ্যে বর্নিত সময়সীমার মধ্যে জবাবদাতাগন যদি তাদের সালিশকারী নিয়োগের বিষয়টি চূড়ান্ত করতে না পারেন তবে আমরা একজন সালিশকারী মনোনীত করে সংশ্লিষ্ট পক্ষকে মনোনীত সালিশকারী সম্পর্কে অবহিত করবো।

২. আমরা কিংবা জবাবদাতা কর্তৃক দ্বিতীয় সালিশকারী মনোনীত করার সাত দিনের (এক সপ্তাহ) মধ্যে আমরা তৃতীয় সালিশ নিয়োগ করবো যিনি হবেন সালিশ ট্রাইবুনালের চেয়ারম্যান। আইসিএ আর্বিট্রেশন স্ট্যাটেজী কমিটির সদস্যগনের মধ্য থেকে চেয়ারম্যান নিয়োগ দেয়া হবে।

৩. আমরা এমন একজন পর্যবেক্ষক মনোনীত করতে পারি যিনি ট্রাইবুনালের অংশ নন কিন্তু প্রশিক্ষন প্রদানের কাজে সহায়তা করবেন ।

৪. নিয়োগদানকালে সালিশকারীগণ অবশ্যই আমাদের সংস্থার স্বতন্ত্র সদস্য হবেন। এই ধরনের নিয়োগপ্রাপ্তির পূর্বে নির্দিষ্ট সময় পরপর ডিরেক্টরের ঠিক করা মান অনুযায়ী অবশ্যই সালিশকারীগণকে যোগ্য হতে হবে।

৫. কোন সালিশকারী মারা গেলে, পদত্যাগ করলে, কাজ করতে অস্বীকৃতি জানালে, কাঙ্খিত মান বজায় রাখতে সম্পন্ন না হলে বা অর্পিত দায়িত্ব পালনে সক্ষম না হলে যদি পদশুন্য বলে পরিগনিত হয় তবে উপরের চ প্যারাগ্রাফ(১) মোতাবেক শুন্য পদ পুরনের বন্দোবস্ত নেয়া হবে।

৬. যখন কাউকে সালিশ হিসেবে মনোনয়ন দেয়া হবে (আমরা কিংবা কোন পক্ষ মনোনীত করলে) এবং তিনি তা গ্রহন করবেন তখন উপবিধি  ও অনুচ্ছেদ মোতাবেক সংস্থার দায়িত্ব পালন করতে বাধ্য থাকবেন।

৭. যখন কোন সংস্থা/ফার্ম:

- ১৪ দিনের মধ্যে অনুরোধকৃত সালিশকারী নিয়োগে ব্যর্থ হলে; বা
- ১৪ দিনের মধ্যে সালিশকারী প্রতিস্থাপন করতে বা কোন সালিশ সম্পর্কে বৈধ আপত্তি সম্পর্কে সমাধান করতে না পারেন, তবে

সালিশ নিয়োগে ব্যর্থ হইলে সংশ্লিষ্ট ফার্ম আমাদের সংস্থার চেয়ারম্যানকে তাদের পক্ষে সালিশকারী মনোনীত করতে অনুরোধ করতে পারে বা বর্নিত সময়সীমার মধ্যে প্রতিস্থাপিত সালিশকারী সম্পর্কে তাদের অভিমত প্রদান না করেন বা ব্যর্থ হন।

৮. সভাপতির অবগতির জন্য সংস্থার তরফ হতে নোটিশ দেয়া হবে। ফার্ম যদি ১৪ দিনের মধ্যে অপর ফার্মের নিকট গ্রহনযোগ্য একজন সালিশকারী নিয়োগে ব্যর্থ হয় তবে প্রেসিডেন্ট তার উপর অর্পিত দায়িত্ব বলে কাজ করতে পারেন।

৯. বিবাদমান কোন একটি ফার্ম সালিশকারী বা ট্রাইবুনালের কোন সদস্য সম্পর্কে বা পর্যবেক্ষক সম্পর্কে তাদের আপত্তি জানান তবে বর্নিত আপত্তি অবশ্যই সংশ্লিষ্ট নিয়োগের সম্পর্কে নোটিশ প্রাপ্তির সাত দিনের মধ্যে করতে হবে। সকল আপত্তি অবশ্যই লিখিতভাবে জানাতে হবে কারন ও ব্যাখ্যাসহ। মনোনয়ন সম্পর্কে আপত্তি তখনি বৈধ হবে যখন প্রেসিডেন্ট এমন সিদ্ধান্ত দেবেন যে বর্নিত মনোনয়নের কারনে ন্যায়বিচার বিঘ্নিত হতে পারে।

১০. যদি দায়েরকৃত আপত্তি আমলে না নেয়া হয় বা প্রত্যাহার না করা হয় তবে প্রেসিডেন্ট বৈধ যেকোন সিদ্ধান্ত দিতে পারেন।

১১. সাধারন সময়সীমা অতিক্রম করার পরও আপত্তি উত্থাপনের মতো নতুন কোন প্রমান হাজির হলে বর্নিত বিষয়ে আপত্তি তোলা যাবে। প্রেসিডেন্ট সিদ্ধান্ত দেবেন যে সেই বিষয়ে শুনানী হবে কিনা বা সেটি বৈধ কিনা।

১২. কোন ফার্ম যদি প্রেসিডেন্টের সিদ্ধান্তে অসন্তুষ্ট হয় তবে পরিচালকমন্ডলী বরাবর আপিল দায়ের করতে পারেন প্রেসিডেন্টের সিদ্ধান্ত সম্পর্কে তাদেরকে নোটিশ জানানোর সাত দিনের মধ্যে। পরিচালকমন্ডলী প্যারাগ্রাফ(৬) ও প্যারাগ্রাফ (৭) এর মাধ্যমে অর্পিত যেকোন ক্ষমতা প্রয়োগ করতে পারেন।

১৩. প্রেসিডেন্টের যদি বর্নিত বিবাদমান বিষয়ে স্বার্থগত দ্বন্দ্ব থাকে তবে তিনি বর্নিত উপবিধির আওতায় সালিশকারী নিয়োগ প্রত্যাখ্যান করতে পারেন। সেই ক্ষেত্রে ভাইস-প্রেসিডেন্ট বা ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট সংস্থার প্রেসিডেন্টের ন্যায় নিয়োগ প্রদানের ক্ষমতা পাবেন।

**সালিশ বা আপিল কমিটি সদস্যগনের ক্ষমতা প্রত্যাহার**
**উপবিধি ৩০৫**

১. যখন একজন সালিশকারীর বা আপিল কমিটির সদস্যকে মনোনীত করা হবে তখন উভয়পক্ষের সম্মতি ব্যতিত তার ক্ষমতা প্রত্যাহার করা যাবে না।

২. একজন সালিশকারী বা আপিল কমিটি সদস্য যখন আন্তর্জাতিক কটন এসোসিয়েশনের সদস্যপদ হারান/ত্যাগ করেন, তখন পরিচালকমন্ডলী সম্মতি না দিলে তিনি তার মনোনীত পদের দায়িত্ব পালন করতে পারবেন না।

৩. প্রেসিডেন্ট যেকোন মনোনয়ন প্রত্যাহার বা বিকল্প মনোনয়ন দিতে পারেনঃ

যদি তিনি তার উপর অর্পিত দায়িত্ববলে বড় কোন অবিচার করতে পারার সম্ভাবনা থাকে বা

নিম্নবর্নিত পরিস্থিতিতে কোন ফার্ম যদি এমন করতে অনুরোধ করেনঃ

- যদি তিনি উপবিধি -৩০৪ এর কোন আপত্তির বহাল রাখেন;
- যদি কোন নিযুক্ত সালিশকারী মারা যান, দায়িত্ব পালনে অস্বীকৃতি জানান বা অক্ষম হন;
- যদি পক্ষগনের তরফ থেকে চূড়ান্ত লিখিত আবেদন প্রাপ্তির ৫৬ দিনের মধ্যে একক সালিশকারী বিবাদের বিষয়ে কোন সমাধান দিতে না পারেন বা
- যদি পক্ষগণের তরফ থেকে লিখিত আবেদন প্রাপ্তির ৫৬ (আট সপ্তাহ) সময়ের মধ্যে বিচারসভা যদি কোন সমাধান দিতে না পারেন।

৪. সংস্থা সমাধানের ব্যাপারে প্রেসিডেন্টের পরিকল্পনা/ইচ্ছার কথা জানিয়ে নোটিশ প্রদান করবে। কোন ফার্ম যদি প্রেসিডেন্টের সাথে একমত না হন তবে নোটিশপ্রাপ্তির ৭ দিনের মধ্যে পরিচালকমন্ডলী বরাবর আপিল দায়ের করতে পারেন। পরিচালকমন্ডলী প্রেসিডেন্টকে প্রদত্ত যে কোন ক্ষমতা ব্যবহার করতে পারেন।

৫. প্যারাগ্রাফ(৩) এ বর্ণিত সময়সীমা উভয়পক্ষকে বিচারসভার কোন প্রকার জিজ্ঞাসার জবাব দেয়ার জন্য যথেষ্ট সুযোগ দেয়ার দায়িত্বকে অগ্রাহ্য করে না।

## বিচারিক প্রক্রিয়া

### উপবিধি ৩০৬

ট্রাইবুনাল কোন সংস্কার দ্বারা প্রভাবিত না হয়ে এর নিজস্ব অধিক্ষেত্রে শাসন করবে; যেমন– কোথাও সালিশী সমঝোতা বৈধ কিনা, ট্রাইবুনাল ঠিকমত তৈরী হয়েছে কিনা, এবং সালিশী সমঝোতা অনুযায়ী কোন বিষয় সালিশের জন্য দেয়া হয়েছে কিনা।

## সালিশ আচরনবিধি

### উপবিধি ৩০৭ ক.

১. ট্রাইবুনাল চেয়ারম্যান তার অধীনস্ত সালিশকারীগনের সাথে আলোচনা করে, বিবাদমান পক্ষগণের সংরক্ষিত অধিকার বিবেচনায় রেখে

- ঠিক করে নেবেন যে ট্রাইবুনালের এই বিষয়ে বিচারিক প্রক্রিয়া পরিচালনা করতে পারে কিনা।
- সকল পদ্ধতিগত এবং প্রামাণিক বিষয়ে সিদ্ধান্ত নেয়া।

২. চেয়ারম্যান সালিশ কার্যক্রমের অগ্রগতি নিশ্চিত করবেন, প্রয়োজনে এই সংক্রান্ত আদেশ জারি করতে পারেন।

৩. চেয়ারম্যান সময়সীমা বেধে দেয়ার পর আমরা পক্ষগনকে নোটিশ পাঠাবো।

৪. সকল পক্ষকে প্রক্রিয়ায় সহায়ক কাজ করতে হবে সেইসাথে ট্রাইবুনাল কোন আদেশ বা নির্দেশ জারি করলে সময়ক্ষেপন না করে প্রথাগত ও প্রমাণ বিষয়ক বিষয়ে সম্মত হতে হবে

পক্ষগণের মধ্যে অথবা ট্রাইবুনাল থেকে অন্যপক্ষের যোগাযোগ আমরা কপি করব।

৫. কোন পক্ষ যদি ট্রাইবুনালের বিচারিক প্রক্রিয়ার কোন নির্দেশ পরিপালনে অক্ষম হন বা অবজ্ঞা করেন তবে ট্রাইবুনাল এই বিষয়ে সালিশ করতে পারেন ও সিদ্ধান্ত প্রদান করতে পারেন।

৬. সালিশগনের সর্বসম্মত মতে বা অধিকাংশের মতের আলোকে সালিশ কার্যক্রম সম্পন্ন করা হবে যাতে চেয়ারম্যানও থাকবেন। বর্নিত বিষয়ে চেয়ারম্যানের অভিমত নিরঙ্কুশ বা মেজরিটি না পেলেও উল্লেখ থাকবে।

৭. সকল প্রকার বিবরন, চুক্তি ও প্রামাণ্য বিষয়াদি/প্রমান অবশ্যই ইংরেজীতে দাখিল করতে হবে। তবে যদি প্রামাণ্য দলিলাদি অন্য কোন ভাষায় দাখিল করা হলে ট্রাইবুনাল অন্যরুপ নির্দেশ না দিলে সেগুলো ইংরেজীতে অনুবাদ করা হবে সনদপ্রাপ্ত লোক দিয়ে।

৮. আমরা সরাসরি কোন আইনজ্ঞ সংস্থা/লিগ্যাল ফার্ম বা স্বাধীন আইনজীবির কোন আরজি গ্রহন করব না।

৯. ট্রাইবুনালে উপস্থাপিত অভিযোগের বিষয়ে আইনী পরামর্শের জন্য খরচা যা পক্ষগন বহন করবে তা অফেরতযোগ্য।

**উপবিধি ৩০৭ খ**

পক্ষগন ট্রাইবুনাল বা টেকনিক্যাল আপিল কমিটি এবং/বা সচিবালয়কে ক্ষমতার্পন করবেন যে,

- একই লিগ্যাল এনটিটির সাথে অন্য সালিশী কার্যক্রম একত্রিত করার ক্ষমতা, অথবা
- ট্রাইবুনাল বা টেকনিক্যাল আপিল কমিটি এবং/বা সচিবালয় সমিচীন মনে করেন এরুপ সহগামী শুনানী করতে পারবেন এবং
- যদি দুটি পক্ষ একটি সিদ্ধান্তের বিষয়ে আপিল করেন তবে প্রথম আপিল দায়েরকারীকে আপিলান্ট এবং দ্বিতীয় আপিল দায়েরকারীকে জবাবদাতা হিসেবে অভিহিত করা হবে।

**মৌখিক শুনানী**

**উপবিধি -৩০৮**

১. কোন পক্ষ বা উভয়পক্ষ যদি মৌখিক শুনানীর আবেদন করেন তবে লিখিতভাবে ট্রাইবুনালকে জানাতে হবে। ট্রাইবুনাল তা গ্রহন বা কোন কারন দর্শানো ব্যতিত বাতিল করতে পারেন। তাদের সিদ্ধান্তই চুড়ান্ত। আবেদন গৃহিত হলে চেয়ারম্যান তার অধস্তন সালিশকারীগনের সাথে পরামর্শক্রমে শুনানীর তারিখ সময় ও স্থান নির্ধারন করে শুনানী কার্যক্রম গ্রহন করবে।

২. চেয়ারম্যান তার অধস্তন সালিশকারীগনের সাথে আলোচনা করে শুনানীর পুর্বেই সময়সীমা বেধে দিয়ে নির্দেশনা জারি করতে পারেন যাতে সংযুক্ত হবে নিম্নবর্নিত বিষয়াদিসমুহ।

- কোন পক্ষ বা তার হয়ে লিখিত আবেদন,
- সাক্ষীগনের জবানবন্দী
- প্রমানাদি উপস্থাপন।

৩. মৌখিক শুনানীর ক্ষেত্রে চেয়ারম্যান সময় বেধে দেবেন এবং সাক্ষীদের জবানবন্দী ও জেরার জন্য সময় বেধে দেবেন।

৪. পক্ষগন তাদের কোন একজন কর্মকর্তার মাধ্যমে নিজ নিজ প্রতিনিধিত্ব করাতে পারেন বা সংস্থার সদস্য দ্বারা করতে পারেন বা সলিসিটর বা ব্যারিস্টার নিয়োগ করতে পারেন বা আইনগত স্বীকৃতিসম্পন্ন এডভোকেটের মাধ্যমে প্রতিনিধিত্ব করাতে পারেন। মৌখিক শুনানীতে পক্ষগন আইনী প্রতিনিধি নিয়ে হাজির হতে পারেন। এহেন আইনী প্রতিনিধি পক্ষকে উপদেশ প্রদান করতে পারেন কিন্তু ট্রাইবুনালে তাদের কোন ভুমিকা থাকবে না।

**টেকনিক্যাল সালিশী রায়**

**উপবিধি ৩০৯**

১. রায় আমাদের দাপ্তরিক নিয়মে লিখিত হবে এবং ট্রাইবুনালের সকল সদস্য বা একক সালিশকারী কর্তৃক তারিখসহ স্বাক্ষরিত হবে এবং তাতে ব্যাখ্যা থাকবে যে কেন ট্রাইবুনাল এহেন রায় প্রদান করছে। চেয়ারম্যান রায়ের খসরা প্রস্তুতের দায়িত্ব পালন করবেন তবে তিনি চাইলে ট্রাইবুনালের একজন যোগ্যতাসম্পন্ন সদস্যকে তার দায়িত্ব অর্পন করতে পারেন। ট্রাইবুনালের সদস্যগনের তাদের প্রদত্ত রায়ের উপর স্বাক্ষরের জন্য বা তাতে কোনরুপ পরিমার্জন থাকলে তা সম্পন্ন করতে একত্রিত হবার দরকার নেই।

২. সালিশ হওয়ার স্থানটি ইংল্যান্ডে হবে এবং ঐ তারিখ অনুসারে আমরা আপীলের নোটিশ অবশ্যই গ্রহন করব।

৩. আমাদের উপবিধির আওতায় প্রদত্ত রায়সমুহ ইংল্যান্ডে প্রদত্ত বলে গন্য হবে যদিও সেটি অন্য কোন স্থানে সিদ্ধান্ত হয়ে থাকে এবং স্বাক্ষরিত হওয়া বা প্রদানের স্থান কাল পাত্র যাই হোক না কেন।

৪. রায়ের তারিখে আমরা প্রতিটি রায়ে সংস্থার সীল প্রদান করবো এবং রুল বুকের পরিশিষ্ট সি মোতাবেক ফির পরিমান নির্দিষ্ট হবে।

৫. রায়ে আমাদের সীল ও স্বাক্ষরের পরই তা কার্যকর করা হবে।

৬. রায়ে সীল স্বাক্ষরের পর আমরা সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবো।

৭. স্ট্যাম্পিং ফি প্রদানের পর এবং কোন ফি, খরচ বকেয়া থাকলে তা পরিশোধের পর রায় বিলি করা হবে।

৮. উপরোক্ত প্যারাগ্রাফ(৬) মোতাবেক পক্ষগনকে নোটিশের মাধ্যমে জানানোর ২৮ দিনের (চার সপ্তাহ) মধ্যে বা তার সম্পর্কে আপত্তি নেই মর্মে জানাতে হবে। অথবা আপিল করতে পারবে।

৯. অ্যাসোসিয়েশন সকল রায়ের আসল সংস্করণ সংরক্ষণ করবে এবং তারা আরও দুটি আসল সংস্করণ তৈরি করবে। রায় প্রকাশিত হওয়ার পর সেক্রেটারিয়েট একটি অনুলিপি কুরিয়ারের মাধ্যমে পাঠাবেন (এবং একটি পি-ডি-এফ ইমেল করে) প্রতিটি পক্ষকে, এবং বৈদ্যুতিন কপি পাঠাবেন প্রতিটি সালিশকারীকে। ট্রাইবুনাল বা পক্ষগুলির সেক্রেটারিয়েটকে লিখিত অনুরোধ সাপেক্ষে এছাড়াও রায়ের আসল অনুলিপি তৈরি করা যেতে পারে, রায় প্রকাশের আগে।

**রায়ের উপর সুদ**

**উপবিধি -৩১০**

ট্রাইবুনাল এবং টেকনিক্যাল আপিল কমিটি সরল বা চক্রবৃদ্ধি হারে সুদের হার ঘোষনা করতে পারেন যাতে করে তারা ন্যায় বিচার প্রতিষ্ঠিত হবে বলে মনে করেন।

**রায়ের সংশোধন**

**উপবিধি ৩১১**

১. বিচারসভা, একক সালিশকারী বা আপিল কমিটি নিজ উদ্যোগে বা কোন পক্ষ বা সচিবালয়ের আবেদনের ভিত্তিতেঃ

- দূর্ঘটনামূলকভাবে করণীক কর্তৃক কোন ধরনের ভুল হয়ে থাকলে বা কোন জটিলতা পরিহার করতে রায় সংশোধন করবে।
- বিচারসভায় উত্থাপিত কোন আবেদনের ব্যাপারে রায়ে কোন সিদ্ধান্ত না দেয়া হয়ে থাকলে অতিরিক্ত আরেকটি রায় প্রস্তুত করবে।

২. পক্ষগণকে বিচারসভার কাছে প্রতিনিধিত্বের যৌক্তিক সুযোগ না দিয়ে এই সকল ক্ষমতা ব্যবহার করা হবে না।

৩. রায় প্রদানের ২৮ দিনের মধ্যে অথবা পক্ষগণ যত দিনে সম্মতি প্রকাশ করে, সেই সময়ের মধ্যে এই ক্ষমতাসমূহ ব্যবহারের জন্য আবেদন করতে হবে।

৪. বিচারসভা আবেদন গ্রহণের ২৮ দিনের মধ্যে কোন রায়ের সংশোধনি সম্পাদন করতে হবে। অথবা যদি বিচার সভা নিজ উদ্যোগে রায় সংশোধন করে থাকে, সেক্ষেত্রে রায় প্রদানের ২৮ দিনের মধ্যে সংশোধনি সম্পাদন করতে হবে। উভয়ক্ষেত্রে পক্ষগন সম্মত হয়ে মেয়াদকাল পরিবর্তন করতে পারবেন।

৫. মূল রায় প্রদানের ৫৬ দিনের মধ্যে অথবা পক্ষগণ যত দিনে সম্মতি প্রকাশ করে, ততদিনের মধ্যে অতিরিক্ত রায় প্রদান করা যাবে।

৬. রায়ের যে কোন সংশোধন রায়ের অংশ বলে গণ্য হবে।

## টেকনিক্যাল আপিল

**উপবিধি ৩১২**

১. কোন একটি পক্ষ যদি ট্রাইবুনালের রায়ের সাথে দ্বিমত পোষন করে তবে রায়ে উল্লেখিত সময়ের মধ্যে তিনি আমাদের নিকট আপিল দায়ের করতে পারেন। তাকে অবশ্যই আমাদের নিকট আপীলের নোটিশ পাঠাতে হবে।

২. আপীলের নোটিশ পেলে আপিলকারী আমাদের তহবিলে কত অর্থ জমা করতে হবে তা আমরা জানাবো যে বর্নিত আপীলের জন্য ফি, খরচ হিসেবে কত জমা দিতে হবে। ট্রাইবুনালের রায়ে যে পরিমান অর্থ জমা দিতে নির্দেশ রয়েছে আপিলকারীকে অভশ্যই সেই অর্থ জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে নির্ধারিত অর্থ জমা করতে না পারলে আপিলটি বাতিল বলে গন্য হবে।

৩. পরিচালকমন্ডলী বা আপিল কমিটি নিযুক্ত হলে তারা প্যারাগ্রাফ(২) মোতাবেক সময় বর্ধিত করতে পারেন তবে সংশ্লিষ্ট ফার্ম যদি ন্যায়বিচারের বিঘ্নিত হওয়ার প্রমান দিতে পারে তবেই যেকোন পরিস্থিতিতে সময় বৃদ্ধি হতে পারে। সময় বৃদ্ধির সকল আবেদন অবশ্যই লিখিত হতে হবে এবং তাতে কারন ব্যাখ্যা করতে হবে, যদি আবেদন প্রত্যাখ্যান করা হয়।

**মৌখিক শুনানী (আপীলের উপর)**

**উপবিধি ৩১৩**

১. কোন একটি বা উভয়পক্ষ যদি মৌখিক শুনানীর আবেদন করেন তবে লিখিতভাবে ট্রাইবুনালকে জানাতে হবে। ট্রাইবুনাল তা গ্রহন বা কোন কারন দর্শানো ব্যতিত বাতিল করতে পারেন। তাদের সিদ্ধান্তই চুড়ান্ত। আবেদন গৃহিত হলে চেয়ারম্যান তার অধস্তন সালিশকারীগনের সাথে পরামর্শক্রমে শুনানীর তারিখ সময় ও স্থান নির্ধারন করে শুনানী কার্যক্রম গ্রহন করবেন।

২. চেয়ারম্যান তার অধস্তন সালিশকারীগনের সাথে আলোচনা করে শুনানীর পুর্বেই সময়সীমা বেধে দিয়ে নির্দেশনা জারি করতে পারেন যাতে সংযুক্ত হবে নিম্নবর্নিত বিষয়াদিসমুহ।

- কোন পক্ষ বা তার হইয়া লিখিত আবেদন,
- সাক্ষীগনের জবানবন্দী
- প্রমানাদি উপস্থাপন।

৩. মৌখিক শুনানীর ক্ষেত্রে চেয়ারম্যান সময় বেধে দেবেন এবং সাক্ষীদের জবানবন্দী ও জেরার জন্যে সময়ও বেঁধে দেবেন।

৪. পক্ষগন তাদের কোন একজন কর্মকর্তার মাধ্যমে নিজ নিজ প্রতিনিধিত্ব করাতে পারেন বা সংস্থার সদস্য দ্বারা করতে পারেন বা সলিসিটর বা ব্যারিস্টার নিয়োগ করতে পারেন বা আইনগত স্বীকৃতিসম্পন্ন এডভোকেটের মাধ্যমে প্রতিনিধিত্ব করাতে পারেন। মৌখিক শুনানীতে পক্ষগন আইনী প্রতিনিধি নিয়ে হাজির হতে পারেন। এহেন আইনী প্রতিনিধি পক্ষকে উপদেশ প্রদান করতে পারেন কিন্তু ট্রাইবুনালে তাদের কোন ভুমিকা থাকবেনা।

## টেকনিক্যাল সালিশী রায়

**উপবিধি -৩১৪**

১. উপবিধি ৩১২(২) মোতাবেক আপিলকারী সকল ফি প্রদান করলে এবং তার আবেদন দায়ের করলে পরিচালকমন্ডলী একটি টেকনিক্যাল আপিল কমিটি (আপিল কমিটি) মনোনয়ন দেবেন।

২. পরিচালকগন আপিল সংক্রান্ত কোন সিদ্ধান্ত বা আপিল কমিটিতে যুক্ত হতে পারবেন না যদি তিনি বিবাদমান বিষয়ের সালিশ কার্যক্রমে যুক্ত থাকেন বা তার কারনে বিতর্কের সৃষ্টি হয়।

৩. **কোন** সদস্য আপিল কমিটিতে সদস্য হতে পারবেন না যদি তিনি বিবাদমান সালিশ কার্যক্রমে যুক্ত থাকেন এবং/বা তার কারনে বিতর্কিত কিছু হওয়ার সম্ভাবনা থাকে।

৪. চেয়ারম্যান ও অপর চারসদস্য নিয়ে আপিল কমিটি গঠিত হবে যাদের প্রত্যেকেই স্বতন্ত্র সদস্য হবেন। আইসিএ আর্বিট্রেশন স্ট্রাটেজী কমিটির সদস্য সালিশকারীগনের মধ্য হতে চেয়ারম্যান নিযুক্ত হবেন এবং আইসিএ কোয়ালিফাইড সালিশকারীগনের মধ্য হতে অপরাপর সালিশকারী নিযুক্ত হবেন।

৫. আমরা এমন একজন পর্যবেক্ষক মনোনীত করতে পারি যিনি ট্রাইবুনালের অংশ নন কিন্তু প্রশিক্ষন প্রদানের কাজে সহায়তা দেবেন।

৬. আপিল কমিটির সদস্য যদি পুর্ববর্তী সকল সভায় উপস্থিত থাকেন তবে তিনি অংশ নিয়ে ভোট দিতে পারবেন। আপিল কমিটির কোন মিটিং করতে হলে অবশ্যই কোরাম পূরণ করতে হবে। কোরামটি চেয়ারম্যান ও অন্য তিন সদস্য নিয়ে অথবা চেয়ারম্যানের বিবেচনায় দুজন নিয়েও হওয়া যায়।

৭. আপিল কমিটির সভায় চেয়ারম্যান ও অপর তিনজনের উপস্থিতিতে বা চেয়ারম্যানের বিচক্ষনতায় দুজন সদস্যের বেলায়ও কোরাম গ্রহনযোগ্য হবে। কোরাম পুরন না হলে পরিচালকমন্ডলী নতুন আপিল কমিটি মনোনয়ন দিতে পারেন। তবে উভয়পক্ষ লিখিতভাবে সম্মতিজ্ঞাপন করলে এই প্যারাগ্রাফের বিধানসমুহ ভিন্ন হতে পারে পরিচালকমন্ডলী চাইলে।

৮. পরিচালকমন্ডলী মনোনীত আপিল কমিটির চেয়ারম্যান বা কমিটির কোন সদস্য সম্পর্কে যদি বিবাদমান পক্ষগন বা কেউ একজন আপত্তি জানান তবে তা অবশ্যই মনোনয়ন সংক্রান্ত নোটিশ পাওয়ার সাত দিনের মধ্যে জানাতে হবে। সকল আপত্তি অবশ্যই লিখিতভাবে জানাতে হবে কারন ও ব্যাখ্যাসহ। মনোনয়ন সম্পর্কে আপত্তি তখনি বৈধ হবে যখন প্রেসিডেন্ট এমন সিদ্ধান্ত দেবেন যে বর্নিত মনোনয়নের কারনে ন্যায়বিচার বিঘ্নিত হতে পারে।

৯. পরিচালকমন্ডলী আপত্তি পাওয়ামাত্র বিকল্প একজনকে মনোনীত করবেন।

১০. আপিল কার্যক্রমের আওতায় নতুন করে শুনানী করে আপিল কমিটি নতুন প্রমানাদি আমলে নিয়া প্রক্রিয়া অগ্রবর্তী করতে পারেন। এটি পুর্ববর্তী প্রথম ট্রাইবুনালের প্রদত্ত রায়কে প্রতিপাদন, ভিন্ন, পরিমার্জন বা রহিত করতে পারেন এবং বিবাদমান সকল বিষয়ের আলোকে নতুন রায় প্রদান করতে পারেন।

১১. আপিল কমিটি সাধারন সংখ্যাগরিষ্টতার আলোকে সিদ্ধান্ত প্রদান করবেন। চেয়ারম্যানসহ সকল সদস্য একটি করে ভোট প্রদান করবেন। উভয়পক্ষে সমসংখ্যক ভোট পড়লে চেয়ারম্যান সমাধানের লক্ষ্যে আরেকটি ভোট দিতে পারবেন।

১২. আপিল কমিটির চেয়ারম্যান ও সেক্রেটারী রায়ে স্বাক্ষর করবেন।

**আপিল সময়সীমা**

**উপবিধি ৩১৫**

১. আপিলকারী তার আবেদন অবশ্যই রায়ে উল্লেখিত সময়ের মধ্যে আমাদেরকে জানাবে। আপিলকারী উপবিধি ৩১২(২) মোতাবেক সকল ফি জমা করবেন সংস্থা তার আপীলের নোটিশ পাবার ১৪ দিনের মধ্যে এবং তা না করতে পারলে আপিলটি ডিসমিস বলে গন্য হবে।

২. জবাবদাতা যদি কোন আবেদন করতে চান তবে আপিলকারীর আবেদনকৃত বিষয়ের অনুলিপি সম্বলিত নোটিশ পাওয়ার ১৪ দিনের মধ্যে তা করতে হবে।

৩. জবাবদাতা যদি জবাব দেন তবে জবাবদাতার জবাব সম্বলিত নোটিশ পাওয়ার সাত দিনের মধ্যে আপিলকারী আরেকটি আবেদন করতে পারবেন।

৪. আপিলকারীর পরবর্তী মন্তব্য সম্বলিত নোটিশ পাওয়ার সাত দিনের মধ্যে জবাবদাতা তার চুড়ান্ত আবেদন দায়ের করতে পারেন।

৫. পরিচালকমন্ডলী বা আপিল কমিটি নিযুক্ত হলে তারা সময় বর্ধিত করতে পারেন তবে সংশ্লিষ্ট ফার্ম যদি ন্যায়বিচারের বিঘ্নিত হওয়ার প্রমান দিতে পারে তবেই যেকোন পরিস্থিতিতে সময় বৃদ্ধি হতে পারে। সময় বৃদ্ধির সকল আবেদন অবশ্যই লিখিত হতে হবে এবং তাতে কারন ব্যাখ্যা করতে হবে, যদি আবেদন প্রত্যাখ্যান করা হয়।

৬. নির্ধারিত সময় অতিক্রমের পুর্বেই সময়ের আবেদন দাখিল করতে হবে।

৭. উভয়পক্ষ সম্মত হলেই বেকলমাত্র পরবর্তী আবেদন গ্রহনযোগ্য হবে এবং যদি আপিল কমিটি মনে করেন যে তাদের বক্তব্য গ্রহন থেকে বিরত থাকলে ন্যায় বিচার বিঘ্নিত হতে পারে, তখন

- আপিলকারীকে বর্নিত বিষয়ে পরবর্তীতে মন্তব্য করার সুযোগ দেয়া হবে তবে অবশ্যই জবাবদাতার পরবর্তী মন্তব্য সম্বলিত নোটিশ পাওয়ার সাত দিনের মধ্যেই তা করতে হবে, এবং
- জবাবদাতাকে চূড়ান্ত মন্তব্য করার সুযোগ দেয়া হবে তবে অবশ্যই আপিলকারীর পরবর্তী মন্তব্য সম্বলিত নোটিশ পাওয়ার সাত দিনের মধ্যে তা করতে হবে।

৮. পরিস্থিতি ভিন্ন কিছু করতে নির্দেশ না করলে সংস্থা আপীলের শুনানীর আয়োজন করবে আপিল কমিটি কর্তৃক চূড়ান্ত মন্তব্য পাওয়া ১৪ দিনের মধ্যে।

৯. যেকোন পক্ষ লিখিতভাবে প্রতিনিধি মনোনীত করবে এমন ব্যক্তিকে যিনি আইসিএ কোয়ালিফাইড সালিশকারী হতে হবে যিনি তার হয়ে কাজ করবেন এবং বিবাদমান বিসয়ে সালিশ কালে যিনি সালিশী সদস্য হিসেবে কাজ করেন নি। তারপর আমরা শুধুমাত্র তাদের সাথেই যোগাযোগ করবো।

১০. সকল আপিল আবেদন আমাদের নিকট অবশ্যই দাখিল করতে হবে:

- বিবাদমান ফার্ম কর্তৃক বা
- নিযুক্ত প্রতিনিধি হিসেবে কাজ করছেন এমন সালিশকারী কর্তৃক।

১১. আমরা সরাসরি কোন আইনজ্ঞ সংস্থা/লিগ্যাল ফার্ম বা স্বাধীন আইনজীবির কোন আরজি গ্রহন করব না।

১২. ট্রাইবুনালে উপস্থাপিত অভিযোগের বিষয়ে আইনী পরামর্শের জন্য খরচা যা পক্ষগন বহন করবে তা দাবি করা হলেও অফেরতযোগ্য।

১৩. অ্যাসোসিয়েশন সকল রায়ের আসল সংস্করণ সংরক্ষণ করবে এবং তারা আরও দুটি আসল সংস্করণ তৈরি করবে। রায় প্রকাশিত হওয়ার পর সেক্রেটারিয়েট একটি অনুলিপি কুরিয়ারের মাধ্যমে পাঠাবেন (এবং একটি পি-ডি-এফ ইমেল করে) প্রতিটি পক্ষকে, এবং বৈদ্যুতিন কপি পাঠাবেন প্রতিটি সালিশকারীকে। TAC বা পক্ষগুলির সেক্রেটারিয়েটকে লিখিত অনুরোধ সাপেক্ষে এছাড়াও রায়ের আসল অনুলিপি তৈরি করা যেতে পারে, রায় প্রকাশের আগে।

# ক্ষুদ্র অভিযোগ সংক্রান্ত টেকনিকাল সালিশ

## (মার্কিন ডলার ২৫,০০০ বা তার নীচে মূল্য সম্পর্কিত বিরোধ)

**উপবিধি ৩১৬**

১. বর্নিত উপবিধির আওতায় সমাধানযোগ্য বিরোধসমুহ অবশ্যই এমন বিরোধ হতে হবে যাতে মোট $২৫,০০০ (পচিশ হাজার মার্কিন ডলার) এর নিচে মুল্যের বিষয়ের সাথে সম্পৃক্ত এবং এমন বিরোধ ব্যতিত যা এখনও হয়নি বা ভবিষ্যতে হবে না এবং যা আমাদের বিধি মোতাবেক বিক্রেতার নিকট তার চালান ফেরত গেছে চুক্তিবদ্ধ তারিখে বলবত আইনের আওতায়।

২. আমাদের নিযুক্ত একক সালিশকারী বিরোধীয় বিষয়ে শুনানী করবেন। একক সালিশকারী এটা নিশ্চিত করবেন যে উভয় পক্ষকে সমতার ভিত্তিতে দেখা হয়েছে এবং তাদেরকে নিজ নিজ বিষয়ে আরজি ও প্রমানাদি হাজিরের সমান সুযোগ দেয়া হয়েছে। একক সালিশকারী বিরোধ সম্পর্কে দ্রুত বিরোধ নিষ্পত্তির জন্য কার্যবিবরনী প্রস্তুত করবেন। আমরা পক্ষগণের মধ্যবর্তী এবং সালিশকারী ও পক্ষগণের মধ্যকার সকল যোগাযোগ কপি করব।

৩. উভয়পক্ষের আবেদনের ভিত্তিতে যখন একক সালিশকারী সিদ্ধান্ত গ্রহণ করবেন যে এটি রেমিটের মধ্যে এবং ক্ষুদ্র অভিযোগের মধ্যে পরেনা এবং একক সালিশকারীর মাধ্যমে এর সমাধান দূরুহ কাজ হবে তখন বিরোধ নিষ্পত্তির জন্য সালিশকারী পরামর্শ দিবেন এবং পক্ষগণের, অধিকার আছে পূর্ণ ট্রাইবুন্যাল নিয়োগ ও সংশ্লিষ্ট বিচারিক প্রক্রিয়া সম্পন্ন করার।

৪. ইতোপুর্বে মনোনয়ন প্রাপ্ত একক সালিশকারী ট্রাইবুনালের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করতে পারেন যদি তিনি আর্বিট্রেশন স্ট্রাটেজী কমিটির সদস্য হন এবং তার সম্পর্কে কোন একটি পক্ষ যদি আপত্তি না করে। তিনি যদি আর্বিট্রেশন স্ট্রাটেজী কমিটির সদস্য না হন তবে ট্রাইবুনালের চেয়ারম্যান নিয়োগে সাধারন প্রক্রিয়া অনুসৃত হবে। লিখিত অভিযোগ অবশ্যই সংশ্লিষ্ট নিয়োগ সংক্রান্ত অবহিতকরন নোটিশ পাওয়ার পর সাত দিনের মধ্যে দায়ের করতে হবে যাতে আপত্তির কারন বা ব্যাখ্যা অবশ্যই থাকতে হবে। নিয়োগ/মনোনয়ন সংক্রান্ত কোন অভিযোগ কেবলমাত্র তখনি গ্রহনযোগ্য হবে যদি প্রেসিডেন্ট এরুপ সিদ্ধান্ত দেন যে এর কারনে ন্যায় বিচার বিঘ্নিত হতে পারে। আমাদের তরফ থেকে অনুরোধ পাওয়ার ১৪ দিনের মধ্যে সকল পক্ষ নিজ নিজ প্রতিনিধি/সালিশকারী নিযুক্ত করবেন। বর্নিত সময়কালের মধ্যে কোন একটি পক্ষ যদি তার প্রতিনিধি/ সালিশকারী নিয়োগে ব্যর্থ হন তবে প্রেসিডেন্ট একজন সালিশকারী মনোনয়ন দেবেন এবং সংশ্লিষ্ট নিয়োগ সম্পর্কে পক্ষগনকে অবহিত করবেন।

**সালিশ কার্যক্রম প্রবর্তন**

**উপবিধি ৩১৭**

১. কোন পক্ষ বর্নিত বিধির আওতায় কোন সালিশ কার্যক্রম প্রবর্তনে আগ্রহী হলে (অভিযোগকারী) আমাদেরকে একটি অবহিতকরন নোটিশ লিখিতভাবে (অনুরোধ) প্রেরন করবেন। অভিযোগকারীকে সালিশ প্রবর্তনের সময় অবশ্যই কমপক্ষে ১২ মাসব্যাপী এসোসিয়েশনের সদস্য হতে হবে। অনিবন্ধিত প্রতিষ্ঠানসসমূহ ক্ষুদ্র অভিযোগ এর ব্যাপারে সালিশের আবেদন করতে পারবে না।

২. অভিযোগ প্রেরনের সময় অভিযোগকারী আরো যেসব ডকুমেন্ট সাথে পাঠাবেন তা হলোঃ

- অপর পক্ষের (জবাবদাতার) নাম, ঠিকানা ইমেইল এড্রেস, টেলিফোন ও ফ্যাক্স নাম্বার।
  ক. পক্ষগনের স্বাক্ষরিত চুক্তিপত্র; বা
  খ. চুক্তিপত্রে উল্লেখ না থাকলে উভয়পক্ষের স্বাক্ষরিত সালিশ চুক্তিপত্র; বা

  গ. সহায়ক প্রমানাদিসহ চুক্তির অনুলিপি।

- ক্লেইম ভ্যালুর বিবরন যা $২৫,০০০.০০ এর বেশি নয়, এবং
- বর্নিত আবেদনের আওতাধীন ফি এবং পরিশিষ্ট-সি মোতাবেক আগাম জমার অর্থ এক মাসের মধ্যে জমা না হলে সালিশ কার্যক্রম খারিজ করা হবে।

৩. যদি কোন এক পক্ষ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে বহিস্কৃত হন বা স্থগিত হয়ে থাকেন তবে আমরা সালিশ কার্যক্রমের সুবিধা প্রদান করবো না। চুক্তি স্বাক্ষরের সময় যদি কোন একটি পক্ষের নাম সংস্থার অপুর্ন তালিকাতে থাকে বা অনুচ্ছেদ ২৭ বা উপবিধি ৪১৯ মোতাবেক কোন একজন পক্ষের উপর সালিশ সার্ভিস আরোপের পরও তা পরিশোধে অপারগতা প্রকাশ করে, তবে আমরা সালিশ সুবিধা প্রদান করবো না।

**একক সালিশকারী মনোনয়ন**

**উপবিধি -৩১৮**

১. উপবিধি ৩১৭ এর অধীনে কোন অনুরোধ পাওয়ার পর আমরা সাত কর্মদিবসের মধ্যে (এক সপ্তাহ) একক সালিশকারী মনোনয়ন দেব। যদি বিবাদমান পক্ষগন লিখিতভাবে একক সালিশকারী নিয়োগের বিষয়ে সম্মতি জ্ঞাপন করেন তবে আইসিএ বিধিমালার আওতায় আমরা একক সালিশকারী নিয়োগ দেব যিনি এই উপবিধি এবং বিধিমালা ও সালিশ আচরন বিধি মোতাবেক যোগ্যতা সম্পন্ন হবেন।

২. একক সালিশকারী অবশ্যই আমাদের সংস্থার স্বতন্ত্র সদস্য হবেন। মনোনয়ন গ্রহনের পুর্বে তাকে পরিচালকমন্ডলী নির্ধারিত যোগ্যতা সম্পন্ন হতে হবে।

৩. কোন সালিশকারী মারা গেলে, পদত্যাগ করলে, কাজ করতে অস্বীকৃতি জানালে, কাঙ্খিত মান বজায় রাখতে সক্ষম না হলে বা অর্পিত দায়িত্ব পালনে সক্ষম না হলে যদি পদ শুন্য বলে পরিগনিত হয় তবে প্রেসিডেন্ট কর্তৃক শুন্যপদ পুরনের বন্দোবস্ত নেয়া হবে।

৪. যখন কাউকে সালিশকারী হিসেবে মনোনয়ন দেয়া হবে (আমরা কিংবা কোন পক্ষ মনোনীত করলে) এবং তিনি তা গ্রহন করবেন তখন তিনি উপবিধি ও অনুচ্ছেদ মোতাবেক সংস্থার দায়িত্ব পালন করতে বাধ্য থাকবেন।

৫. যদি বিবাদমান কোন একটি ফার্ম সালিশকারী সম্পর্কে তাদের আপত্তি জানান তবে বর্নিত আপত্তি অবশ্যই সংশ্লিষ্ট নিয়োগের সম্পর্কে নোটিশ প্রাপ্তির সাত দিনের মধ্যে করতে হবে। সকল আপত্তি অবশ্যই লিখিতভাবে জানাতে হবে কারন ও ব্যাখ্যাসহ। মনোনয়ন সম্পর্কে আপত্তি তখনি বৈধ হবে যখন প্রেসিডেন্ট এমন সিদ্ধান্ত দেবেন যে বর্নিত মনোনয়নের কারনে ন্যায়বিচার বিঘ্নিত হতে পারে। যদি দায়েরকৃত আপত্তি আমলে না নেয়া হয় বা প্রত্যাহার না করা হয় তবে প্রেসিডেন্ট একজন একক সালিশকারী প্রতিস্থাপন করতে পারেন।

৬. সাধারন সময়সীমার মধ্যে আপত্তি উত্থাপনের মতো নতুন কোন প্রমান হাজির হলে বর্নিত বিষয়ে আপত্তি তোলা যাবে। প্রেসিডেন্ট সিদ্ধান্ত দেবেন যে সেই বিষয়ে শুনানী হবে কিনা বা সেটি বৈধ কিনা।

৭. কোন ফার্ম যদি প্রেসিডেন্টের সিদ্ধান্তে অসন্তুষ্ট হয় তবে পরিচালকমন্ডলী বরাবর আপিল দায়ের করতে পারেন, প্রেসিডেন্টের সিদ্ধান্ত সম্পর্কে তাদেরকে নোটিশ জানানোর সাত দিনের মধ্যে। পরিচালকমন্ডলী প্যারাগ্রাফ(৫) ও প্যারাগ্রাফ (৬) এর মাধ্যমে অর্পিত যেকোন ক্ষমতা প্রয়োগ করতে পারেন।

৮. প্রেসিডেন্টের যদি স্বার্থগত দ্বন্দ্ব থাকে তবে তিনি বর্ণিত উপবিধির আওতায় সালিশকারী নিয়োগ করতে পারবেন না। সেই ক্ষেত্রে ভাইস-প্রেসিডেন্ট বা ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট সংস্থার প্রেসিডেন্টের ন্যায় নিয়োগ প্রদানের ক্ষমতা পাবেন।

## সালিশ বা আপিল কমিটি সদস্যগনের ক্ষমতা প্রত্যাহার

**উপবিধি -৩১৯**

১. যখন একজন একক সালিশকারী মনোনীত করা হবে তখন উভয়পক্ষের সম্মতি ব্যতিত কোন একটি পক্ষ কর্তৃক তার ক্ষমতা প্রত্যাহার করার আবেদন গ্রহনযোগ্য হবে না।

২. একক সালিশকারী আইসিএর সদস্যপদ হারিয়ে ফেললে কোন ক্ষমতা প্রয়োগ করতে পারবে না যদি না পরিচালকগন একমত হন।

৩. প্রেসিডেন্ট যেকোন মনোনয়ন প্রত্যাহার বা বিকল্প মনোনয়ন দিতে পারেনঃ

যদি তিনি তার উপর অর্পিত দায়িত্ব বলে অবিচার করতে থাকেন বা

নিম্নবর্নিত পরিস্থিতিতে কোন ফার্ম যদি এমন করতে অনুরোধ করেন

- তিনি যদি উপবিধি -৩১৮ মোতাবেক কোন আপত্তির স্বীকার হন
- যদি কোন নিযুক্ত সালিশকারী মারা যান, দায়িত্ব পালনে অস্বীকৃতি জানান বা অক্ষম হন;
- পক্ষগনের তরফ থেকে লিখিত আবেদন প্রাপ্তির ৫৬ দিনের মধ্যে একক সালিশকারীর বর্নিত বিষয়ে কোন সমাধান দিতে না পারেন বা
- পক্ষগনের তরফ থেকে লিখিত আবেদন প্রাপ্তির ৫৬ (আট সপ্তাহ) সময়ের মধ্যে একক সালিশকারীর যদি কোন সমাধান দিতে না পারেন।

৪. একক সালিশকে ট্রাইবুনাল চেয়ারম্যান করার পর তিনি যদি কাজ করতে অস্বীকৃতি জানান তবে অবশ্যই লিখিত নোটিশের মাধ্যমে তা জানাতে হবে এবং প্রেসিডেন্ট সাত দিনের মধ্যে একজন বিকল্প সালিশকারী নিয়োগের নোটিশ জারি করবেন।

৫. সংস্থা প্রেসিডেন্টকে নোটিশ প্রদান করবে। কোন ফার্ম যদি প্রেসিডেন্টের প্রদত্ত সমাধান সাদরে গ্রহন না করে তবে পরিচালকমন্ডলী বরাবর আপিল দায়ের করতে পারেন তবে অবশ্যই তা নোটিশ প্রাপ্তির সাত দিনের মধ্যে সম্পন্ন করতে হবে। পরিচালকমন্ডলী প্রেসিডেন্টকে প্রদত্ত যেকোন ক্ষমতা প্রয়োগ করতে পারেন।

৬. প্যারাগ্রাফ(৩) বর্নিত সময়সীমা মোতাবেক অর্পিত সালিশগনের দায়িত্ব হবে সকল বিবাদমান পক্ষকে যেকোন বিষয়ে তাদের অভিমত জানানোর সুযোগ দিতে হবে যাতে তারা নিজ নিজ দাবী সম্বলিত লিখিত আরজি পেশ করতে পারেন।

### ক্ষুদ্র সালিশের ক্ষেত্রে সংগঠনের ফি এবং তা জমাকরণ

**উপবিধি -৩২০**

১. একক সালিশকারী সালিশে দেয়া মোট সময়ের ভিত্তিতে এবং রুল বুক এর পরিশিষ্ট-গ মোতাবেক ফি দাবি করতে পারে।

২. সালিশী কার্যক্রমের ফলে উদ্ভুত বিষয়ে আইনী পরামর্শ প্রয়োজন মনে করলে একক সালিশকারী রায়ে উল্লেখিত পরিমান ফি প্রদানের জন্য পক্ষগনকে নির্দেশ প্রদান করতে পারেন।

৩. উপবিধি ৩২৩ এর আওতায় কোন রায় যখন সংস্থার সীল-স্বাক্ষরের জন্য উপস্থাপিত হবে তখন একক সালিশকারী তাদের প্রতিঘন্টার রেট জানিয়ে দিয়ে তাদের প্রাপ্য ফি এর জন্য ইনভয়েস করবেন। পরিচালকমন্ডলী অনুমোদিত ফরমেটে টাইম লিস্ট একক সালিশকারী কর্তৃক জমা করতে হবে।

৪. একক সালিশকারী ব্যক্তিগতভাবে সর্বোচ্চ ৫০ পাউন্ড খরচ দাবি করতে পারেন তার কুরিয়ার খরচ হিসেবে।

৫. রায় প্রদানের ১৪ দিনের মধ্যে সচিবালয় হতে পক্ষগনকে টাইম শীট পাঠানো হবে।

৬. একক সালিশকারকের ফি ও খরচা পরিশোধের বিষয়টি নির্ভরকরে সংস্থা কর্তৃক টাইম শীট প্রাপ্তির উপর।

৭. উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে রায় জারির অব্যবহিত পরেই একক সালিশকারী ফি ও খরচা পাবেন। উপবিধি ৩৫৯ এর আওতায় করা রিভিউতে ডিরেক্টরদের যদি মনে হয় ফি ও খরচা অযৌক্তিক তবে পরিচালকমন্ডলী ঠিক করবেন যে ফি ও খরচা কি হবে এবং একক সালিশকারী পরিচালকমন্ডলীর সিদ্ধান্ত মোতাবেক কাজ করবেন।

## বিচার প্রক্রিয়া

**উপবিধি -৩২১**

বিচারিক প্রক্রিয়ার সাথে সম্পৃক্ত যে প্রবিধানসমুহ আইনে রয়েছে তার কোন ব্যাত্যয় না করিয়া ট্রাইবুনাল তার নিজ রুল জারি করতে পারে অর্থাৎ কোন বৈধ সালিশ চুক্তিপত্র সম্পর্কে সালিশ করতে হলে যেসব বিষয়ে সালিশ করতে আবেদন করা হয়েছে সালিশ চুক্তিপত্রের আওতায় তা আমলে নিতে হবে।

## ছোট অভিযোগ সংক্রান্ত টেকনিকাল সালিশ কার্যক্রম

**উপবিধি -৩২২**

১. ছোট অভিযোগ সালিশি কার্যক্রম কেবলমাত্র প্রামান্য দলিলপত্রের ভিত্তিতে হবে।

২. একক সালিশকারী জন্য

- ঠিক করে নেবেন যে সকল বিষয়ে বিচারিক প্রক্রিয়া পরিচালনা করতে পারেন, এবং

- সকল বিচার্য বিষয়াদি ও প্রমানাদি আমলে নিতে হবে এবং তার বিষয়ে সিদ্ধান্ত জানাতে হবে। বর্নিত বিষয়ে বিবাদমান পক্ষগনের সংরক্ষিত অধিকার সম্পর্কে বিবেচনায় রেখে।

৩. একক সালিশকারী ত্বরিত কার্যক্রমের অগ্রগতি নিশ্চিত করবেন, প্রয়োজনে এই সংক্রান্ত আদেশ জারি করতে পারেন।

৪. একক সালিশকারী সময়সীমা বেঁধে দেয়ার পর আমরা পক্ষগনকে নোটিশ পাঠাবো।

৫. সকল পক্ষকে বিচারিক প্রক্রিয়ায় সহায়ক হিসেবে কাজ করতে হবে সেইসাথে কোন আদেশ বা নির্দেশ জারি হলে ট্রাইবুনালের বিচারিক প্রক্রিয়াকে সহায়তা করতে এবং প্রামান্য বিষয়াদি জানাতে হবে।

৬. কোন পক্ষ যদি একক সালিশকারীর বিচারিক প্রক্রিয়ার কোন নির্দেশ পরিপালনে অক্ষম হন বা অবজ্ঞা করেন তবে ট্রাইবুনাল এই বিষয়ে সালিশ করতে পারেন ও সিদ্ধান্ত প্রদান করতে পারেন।

৭. সকল প্রকার বিবরন, চুক্তি ও প্রমানিত বিষয়াদি/প্রমান অবশ্যই ইংরেজীতে দাখিল করতে হবে। তবে যদি প্রামান্য বিষয়াদি অন্য কোন ভাষায় দাখিল করা হয় ট্রাইবুনাল অন্যরুপ নির্দেশ না দিলে সেগুলো ইংরেজীতে অনুবাদ করতে হবে কেবলমাত্র সনদপ্রাপ্ত লোক দিয়ে।

৮. আমরা সরাসরি কোন আইনজ্ঞ সংস্থা/লিগ্যাল ফার্ম বা স্বাধীন আইনজীবির কোন আরজি গ্রহন করবো না।

৯. ট্রাইবুনালে উপস্থাপিত অভিযোগের বিষয়ে আইনী পরামর্শের জন্য খরচা যা পক্ষগন বহন করবে তা অফেরতযোগ্য।

## ক্ষুদ্র অভিযোগ সংক্রান্ত টেকনিকাল সালিশী রায়

**উপবিধি -৩২৩**

১. সকল রায় লিখিত হবে এবং একক বেঞ্চ সদস্য কর্তৃক তারিখসহ স্বাক্ষরিত হবে এবং তাতে ব্যাখ্যা থাকবে যে কেন ট্রাইবুনাল এহেন রায় প্রদান করছে।

২. আমাদের উপআইনের আওতায় প্রদত্ত রায়সমুহ ইংল্যান্ডে প্রদত্ত বলে গন্য এবং তারিখ হিসেবে গন্য হবে আপীলের নোটিশ পাওয়ার তারিখটি।

৩. আমাদের উপআইনের আওতায় প্রদত্ত রায়সমুহ ইংল্যান্ডে প্রদত্ত বলে গন্য হবে যদিও সেটি অন্য কোন স্থানে হয়ে থাক এবং স্বাক্ষরিত হওয়া বা প্রদানের স্থান কাল পাত্র যাই হোক না কেন।

৪. রায়ের তারিখে আমরা প্রতিটি রায়ে সংস্থার সীল প্রদান করবো এবং রুল বুকের পরিশিষ্ট গ মোতাবেক ফির পরিমান নির্দিষ্ট করবো।

৫. রায়ে আমাদের সীল ও স্বাক্ষরের পরই তা কার্যকর করা হবে।

৬. রায়ে সীল স্বাক্ষরের পর আমরা সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবো।

৭. স্ট্যাম্পিং ফি প্রদানের পর এবং কোন ফি, খরচা বকেয়া থাকলে তা পরিশোধের পর রায় বিলি করা হবে।

৮. উপরোক্ত প্যারাগ্রাফ(৬) মোতাবেক পক্ষগনকে নোটিশের মাধ্যমে জানানোর ২৮ দিনের (চার সপ্তাহ) মধ্যে আপিল করতে হবে বা তার সম্পর্কে আপত্তি নেই মর্মে জানাতে হবে।

৯. অ্যাসোসিয়েশন সকল রায়ের আসল সংস্করণ সংরক্ষণ করবে এবং তারা আরও দুটি আসল সংস্করণ তৈরি করবে। রায় প্রকাশিত হওয়ার পর সেক্রেটারিয়েট একটি অনুলিপি কুরিয়ারের মাধ্যমে পাঠাবেন (এবং একটি পি-ডি-এফ ইমেল করে) প্রতিটি পক্ষকে, এবং বৈদ্যুতিন কপি পাঠাবেন প্রতিটি সালিশকারীকে। ট্রাইবুনাল বা পক্ষগুলির সেক্রেটারিয়েটকে লিখিত অনুরোধ সাপেক্ষে এছাড়াও রায়ের আসল অনুলিপি তৈরি করা যেতে পারে, রায় প্রকাশের আগে।

## সুদের হার ও রায়

**উপবিধি ৩২৪**

একক সালিশকারী বা/এবং টেকনিকাল আপিল কমিটি সরল বা চক্রবৃদ্ধি হারে সুদের হার ঘোষনা করতে পারেন যাতে করে তারা ন্যায় বিচার প্রতিষ্ঠিত হবে বলে মনে করেন।

## খরচাদি

**উপবিধি -৩২৫**

সাধারন নিয়ম হলো সংশ্লিষ্ট প্রক্রিয়াতে যে খরচা তার বিষয়ে একক সালিশকারী এবং ছোট অভিযোগ আপিল কমিটি যদি অতিরিক্ত কোন কিছু দাবি না করেন তবে আপিল বা সালিশের কোন অংশ, কোন পক্ষ বহন করবে তার বিষয়ে একটি নীতিমালা আছে। উক্ত নির্দেশনার আলোকে একক সালিশকারী বা ক্ষুদ্র অভিযোগ আপিল কমিটি বাস্তব ভিত্তিক সিদ্ধান্ত প্রদান করবেন।

## ক্ষুদ্র অভিযোগ সংক্রান্ত টেকনিকাল আপিল

**উপবিধি -৩২৬**

১. কোন একটি পক্ষ যদি ট্রাইবুনালের রায়ের সাথে দ্বীমত পোষন করে তবে রায়ে উল্লেখিত সময়ের মধ্যে তিনি আমাদের নিকট আপিল দায়ের করতে পারেন। তাকে অবশ্যই আমাদের নিকট আপীলের নোটিশ পাঠাতে হবে।

২. আপীলের নোটিশ পেলে আপিলকারী আমাদের তহবিলে কত অর্থ জমা করতে হবে তা জানাবো যে বর্নিত আপীলের জন্য ফি, খরচা হিসেবে কত জমা দিতে হবে। ট্রাইবুনালের রায়ে যে পরিমান অর্থ জমা দিতে নির্দেশ রয়েছে আপিলকারীকে অবশ্যই সেই অর্থ জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে নির্ধারিত অর্থ জমা করতে না পারলে আপিলটি বাতিল বলে গন্য হবে।

৩. পরিচালকমন্ডলী বা আপিল কমিটি নিযুক্ত হলে তারা প্যারাগ্রাফ(২) মোতাবেক সময় বর্ধিত করতে পারেন তবে সংশ্লিষ্ট ফার্ম যদি ন্যায়বিচার বিঘ্নিত হওয়ার প্রমান দিতে পারেন তবেই সময় বৃদ্ধি হতে পারে। সময় বৃদ্ধির সকল আবেদন অবশ্যই লিখিত হতে হবে এবং তাতে কারন ব্যাখ্যা করতে হবে, যদি আবেদন প্রত্যাখ্যাত হয়ে থাকে।

## ক্ষুদ্র অভিযোগ সংক্রান্ত টেকনিকাল আপিল কমিটি

**উপবিধি -৩২৭**

১. ক্ষুদ্র অভিযোগ সংক্রান্ত টেকনিকাল আপিল কার্যক্রম পরিচালিত হবে শুধুমাত্র প্রামান্য দলিলপত্রের ভিত্তিতে।

২. উপবিধি ৩২৬(২) মোতাবেক আপিলকারী সকল ফি প্রদান করলে এবং তার আবেদন দায়ের করলে পরিচালকমন্ডলী একটি ক্ষুদ্র অভিযোগ সংক্রান্ত টেকনিকাল আপিল কমিটি (আপিল কমিটি) মনোনয়ন দেবেন।

৩. পরিচালকগন আপিল সংক্রান্ত কোন সিদ্ধান্ত বা আপিল কমিটিতে যুক্ত হতে পারবেন না, যদি তিনি বিবাদমান বিষয়ের সালিশ কার্যক্রমে যুক্ত থাকেন বা তার কারনে বিতর্কের উদ্ভব হয়ে থাকে।

৪. স্বতন্ত্র সদস্যরা আপিল কমিটিতে সদস্য হতে পারবেন না যদি তিনি বিবাদমান সালিশ কার্যক্রমে যুক্ত থাকেন এবং/বা তার কারনে যদি বিতর্কের উদ্ভূত হয়ে থাকে।

৫. চেয়ারম্যান ও অপর চারসদস্য নিয়ে আপিল কমিটি গঠিত হবে যাদের প্রত্যেকেই ব্যক্তি সদস্য হবেন। কমিটির সদস্যদের অতিরিক্ত যোগ্যতা থাকতে হবে যা পরিচালকগণ ঠিক করে দিবেন।

৬. আপিল কমিটির সভায় চেয়ারম্যান ও অপর দুজন সদস্যের উপস্থিতি বাধ্যতামুলক। কমিটির কোন সদস্য যদি কাজ করতে অস্বীকৃতি জানান তবে পরিচালকমন্ডলী একজন নতুন আপিল কমিটি সদস্য মনোনয়ন দেবেন। তবে এই প্যারাগ্রাফ এবং প্যারাগ্রাফ (৫) এ বর্নিত বিষয়ে যদি বিদ্যমান পক্ষদ্বয় লিখিত সম্মতি জানিয়ে থাকেন।

৭. পরিচালকমন্ডলী মনোনীত আপিল কমিটির চেয়ারম্যান বা কমিটির কোন সদস্য সম্পর্কে যদি বিবাদমান পক্ষগন বা কেউ একজন আপত্তি জানান তবে তা অবশ্যই মনোনয়ন সংক্রান্ত নোটিশ পাওয়ার সাত দিনের মধ্যে জানাতে হবে। সকল আপত্তি অবশ্যই লিখিতভাবে জানাতে হবে, কারন ও ব্যাখ্যাসহ। মনোনয়ন সম্পর্কে আপত্তি তখনি বৈধ হবে যখন প্রেসিডেন্ট এমন সিদ্ধান্ত দেবেন যে বর্নিত মনোনয়নের কারনে ন্যায়বিচার বিঘ্নিত হতে পারে।

৮. পরিচালকমন্ডলী আপত্তি পাওয়ামাত্র বিকল্প একজনকে মনোনীত করবেন।

৯. আপিল কার্যক্রমের আওতায় নতুন করে শুনানী করে আপিল কমিটি নতুন প্রমানাদি আমলে নিয়া প্রক্রিয়া অগ্রবর্তী করতে পারেন। এটি পুর্ববর্তী প্রথম ট্রাইবুনালের প্রদত্ত রায়কে প্রতিপাদন, ভিন্ন, পরিমার্জন বা রহিত করতে পারেন এবং বিবাদমান সকল বিষয়ের আলোকে নতুন রায় প্রদান করতে পারেন।

১০. আপিল কমিটি সাধারন সংখ্যাগরিষ্ঠতার আলোকে সিদ্ধান্ত প্রদান করবেন। চেয়ারম্যানসহ সকল সদস্য একটি করে ভোট প্রদান করবেন।

## আপিল সময়সীমা

**উপবিধি -৩২৮**

১. আপিলকারী তার আবেদন অবশ্যই রায়ে উল্লেখিত সময়ের মধ্যে আমাদের জানাতে হবে। আপিলকারী উপবিধি ৩২৬(২) মোতাবেক সকল ফি জমা করবেন সংস্থা তার আপীলের নোটিশ পাবার ১৪ দিনের মধ্যে এবং তা না করতে পারলে আপিলটি ডিসমিস বলে গন্য হবে।

২. জবাবদাতা যদি কোন মন্তব্য করতে চান তবে আপিলকারীর আবেদনকৃত বিষয়ের অনুলিপি সম্বলিত নোটিশ পাওয়ার ১৪ দিনের মধ্যে তা করতে হবে।

৩. জবাবদাতা যদি জবাব দেন তবে জবাবদাতার জবাব সম্বলিত নোটিশ পাওয়ার সাত দিনের মধ্যে আপিলকারী আরেকটি আবেদন করতে পারবেন।

৪. আপিলকারীর পরবর্তী মন্তব্য সম্বলিত নোটিশ পাওয়ার সাত দিনের মধ্যে জবাবদাতা তার চুড়ান্ত আবেদন দায়ের করতে পারেন।

৫. পরিচালকমন্ডলী বা আপিল কমিটি নিযুক্ত হলে তারা সময় বর্ধিত করতে পারেন তবে সংশ্লিষ্ট ফার্ম যদি ন্যায়বিচারের বিঘ্নিত হওয়ার প্রমান দিতে পারে তবেই যেকোন পরিস্থিতিতে সময় বৃদ্ধি হতে পারে। সময় বৃদ্ধির সকল আবেদন অবশ্যই লিখিত হতে হবে এবং তাতে কারন ব্যাখ্যা করতে হবে, যদি আবেদন প্রত্যাখ্যান করা হয়ে থাকে।

৬. নির্ধারিত সময় অতিক্রমের পুর্বেই সময়ের আবেদন দাখিল করতে হবে।

৭. উভয়পক্ষ সম্মত হলেই বেকলমাত্র পরবর্তী আবেদন গ্রহনযোগ্য হবে এবং যদি আপিল কমিটি মনে করেন যে তাদের বক্তব্য গ্রহন থেকে বিরত থাকলে ন্যায় বিচার বিঘ্নিত হতে পারে, তখন

- আপিলকারীকে বর্নিত বিষয়ে পরবর্তীতে মন্তব্য করার সুযোগ দেয়া হবে তবে অবশ্যই জবাবদাতার মন্তব্য সম্বলিত নোটিশ পাওয়ার সাত দিনের মধ্যেই তা করতে হবে, এবং

- জবাবদাতাকে চুড়ান্ত মন্তব্য করার সুযোগ দেয়া হবে তবে অবশ্যই আপিলকারীর মন্তব্য সম্বলিত নোটিশ পাওয়ার সাত দিনের মধ্যে তা করতে হবে।

৮. পরিস্থিতি ভিন্ন কিছু করতে নির্দেশ না করলে সংস্থা আপীলের শুনানীর আয়োজন করবে আপিল কমিটি কর্তৃক চুড়ান্ত মন্তব্য পাওয়ার ১৪ দিনের মধ্যে।

৯. যেকোন পক্ষ লিখিতভাবে প্রতিনিধি মনোনীত করবে এমন ব্যক্তিকে যিনি আইসিএ কোয়ালিফাইড সালিশকারী হতে হবে যিনি তার হয়ে কাজ করবেন এবং বিবাদমান বিষয়ে সালিশ কালে যিনি সালিশী সদস্য হিসেবে কাজ করেন নি। তারপর আমরা শুধুমাত্র তাদের সাথেই যোগাযোগ করবো।

১০. সকল আপিল আবেদন আমাদের নিকট অবশ্যই দাখিল করতে হবেঃ

- বিবাদমান ফার্ম কর্তৃক বা
- আমাদের স্বতন্ত্র সদস্য যারা মনোনীত প্রতিনিধি

১১. আমরা সরাসরি কোন আইনজ্ঞ সংস্থা/লিগ্যাল ফার্ম বা স্বাধীন আইনজীবির কোন আরজি গ্রহন করব না।

১২. ট্রাইবুনালে উপস্থাপিত অভিযোগের বিষয়ে আইনী পরামর্শের জন্য খরচা যা পক্ষগন বহন করবে তা অফেরতযোগ্য।

১৩. অ্যাসোসিয়েশন সকল রায়ের আসল সংস্করণ সংরক্ষণ করবে এবং তারা আরও দুটি আসল সংস্করণ তৈরি করবে। রায় প্রকাশিত হওয়ার পর সেক্রেটারিয়েট একটি অনুলিপি কুরিয়ারের মাধ্যমে পাঠাবেন (এবং একটি পি-ডি-এফ ইমেল করে) প্রতিটি পক্ষকে, এবং বৈদ্যুতিন কপি পাঠাবেন প্রতিটি সালিশকারীকে। ট্রাইবুনাল বা পক্ষগুলির সেক্রেটারিয়েটকে লিখিত অনুরোধ সাপেক্ষে এছাড়াও রায়ের আসল অনুলিপি তৈরি করা যেতে পারে, রায় প্রকাশের আগে।

# কোয়ালিটি সালিশ

## সালিশ শুরু

উপবিধি ৩২৯

কোন আবেদনের প্রয়োজন হলে, সালিশ শুরু হওয়ার পূর্বে সেটি অবশ্যই আমাদের দ্বারা গৃহীত হতে হবে। যদি তাতে হয়ে যায় বা কোন আবেদনের প্রয়োজন না হয়, তখন সালিশ শুরু হবে যখন এক পক্ষ অপরপক্ষকে লিখিতভাবে বলবে যে, সে সালিশে যেতে ইচ্ছুক এবং:

- অপর প্রতিষ্ঠানকে একজন মাত্র সালিশকারী ব্যবহারে সম্মত হতে বলবে এবং কোন সালিশীকারীর নাম সুপারিশ করতে বলবে বা

- তার সালিশকারীর নাম বলবে এবং অপর প্রতিষ্ঠানকেও তা করতে বলবে।

**উপবিধি ৩৩০**

১ যদি প্রতিষ্ঠানগুলো আমাদের উপবিধির অধীনে কোয়ালিটি সালিশে সম্মত হয়, আমাদের স্বতন্ত্র সদস্যরা সালিশ ও আপিল শুনানী করতে পারবে। আমরা সালিশী প্রক্রিয়ায় তাদের সহযোগীতা করব। এটি নিম্নোক্ত বিষয় সাপেক্ষে নিবন্ধিত ও অনিবন্ধিত উভয় প্রতিষ্ঠানের উপর প্রযোজ্য হবে:

- অনিবন্ধিত প্রতিষ্ঠানকে অবশ্যই সালিশের জন্য আবেদন করতে হবে। আমরা উক্ত আবেদন গ্রহণে অস্বীকৃতি জানাতে পারি। আবেদনকারী পরিচালকদের নিকট আপিলের অধিকার রাখে। তাদের সিদ্ধান্ত চূড়ান্ত।

- বিরোধীয় চুক্তির তারিখে যদি কোন প্রতিষ্ঠান নিবন্ধিত না থাকে, আবেদন ফি বকেয়া থাকতে পারে। পরিশিষ্ট-সি এর মধ্যে বিস্তারিত উল্লেখ রয়েছে।

- বিরোধীয় চুক্তির তারিখের একদিন পূর্বে যদি যে কোন পক্ষ তার নাম উপবিধি ৩৬৬ অনুযায়ী অসম্পূর্ণ সিদ্ধান্তের আইসিএ তালিকায় প্রকাশ করে, সালিশের আবেদন অবশ্যই এসোসিয়েশনের নিকট করতে হবে। যদি আবেদনকারী অনিবন্ধিত প্রতিষ্ঠান হয়, আমরা উক্ত আবেদন গ্রহণে অস্বীকৃতি জানাতে পারি। আবেদনকারী পরিচালকদের নিকট আপিলের অধিকার রাখে। তাদের সিদ্ধান্ত চূড়ান্ত।

- যদি এসোসিয়েশনে নিবন্ধিত কোন প্রতিষ্ঠান এমন পক্ষের সাথে চুক্তিবদ্ধ হয় যাদের নাম অসম্পূর্ণ সিদ্ধান্তের আইসিএ তালিকায় প্রকাশিত হয়েছে, সেক্ষেত্রে উপবিধি ৪১৯ এর প্রবিধান বা এসোসিয়েশনের সংঘবিধিতে প্রদত্ত প্রবিধান ও কার্যপ্রণালী প্রযোজ্য হবে।

- যদি কোন প্রতিষ্ঠান বরখাস্ত বা স্থগিত হয়ে থাকে, বা পুনঃনিবন্ধনের জন্য প্রত্যাখ্যাত হয়, আমরা তার কাছ থেকে সালিশের কোন আবেদন গ্রহণ করব না।

২ অত্র উপবিধির অধীনে সালিশের জন্য কোন আবেদনের প্রয়োজন হলে, আবেদন গৃহীত হয়েছে এবং বকেয়া ফি পরিশোধিত হয়েছে মর্মে অবগত না হওয়া পর্যন্ত কোন স্বতন্ত্র সদস্য সালিশকারী হিসেবে কাজ করবে না।

## সালিশকারী নিয়োগ

### উপবিধি ৩৩১

১ একজন সালিশকারীই পর্যাপ্ত মর্মে বিরোধকারী প্রতিষ্ঠান সম্মত না হলে, কোয়ালিটি সালিশ দুই সালিশকারী দ্বারা পরিচালিত হবে।

২ দুইজন সালিশকারী নিয়োগ করা হলে এবং তারা সম্মত না হলে, একজন আম্পায়ার সিদ্ধান্ত গ্রহণ করবে।

৩ সালিশকারী ও আম্পায়ার, নিয়োগকালে অবশ্যই আমাদের এসোসিয়েশনের স্বতন্ত্র সদস্য হতে হবে।

৪ যে কোন পক্ষ এসোসিয়েশনের প্রেসিডেন্টকে তার পক্ষে একজন সালিশকারী নিয়োগের জন্য অনুরোধ করতে পারে।

### উপবিধি ৩৩২

১ কোন প্রতিষ্ঠান উপবিধি ৩২৯ অনুযায়ী সালিশ শুরু করলে এবং অপর প্রতিষ্ঠানকে একজন মাত্র সালিশকারী ব্যবহারে সম্মত হতে বললে, অপর প্রতিষ্ঠানকে ১৪ দিনের (দুই সপ্তাহ) মধ্যে অবশ্যই :

হয়

- সুপারিশকৃত সালিশকারীর নাম গ্রহণ করতে হবে; বা
- অন্য একজন সালিশকারীর নামে সম্মত হতে হবে;

অথবা

- বলতে হবে যে, সে শুধুমাত্র একজন সালিশকারী ব্যবহারে সম্মত নয়;
- নিজের সালিশকারীর নাম বলতে হবে; এবং
- প্রথম প্রতিষ্ঠানের সালিশকারীর বিষয়ে আপত্তি জানাতে পারে।

২ যদি দ্বিতীয় প্রতিষ্ঠান তার সালিশকারী নাম উল্লেখ করে, প্রথম প্রতিষ্ঠানকে অবশ্যই সাত দিনের (এক সপ্তাহ) মধ্যে সেই মনোনয়নের উপর আপত্তি করতে হবে, অন্যথায় তা গৃহীত বলে গণ্য করা হবে।

৩ যদি দ্বিতীয় প্রতিষ্ঠান সাড়া না দেয়, একজন মাত্র সালিশকারী দিয়ে সালিশ করা যাবে না। উভয় প্রতিষ্ঠান কর্তৃক বা তাদের পক্ষে অবশ্যই সালিশকারী নিয়োগ করতে হবে।

### উপবিধি ৩৩৩

যদি কোন প্রতিষ্ঠান উপবিধি ৩২৯ অনুযায়ী সালিশ শুরু করে কিন্তু অপর প্রতিষ্ঠানকে শুধুমাত্র একজন সালিশকারীতে সম্মত হতে না বলে, তখন অপর প্রতিষ্ঠানকে অবশ্যই চৌদ্দ দিনের (এক সপ্তাহ) মধ্যে লিখিতভাবে তার সালিশকারী মনোনিত করতে হবে। সাত দিনের (এক সপ্তাহ) মধ্যে লিখিতভাবে কোন যৌক্তিক আপত্তি না করা হলে, যে কোন পক্ষ কর্তৃক নিয়োগকৃত সালিশকারী অপর পক্ষ কর্তৃক গৃহীত হয়েছে বলে গণ্য করা হবে।

### উপবিধি ৩৩৪

সালিশকারী বা সালিশকারীগণ মনোনীত হয়ে গেলে এবং আপত্তির জন্য অনুমোদিত সময় পেরিয়ে গেলে, এবং সংশ্লিষ্ট সকল আপত্তি নিস্পত্তি হয়ে গেলে, সালিশকারী বা সালিশকারীগনকে নিয়োগ করা হয়েছে বলে

গণ্য করা হবে। প্রতিষ্ঠানগুলোকে আইন অনুযায়ী সালিশকারী বা সালিশকারীগণকে স্বাধীনভাবে কাজ করতে দিতে হবে।

**উপবিধি ৩৩৫**

১ কোন প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত সালিশকারীর বিষয়ে অপরপক্ষ কোন আপত্তি উত্থাপন করতে চাইলে, সংশ্লিষ্ট নিয়োগের নোটিশ প্রদানের ৭ দিনের (এক সপ্তাহ) মধ্যে তা করতে হবে। আপত্তির কারণ সহ লিখিতভাবে আপত্তি পেশ করতে হবে। যদি প্রেসিডেন্ট সিদ্ধান্ত প্রদান করে যে, উল্লেখযোগ্য অন্যায় হতে পারে, তাহলেই শুধুমাত্র নিযোগের উপর আপত্তি বৈধ হবে।

২ যদি কোন পক্ষ:

- অনুরোধের পর চৌদ্দ দিনের (দুই সপ্তাহ) মধ্যে কোন সালিশকারী মনোনীত করতে ব্যর্থ হয়; বা
- মনোনয়নের উপর বৈধ আপত্তির চৌদ্দ দিনের (দুই সপ্তাহ) মধ্যে সালিশকারী পরিবর্তনের উপর সম্মতি জ্ঞাপনে ব্যর্থ হলে,

অপর প্রতিষ্ঠান, সালিশকারী মনোনয়নে ব্যর্থ অথবা অনুমোদিত সময়ের মধ্যে সালিশকারী পরিবর্তনের উপর সম্মতি জ্ঞাপনে ব্যর্থ প্রতিষ্ঠানের পক্ষে নিয়োগের জন্য প্রেসিডেন্টকে অনুরোধ করতে পারে।

৩ প্রেসিডেন্টের অভিপ্রায়ের বিষয়ে এসোসিয়েশন নোটিশ প্রদান করবে। যদি সেই নোটিশ প্রদানের চৌদ্দ দিনের (দুই সপ্তাহ) মধ্যে অপর প্রতিষ্ঠানের নিকট গ্রহণযোগ্য কোন সালিশকারী মনোনয়ন করতে না পারে, প্রেসিডেন্ট সিদ্ধান্ত নিতে পারেন।

৪ যে কোন প্রতিষ্ঠান চেয়ারম্যান বা কোয়ালিটি আপিল কমিটির যে কোন সদস্যের নিকট আপত্তি পেশ করতে পারেন, তবে তা সংশ্লিষ্ট নিয়োগের নোটিশ প্রদানের সাত দিনের (এক সপ্তাহ) মধ্যে করতে হবে। যে কোন আপত্তি কারণ সহ লিখিতভাবে পেশ করতে হবে। যদি প্রেসিডেন্ট সিদ্ধান্ত প্রদান করে যে, উল্লেখযোগ্য অন্যায় হতে পারে, তাহলেই শুধুমাত্র নিযোগের উপর আপত্তি বৈধ হবে।

৫ যদি কোন আপত্তি কাজ না করে এবং প্রত্যাহার করা না হয়, সেটি বৈধ কিনা তা ঠিক করতে অবশ্যই প্রেসিডেন্টকে অনুরোধ করতে হবে।

৬ আপত্তি উত্থাপনের সাধারণ সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর নতুন সাক্ষ্যপ্রমাণ সামনে আসলে, তখনও আপত্তি উত্থাপন করা যাবে। সেটির শুনানী হবে কিনা এবং সেটি বৈধ কিনা, তা প্রেসিডেন্ট নির্ধারণ করবেন।

৭ যদি কোন প্রতিষ্ঠান প্রেসিডেন্টে অভিপ্রায় বা সিদ্ধান্তের সাথে দ্বিমত পোষণ করে, সেটি পরিচালকদের নিকট আপিল করতে পারবে তবে তা নোটিশ প্রদানের সাত দিনের (এক সপ্তাহ) মধ্যে করতে হবে। পরিচালকগণ উপরোক্ত প্যারা (৩) ও প্যারা (৪) এর মাধ্যমে প্রেসিডেন্টকে প্রদত্ত কোন ক্ষমতা ব্যবহার করতে পারেন।

৮ যদি প্রেসিডেন্টের কোন সম্ভাব্য স্বার্থ বিরোধ থাকে. তিনি অত্র উপবিধিমালার অধীনে সালিশকারী নিযোগ করবেন না। এক্ষেত্রে, প্রেসিডেন্টের মত ভাইস-প্রেসিডেন্ট বা ভারপ্রাপ্ত প্রেসিডেন্টের নিয়োগের সমরূপ ক্ষমতা থাকবে।

**সালিশকারী, আম্পায়ার বা আপিল কমিটি সদস্যদের কর্তৃত্ব প্রত্যাহার**

**উপবিধি ৩৩৬**

১ একবার কোন সালিশকারী, আম্পায়ার বা আপিল কমিটি সদস্য নিয়োগপ্রাপ্ত হলে, উভয় প্রতিষ্ঠান সম্মত না হলে তার কর্তৃত্ব প্রত্যাহার করতে পারবে না।

২ কোন সালিশকারী, আম্পায়ার বা আপিল কমিটি সদস্যের ইন্টারন্যাশনাল কটন এসোসিয়েশনের সদস্যপদ স্থগিত থাকলে, পরিচালকগণ সম্মত না হলে তিনি যে পদেই নিয়োজিত হোন না কেন, তিনি কাজ করতে পারবেন না।

৩ প্রেসিডেন্ট কোন নিয়োগ প্রত্যাহার করতে পারেন এবং বিকল্প নিয়োগ দিতে পারেন:

যদি তার সেটি না করলে কোন সম্ভাব্য অন্যায় হতে পারে; বা

নিম্নোক্ত পরিস্থিতিতে যে কোন পক্ষ তা করার আবেদন করলে:

- যদি তিনি উপবিধি ৩৩৫ এর অধীনে কোন আপত্তি বহাল রাখে;
- যদি নিয়োগকৃত সালিশকারী মারা যায়, কাজ করতে অস্বীকৃতি বা অক্ষম হয়;
- যদি নিয়োগের অথবা সালিশের স্থানে স্যাম্পল পৌছানোর ২১ দিনের (তিন সপ্তাহ) মধ্যে, যেটি পরে হয়, একমাত্র সালিশকারী কোন সিদ্ধান্ত না দেন;
- যদি দুই জন সালিশকারীর নিয়োগের অথবা সালিশের স্থানে স্যাম্পল পৌছানোর ২১ দিনের (তিন সপ্তাহ) মধ্যে, যেটি পরে হয়, কোন সিদ্ধান্ত না দেন বা আম্পায়ার নিয়োগ না করেন; বা
- যদি আম্পায়ার তার নিয়োগের তারিখ থেকে সাত দিনের (এক সপ্তাহ) মধ্যে, কোন সিদ্ধান্ত না দেন;

৪ প্রেসিডেন্টের অভিপ্রায়ের বিষয়ে এসোসিয়েশন নোটিশ প্রদান করবে। যদি কোন প্রতিষ্ঠান প্রেসিডেন্টের সাথে দ্বিমত পোষণ করে, সেটি পরিচালকদের নিকট আপিল করতে পারবে তবে তা নোটিশ প্রদানের সাত দিনের (এক সপ্তাহ) মধ্যে করতে হবে। পরিচালকগণ, প্রেসিডেন্টকে প্রদত্ত কোন ক্ষমতা ব্যবহার করতে পারে।

**সময়সূচী**

**উপবিধি ৩৩৭**

**১ ম্যানুয়াল কোয়ালিটি এবং যন্ত্র দ্বারা পরীক্ষা আধারিত সালিশে ক্ষেত্রে:**

বিধি 223 নির্দিষ্ট করে যে কোনো দাবীর বিজ্ঞপ্তির সময়সীমা এবং স্যাম্পে গ্রহণের সময়। যদি না অন্যভাবে সম্মত হওয়া থাকে, এক পক্ষ অন্য পক্ষকে লিখিতভাবে বিধি 223 মোতাবেক যেনো গুণগতমান সম্পর্কে দাবী জানাবে, সালিশ-নিষ্পত্তি ঘটার আগে।

- কোনো দাবী সম্পর্কে লিখিত বিজ্ঞপ্তির 42 দিনের (6 সপ্তাহ) –এর মধ্যে সালিশ নিষ্পত্তি শুরু করত হবে উপবিধি 329 মোতাবেক; এবং

- কোনো দাবী সম্পর্কে লিখিত বিজ্ঞপ্তির 56 দিনের (৪ সপ্তাহ) –এর মধ্যে স্যাম্পেল সালিশ-নিষ্পত্তির স্থানে এবং/অথবা টেস্টের স্থানে পাঠিয়ে দিতে হবে।

২ পরিচালকগণ এই সময়সীমা বৃদ্ধি করতে পারেন, যদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান দেখাতে পারে যে, এটি না হলে বিশেষ অন্যায় হবে এবং এই সকল পরিস্থিতিতে সময়সীমা বৃদ্ধির আবেদন যৌক্তিক। আবেদনটি আমাদের নিকট অবশ্যই লিখিতভাবে দিতে হবে। পরিচালকগণ সিদ্ধান্ত গ্রহণের পূর্বে অন্যান্য প্রতিষ্ঠানের মতামত বিবেচনায় নিবেন।

## সালিশের স্থান

### উপবিধি ৩৩৮

১ বিরোধীয় প্রতিষ্ঠানগুলোর সম্মতিতে ম্যানুয়াল কোয়ালিটি সালিশ যে কোন স্থানে হতে পারে। যদি ম্যানুয়াল সালিশের জন্য পক্ষগণ কোন সম্মতিতে পৌছতে পারে, ম্যানুয়াল কোয়ালিটি সালিশ আমাদের সালিশী রুমে অনুষ্ঠিত হবে।

২ ম্যানুয়াল সালিশে আপিলের ক্ষেত্রে, ম্যানুয়াল আপিলের কোথায় শুনানী হবে তা পরিচালকগণ সিদ্ধান্ত নিবেন।

৩ সালিশ বা আপিল যেখানেই হোক না কেন, আমরা সালিশ ও আপিলের সিদ্ধান্তে সীল দিব এবং তা লিভারপুলে কার্যকর করব।

## কার্যপ্রণালী

### উপবিধি ৩৩৯

১ গুণগত মানের সালিশ স্যাম্পলের ভিত্তিতে পরিচালনা করা হবে এবং ম্যানুয়াল পরীক্ষার মাধ্যমে গ্রেড এবং স্টেপেল নির্ধারিত হবে, যদি না উভয় পক্ষ ইন্সট্রুমেন্ট পরীক্ষার জন্য লিখিতভাবে সম্মত হয়।

২ টেস্ট রিপোর্টের ভিত্তিতে ইনস্ট্রুমেন্ট টেস্টিং সালিশ পরিচালনা করা হবে। টেস্ট রিপোর্টের তথ্য হবে চূড়ান্ত, যদি পক্ষগুলি বিধি ২২৪ এবং বিধি ২৩৩ মোতাহেক ধাপগুলি পালন করে থাকে। সালিশকারীগণ সিদ্ধান্ত গ্রহণ করবেন, যদি যে কোন নিম্নোক্ত বিষয়ে ব্যর্থ হয়:

- প্রযোজ্য ছাড়ে সম্মত হতে; বা
- চুক্তিতে প্রযোজ্য টেস্ট রিপোর্টের ব্যাখ্যায় সম্মত হতে; বা
- টেস্ট রিপোর্ট ইস্যুর ১৪ দিনের (দুই সপ্তাহ) মধ্যে সম্মতিকৃত ভাড়া পরিশোধে ব্যর্থ হলে।
- টেস্টের স্থান বিষয়ে সম্মত হওয়া।

৩ ইনস্ট্রুমেন্ট টেস্টিং সালিশে উপবিধি ৩৪৬ ও ৩৪৭ প্রযোজ্য হবে না।

৪ উপবিধি ৩৫২ অনুযায়ী সালিশকারী, সালিশকারীগণ বা আম্পায়ারের সিদ্ধান্তের বিরুদ্ধে যে কোন প্রতিষ্ঠান আপিল করতে পারবে, তবে অধিকতর কোন ইনস্ট্রুমেন্ট টেস্ট করা হবে না।

## বিচার ব্যবস্থা

**উপবিধি ৩৪০**

বিচার ব্যবস্থা সংক্রান্ত আইনের প্রবিধান ক্ষুণ্ণ না করে, সালিশী চুক্তি অনুযায়ী কোন বিষয় সালিশে জমা দিলে সালিশকারী ও আম্পায়ার তাদের এখতিয়ারাধীনে সিদ্ধান্ত দিতে পারে।

**উপবিধি ৩৪১**

১ যদি একটি প্রতিষ্ঠান কোয়ালিটি সালিশ শুরু করে এবং অপর প্রতিষ্ঠান কোয়ালিটির বিষয়ে বিচার বা চুক্তির শর্তাবলীতে বিরোধ করে, পক্ষগণ অন্যরূপ সম্মতি জ্ঞাপন না করলে, সেক্ষেত্রে একটি টেকনিক্যাল সালিশ হবে। টেকনিক্যাল সিদ্ধান্ত বলবে:

- আমাদের এখতিয়ার আছে কিনা.
- বিষয়গুলো কোয়ালিটি সালিশ সাপেক্ষে কিনা; এবং
- কোয়ালিটি সম্পর্কে চুক্তির কোন্ কোন্ বিষয় প্রযোজ্য

২ সাধারণ পদ্ধতিতে পরিচালকদের নিকট আপিলের মাধ্যমে একটি প্রতিষ্ঠান এই রায় চ্যালেঞ্জ করতে পারে।

৩ টেকনিক্যাল সালিশ বা আপিল রায় প্রদান করে একটি কোয়ালিটি সালিশ সংঘটিত হতে পারে যে:

- সেখানে একটি বৈধ সালিশ চুক্তি রয়েছে; এবং
- আমাদের উপবিধি প্রযোজ্য।

## স্ট্যান্ডার্ড

**উপবিধি ৩৪২**

১ যখন আমরা কোয়ালিটির জন্য ‘ইউনিভার্সাল স্ট্যান্ডার্ড’ এর দিকে নির্দেশ করি, আমরা বোঝাই আমাদের এবং ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার এর মাঝে বিদ্যমান ইউনিভার্সাল কটন স্ট্যান্ডার্ড এগ্রিমেন্ট এর অধীনে গৃহীত রং ও লিফ গ্রেডের জন্য ইউনিভার্সাল স্ট্যান্ডার্ড।

২ এসোসিয়েশনের নিকট ‘ইউনিভার্সাল স্ট্যান্ডার্ড’ এর একটি পূর্ণ সেট রয়েছে। অফিস চলাকালে স্বতন্ত্র সদস্যরা তা পরিদর্শন করতে পারেন। সেগুলো সালিশ ও আপিল নিষ্পত্তিতে ব্যবহার করা যেতে পারে।

৩ কোয়ালিটি আপিল প্যানেল কর্তৃক নিয়মিত পরিদর্শনের জন্য স্ট্যান্ডার্ডগুলো উপস্থিত থাকবে। যদি তারা কখনো মনে করেন যে, স্ট্যান্ডার্ড পরিবর্তিত হয়েছে, প্যানেল পদক্ষেপ গ্রহণ করবে।

**উপবিধি ৩৪৩**

১ "আইসিএ অফিসিয়াল স্ট্যান্ডার্ডস" হলো সেগুলো যা পরিচালকগণ অনুমোদন করেছেন এবং এসোসিয়েশন নিশ্চিত করেছে।

২ এসোসিয়েশন স্ট্যান্ডার্ডগুলো সংরক্ষণ করবে। অফিস চলাকালে স্বতন্ত্র সদস্যরা তা পরিদর্শন করতে পারেন। সেগুলো সালিশ ও আপিল নিষ্পত্তি ব্যবহার করা যেতে পারে।

৩ কোয়ালিটি আপিল প্যানেল কর্তৃক নিয়মিত পরিদর্শনের জন্য স্ট্যান্ডার্ডগুলো উপস্থিত থাকবে। যদি তারা কখনো মনে করেন যে, স্ট্যান্ডার্ড পরিবর্তিত হয়েছে, প্যানেল পদক্ষেপ গ্রহণ করবে।

৪ কোয়ালিটি আপিল প্যানেলের মন্তব্য বিবেচনার পর পরিচালকগণ স্ট্যান্ডার্ডগুলো পরিবর্তন অনুমোদন করবেন। আমরা প্রত্যেক নিবন্ধিত প্রতিষ্ঠান ও স্বতন্ত্র সদস্যগণকে প্রস্তাবিত পরিবর্তনের বিষয়ে ১৪ দিনের (দুই সপ্তাহ) লিখিত নোটিশ প্রদান করব। তারপর আমরা পরিবতনগুলো অনুমোদন করব। নতুন স্ট্যান্ডার্ডগুলো অনুমোদন হওয়ার পরের দিন থেকে সেগুলো কার্যকর হবে। সেই তারিখে বা তার পরের চুক্তিগুলোতে সেগুলো প্রযোজ্য হবে।

৫ কটনের গ্রোথ বা গ্রেডের জন্য নতুন স্টান্ডার্ডগুলো আমরা নিশ্চিত করা মাত্র ব্যবহৃত হবে।

## বিরোধে ভ্যালু পার্থক্য প্রয়োগ

**উপবিধি ৩৪৪**

১ উপবিধি ৩৪৮ বা উপবিধি ৩৫৪ প্রযোজ্য না হলে, বা বিরোধকারী প্রতিষ্ঠান অন্যরূপ সম্মত না হলে, ভ্যালু ডিফারেন্স কমিটি কর্তৃক নির্ধারিত ভ্যালু এর পার্থক্যের উপর ভিত্তি করে কোয়ালিটি সালিশ রায় প্রদান করা হবে।

- সিআইএফ এবং সিআরএফ চুক্তির ক্ষেত্রে, প্রযোজ্য ভ্যালু পার্থক্য হবে কটন পৌছানোর তারিখে হওয়া পার্থক্য।
- এফওবি চুক্তির ক্ষেত্রে, প্রযোজ্য ভ্যালু পার্থক্য হবে বিল অফ ল্যাডিং বা অন্য টাইটেল ডকুমেন্টের তারিখে হওয়া পার্থক্য।
- অন্য সকল ক্ষেত্রে, প্রযোজ্য ভ্যালু পার্থক্য হবে বায়ার কটনের টাইটেল গ্রহণের দিনের সাথে।

২ ভ্যালু পার্থক্যগুলো প্রকাশিত হওয়ার পরের দিন থেকে কার্যকর হবে।

৩ পার্থক্যগুলো নির্ধারিত না হলে, চুক্তির জন্য যথাযথ বাজারে ভ্যালুর পার্থক্যের উপর ভিত্তি করে সিদ্ধান্ত প্রদান করা হবে। সালিশকারী বা সালিশকারীগণ বা আম্পায়ার বা কোয়ালিটি আপিল কমিটি যথাযথ পার্থক্য নির্ধারণ করবেন।

৪ হিসাবের সিদ্ধান্ত উপরোক্ত পদ্ধতি ব্যবহার করতে হবে।

**উপবিধি ৩৪৫**

১ কোয়ালিটি সালিশে, সিদ্ধান্ত নগদ অর্থে দেখানো যেতে পারে বা চুক্তিতে বর্ণিত ওজনের জন্য উপযুক্ত মুদ্রায় ভগ্নাংশেও দেখানো যেতে পারে।

২ সিআইএফ ও অনুরূপ চুক্তিতে, গ্রেড ও স্টেপল দৈর্ঘ্যের জন্য সিদ্ধান্ত পৃথকভাবে দেখাতে হবে। এটি কটন লিন্টার বা কটন ওয়েস্টের জন্য প্রযোজ্য হবে না।

## 'গড় গ্রেড'

**উপবিধি ৩৪৬**

১ কোন বিশেষ গ্রেডের জন্য গড়ে বিক্রিত কটনের উপর সালিশ ভিন্ন ভিন্ন লট শ্রেণীভূক্ত করার মাধ্যমে নিষ্পত্তি করতে হবে। গ্রেড বা গ্রেডের ভগ্নাংশ সেই গ্রেডের স্ট্যান্ডার্ডের উপরে ও নীচের হিসেবে করতে হবে। গড়ে যা-ই আসবে তা প্রদান করা হবে। বাকীগুলোর উপর ছাড় দিতে হবে।

২ বায়ার ও সেলার অন্যরূপ সম্মত না হলে এটি প্রযোজ্য হবে।

## শ্রেণীবিভাজন

**উপবিধি ৩৪৭**

১ যদি কোন প্রতিষ্ঠান কোয়ালিটি সালিশের বিরুদ্ধে আপিল করে এবং অতিরিক্ত ফি পরিশোধ করে, তাহলে কোয়ালিটি আপিল কমিটি গ্রেড, রং বা স্টেপল দৈর্ঘ্যের জন্য প্রকৃত শ্রেণীবিভাজন প্রদর্শন করে একটি সার্টিফিকেট ইস্যু করবে।

২ আমেরিকান আপল্যান্ড কটন

আমেরিকান আপল্যান্ড কটনের রং ও লিফ গ্রেড 'ইউনিভার্সাল স্ট্যান্ডার্ড' এর অধীনে শ্রেণীবিন্যস্ত করা হবে।

আমেরিকান পিমা কটন

আমেরিকান পিমা কটনের রং ও লিফ গ্রেড যুক্তরাষ্ট্রে অফিসিয়াল কটন স্ট্যান্ডার্ড এর অধীনে শ্রেণীবিন্যস্ত করা হবে।

উভয় ক্ষেত্রে, স্টেপল দৈর্ঘ্য ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অফ অগ্রিকালচার স্ট্যান্ডার্ডস এর শর্তাবলীর অধীনে শ্রেণীবিন্যস্ত করা হবে।

৩ নন-আমেরিকান কটন

আমাদের নিকট থাকা 'আইসিএ স্ট্যান্ডার্ডস' এর জন্য গ্রোথের ক্ষেত্রে, এই স্ট্যান্ডার্ডগুলোর অধীনে গ্রেড শ্রেণীবিন্যস্ত করা হবে।স্টেপল দৈর্ঘ্য ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অফ অগ্রিকালচার স্ট্যান্ডার্ডস এর শর্তাবলীর অধীনে শ্রেণীবিন্যস্ত করা হবে।

৪ যেই কটনগুলোকে শ্রেণীবিন্যস্ত করতে চাইবে, তাকে আপিল আবেদন করার সময়ই তা চাইতে হবে।

৫ শ্রেণীবিভাজন শুধুমাত্র স্যাম্পলকৃত বেইলের উপর প্রযোজ্য হবে।

## সাধারণ মান সীমার বাইরের কটন

**উপবিধি ৩৪৮**

১ সংশ্লিষ্ট গ্রোথের সাধারণ মান সীমার বাইরের কটনের উপর সালিশ ও আপিল, কটনের স্বাভাবিক ভ্যালু অবশ্যই প্রমাণ করতে হবে। সিদ্ধান্তে পৌছানোর জন্য সেই ভ্যালুটি বিবেচনায় আনা হবে। ভ্যালু নির্ধারণ করা না গেলে, চুক্তির মূল্যের উপর সালিশ হবে।

২ কটন ওয়েস্ট, লিন্টার, পিকিং ও অনুরূপ জিনিসের উপর সালিশ ও আপিল, জানা ভ্যালুর উপর ভিত্তি করে সালিশ হবে। প্রকৃত ভ্যালু প্রমাণ করা না গেলে, চুক্তির মূল্যের উপর সালিশ হবে।

৩ সালিশকারী বা সালিশকারীগণ বা আম্পায়ার এবং নিয়োগকৃত কোয়ালিটি আপিল কমিটি কটন ব্যবসার সাথে সংযুক্ত প্রতিষ্ঠান বা ব্যক্তি এবং কটন ওয়েস্ট, লিন্টার, পিকিং ও অনুরূপ জিনিসের বিশেষজ্ঞদের নিকট থেকে পরামর্শ ও স্বাক্ষ্য প্রমাণ নিতে পারবে।

## নামহীন সালিশ

**উপবিধি ৩৪৯**

১ নামহীন কোয়ালিটি সালিশ বলতে বোঝায় আমরা বিরোধকারী প্রতিষ্ঠান, বা সালিশকারী এবং আম্পায়ারের নাম প্রকাশ করব না।

২ যদি মান সম্পর্কে কোন বিরোধ সৃষ্টি হয় এবং উভয় পক্ষ সম্মত হয় যে, তারা নামহীন কোয়ালিটি সালিশে যাবে, নিম্লোক্ত পরিচ্ছেদগুলো সাধারণ সালিশী কার্যপ্রণালীর ব্যতিক্রম হবে।

৩ উভয় পক্ষ সেক্রেটারী বরাবরে নামহীন সালিশের জন্য লিখিতভাবে আবেদন করতে পারে। তাদেরকে অবশ্যই ইস্যু পয়েন্ট ব্যাখ্যা করতে হবে এবং প্রমান দিতে হবে যে, এই আবেদনে অপর প্রতিষ্ঠানের সম্মতি রয়েছে।

৪ সেই সালিশের জন্য ফি ও চার্জ নির্ধারণের প্রতিষ্ঠানগুলোর অবস্থা সম্পর্কিত তথ্য সেক্রেটারীকে অবশ্যই প্রদান করতে হবে।

৫ যখন প্রেসিডেন্ট প্রমাণ গ্রহণ করবেন, তিনি সালিশকারী হিসেবে দুই জন স্বতন্ত্র সদস্যকে নিয়োগ করবেন। যদি সালিশকারীগণ ২১ দিনের (তিন সপ্তাহ) মধ্যে সিদ্ধান্ত প্রদানে সম্মত না হতে পারেন, তাহলে প্রেসিডেন্ট একজন আম্পায়ার নিয়োগ দিবেন।

৬ নিম্লোক্ত অবস্থায় প্রেসিডেন্ট নতুন সালিশকারী বা সালিশকারীগণ বা আম্পায়ার নিয়োগ করতে পারেন:

- সালিশ প্রক্রিয়ার সময় কোন সালিশকারী বা আম্পায়ার মারা গেলে, কাজ করতে অস্বীকৃতি জানালে বা অক্ষম হলে; বা
- সালিশাকারীগণ কর্তৃক আম্পায়ারের নিকট প্রেরিত কোন বিষয়ে সাত দিনের (এক সপ্তাহ) মধ্যে কোন লিখিত সিদ্ধান্ত জবাব না পান।

৭ সালিশকারীগণ ও আম্পায়ারকে বিরোধকারী প্রতিষ্ঠানের নাম দেওয়া হবে না, এবং প্রতিষ্ঠানগুলোকেও সালিশকারী ও আম্পায়ারের নাম দেওয়া হবে না।

৮ প্রাসঙ্গিক বিক্রয় ধরণ ও স্যাম্পল, বা টেস্ট ফলাফল এবং চুক্তির সারাংশ সালিশকারী ও আম্পায়ারকে দেওয়া সেক্রেটারীর দ্বায়িত্ব। শুধুমাত্র মান সম্পর্কিত বিষয়ে সারাংশ দেওয়া হবে। ম্যানুয়াল সালিশ, সালিশকারী ও আম্পায়ারের নিকট যাওয়ার পূর্বে তিনি সেলারের ধরন ও স্যাম্পল সনাক্তকর চিহ্ন নম্বর দিয়ে পরিবর্তন করবেন।

৯ বিশেষ ফরমে রায় প্রদান করতে হবে। যদি সকল ফি ও খরচাদি পরিশোধ করা হয়ে থাকে, আমরা সেই রায়, বিবাদমান প্রতিষ্ঠানগুলিতে প্রেরণ করব। অ্যাসোসিয়েশন সকল রায়ের আসল সংস্করণ সংরক্ষণ করবে এবং তারা আরও দুটি আসল সংস্করণ তৈরি করবে। রায় প্রকাশিত হওয়ার পর সেক্রেটারিয়েট একটি অনুলিপি কুরিয়ারের মাধ্যমে পাঠাবেন (এবং একটি পি-ডি-এফ ইমেল করে) প্রতিটি পক্ষকে, এবং বৈদ্যুতিন কপি পাঠাবেন প্রতিটি সালিশকারীকে। ট্রাইবুনাল বা পক্ষগুলির সেক্রেটারিয়েটকে লিখিত অনুরোধ সাপেক্ষে এছাড়াও রায়ের আসল অনুলিপি তৈরি করা যেতে পারে, রায় প্রকাশের আগে।

**কোয়ালিটি সালিশ সিদ্ধান্ত**

**উপবিধি ৩৫০**

১ সিদ্ধান্ত আমাদের অফিসিয়াল ফরমে লিখিতভাবে, তারিখ ও সালিশকারী বা আম্পায়ার কর্তৃক স্বাক্ষরিত সম্বলিত হবে। আপিল সিদ্ধান্তে আপিল কমিটির চেয়ারম্যান বা ডেপুটি চেয়ারম্যান এবং সেক্রেটারীর স্বাক্ষর অবশ্যই থাকতে হবে।

২ কোয়ালিটি সিদ্ধান্তের মধ্যে সিদ্ধান্তের কারণ উল্লেখ থাকবে না।

৩ যে কোন সিদ্ধান্তে সালিশ এর স্থান ইংল্যান্ড এবং আমাদের নিকট আপিল এর নোটিশ পৌছানোর সর্বশেষ তারিখ উল্লেখ থাকবে।

৪ বিষয়গুলো যেখানেই নির্ধারিত হোক বা সিদ্ধান্ত যেখাহে স্বাক্ষরিত, বিরোধীয় প্রতিষ্ঠানের নিকট প্রেরিত বা ডেলিভার করা হোক, আমাদের উপবিধির অধীনে প্রদত্ত সকল সিদ্ধান্ত ইংল্যান্ডে প্রদত্ত হয়েছে বলে গণ্য হবে।

৫ সিদ্ধান্তের তারিখে আমাদের অফিসে আমরা প্রত্যেক সিদ্ধান্তের উপর সীল দিব এবং বিধি বইয়ের পরিশিষ্ট গ এর মধ্যে বর্ণিত ফি প্রযোজ্য হবে।

৬ আমরা সীল প্রদানের পর যে কোন সিদ্ধান্ত কার্যকর ও অত্যাবশ্যক হবে।

৭ আমরা সিদ্ধান্তের উপর সীল প্রদানের পর, সংশ্লিষ্ট সকল পক্ষকে নোটিশ প্রদান করব।

৮ সীলের ফি ও অন্যান্য বকেয়া ফি ও খরচাদি পরিশোধের পর সিদ্ধান্ত অবমুক্ত করা হবে।

৯ অ্যাসোসিয়েশন সকল রায়ের আসল সংস্করণ সংরক্ষণ করবে এবং তারা আরও দুটি আসল সংস্করণ তৈরি করবে। রায় প্রকাশিত হওয়ার পর সেক্রেটারিয়েট একটি অনুলিপি কুরিয়ারের মাধ্যমে পাঠাবেন (এবং একটি পি-ডি-এফ ইমেল করে) প্রতিটি পক্ষকে, এবং বৈদ্যুতিন কপি পাঠাবেন প্রতিটি সালিশকারীকে। ট্রাইবুনাল বা

পক্ষগুলির সেক্রেটারিয়েটকে লিখিত অনুরোধ সাপেক্ষে এছাড়াও রায়ের আসল অনুলিপি তৈরি করা যেতে পারে, রায় প্রকাশের আগে।

## সিদ্ধান্তের উপর সুদ

**উপবিধি ৩৫১**

সালিশকারীগণ, আম্পায়ার বা কোয়ালিটি আপিল কমিটি যেরূপ যথাযথ মনে করে সেরূপ তারিখে ও সেরূপ হারে সাধারণ বা চক্রবৃদ্ধি সুদের সিদ্ধান্ত দিতে পারে।

## কোয়ালিটি আপিল

**উপবিধি ৩৫২**

১ যদি যে কোন প্রতিষ্ঠান সালিশকারী বা সালিশকারীগণ বা আম্পায়ারের সিদ্ধান্তের সাথে সম্মতি প্রকাশ না করে, তারা সিদ্ধান্তের মধ্যে অনুমোদিত সময়ের মধ্যে আপিল করতে পারবেন। আমাদের নিকট অবশ্যই লিখিতভাবে আপিল নোটিশ প্রেরণ করতে হবে। আপিল করার সময় অবশ্যই আপিলের কারণ উল্লেখ করতে হবে। অধিকতর কারণ বা জবাব কোন তারিখে দিতে হবে তা আপিল কমিটির চেয়ারম্যান বা ডেপুটি চেয়ারম্যান নির্ধারণ করবেন।

২ আমরা পরিচালক কর্তৃক নির্ধারিত আবেদন ফি চাইতে পারি। বিধি বইয়ের পরিশিষ্ট গ এর মধ্যে বিস্তারিত বর্ণনা রয়েছে। আমাদের চালানের তারিখের ১৪ দিনের (দুই সপ্তাহ) মধ্যে এই অর্থ গৃহীত হতে হবে, না হলে আপিল বাতিল হয়ে যাবে।

৩ এই উপবিধি সালিশের বিরোধের খরচের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

৪ বার্ষিকভাবে নির্বাচিত কোয়ালিটি আপিল প্যানেল থেকে নির্বাচিত কোয়ালিটি আপিল কমিটি (‘কোয়ালিটি আপিল’) আপিলের শুনানী করবে। কোয়ালিটি আপিল প্যানেল একজন চেয়ারম্যান ও ডেপুটি চেয়ারম্যান নির্বাচন করবেন। প্যানেল থেকে নির্বাচিত চেয়ারম্যান ও ডেপুটি চেয়ারম্যানের সংখ্যা দুয়ের কম এবং চারের বেশী হবে না, যাদেরকে একটি কোয়ালিটি আপিল কমিটি গঠনের জন্য সংশ্লিষ্ট গ্রোথ বিচারের জন্য সবচেয়ে যোগ্য বিবেচনা করা হবে।

৫ উভয় পক্ষ সম্মত বা উভয়ে আপিল না করলে, আপিলের জন্য অনুমোদিত সময় শেষ হওয়ার পূর্বে আপিল কমিটি কোন আপিলের শুনানী করবে না।

৬ আপিল কমিটি বিরোধের সকল বিষয়কে আওতাভূক্ত করে নতুন সাক্ষ্যপ্রমাণ প্রদানের অনুমতি দিতে পারে, যদি না আপিল ইনস্ট্রুমেন্ট টেস্ট সালিশে প্রেরণ করা হয়, সেক্ষেত্রে শেষ টেস্ট রিপোর্টের তথ্য হবে চূড়ান্ত।

৭ সংখ্যাগরিষ্ঠ ভোটের মাধ্যমে আপিল কমিটি বিষয়টি নির্ধারণ করবে। চেয়ারম্যান ও ডেপুটি চেয়ারম্যান সহ সকল সদস্যের একটি করে ভোট থাকবে। যদি উভয় দিকে ভোট সমান হয়, তাহলে বিষয়টি নির্ধারণের জন্য চেয়ারম্যান পুনরায় ভোট দিবেন।

৮ কোন পরিচালক সালিশকারী বা আম্পায়ার হিসেবে কাজ করলে অথবা উল্লেখযোগ্য ক্ষতির সম্ভবনা থাকলে, তিনি কোন আপিলের সিদ্ধান্তে বা আপিল কমিটিতে জড়িত থাকতে পারবেন না।

৯ কোন স্বতন্ত্র সদস্য সালিশকারী বা আম্পায়ার হিসেবে কাজ করলে অথবা উল্লেখযোগ্য ক্ষতির সম্ভবনা থাকলে, তিনি কোন আপিলের সিদ্ধান্তে বা আপিল কমিটিতে জড়িত থাকতে পারবেন না।

**উপবিধি ৩৫৩**

১ বিষয়টি সালিশে সিদ্ধান্তের জন্য প্রেরণের পূর্বে, কোয়ালিটি আপিল কমিটি অবশ্যই কটনের এসেসমেন্ট করবেন অথবা ইন্স্ট্রুমেন্ট টেস্টিং এর ক্ষেত্রে টেস্ট রিপোর্ট এসেসমেন্ট করবেন এবং মতামত দিবেন। কিন্তু চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পূর্বে, কমিটিতে অবশ্যই সালিশের সিদ্ধান্ত বিবেচনা করতে হবে।

২ টেকনিক্যাল সালিশ বা আপিলের বিষয় নয় এবং বিচার ব্যবস্থা বা মান সম্পর্কিত চুক্তির শর্তবলীর বিষয়ে নতুন যুক্তিতর্ক পেশ করা হলে, কমিটি সিদ্ধান্তে পৌছাবে এবং সাক্ষ্যপ্রমাণের উপর ভিত্তি করে সিদ্ধান্ত দিবে।

৩ তবে উপবিধি ৩৪৯ এর অধীনে সিদ্ধান্তের বিরুদ্ধে আপিলে:

- চুক্তির পক্ষগণ এবং আপিলকারী পক্ষের নাম কোন অবস্থাতেই কোয়ালিটি আপিল কমিটির নিকট প্রকাশ করা হবে না;
- যদি কোন পক্ষ পূর্বে আপিল সিদ্ধান্ত বা সালিশ সিদ্ধান্ত পেশ করে, সেখানে কোন আপিল না থাকলে, সেখানে অবশ্যই এই মর্মে গ্যারান্টিমূলক একটি পত্র থাকতে হবে যে, আমাদের নিকট আপিলের জন্য লটটি হবে লট, বেইলের জন্য বেইল, যা পূর্ববর্তী সিদ্ধান্তে ছিল।; এবং
- কমিটি তার সিদ্ধান্ত দেওয়ার পূর্বে বিষয়টি সালিশ বা আপিল সিদ্ধান্তে প্রেরণ করতে পারে, কিন্ত তা করতে তারা বাধ্য নয়।
- অ্যাসোসিয়েশন সকল রায়ের আসল সংস্করণ সংরক্ষণ করবে এবং তারা আরও দুটি আসল সংস্করণ তৈরি করবে। রায় প্রকাশিত হওয়ার পর সেক্রেটারিয়েট একটি অনুলিপি কুরিয়ারের মাধ্যমে পাঠাবেন (এবং একটি পি-ডি-এফ ইমেল করে) প্রতিটি পক্ষকে, এবং বৈদ্যুতিন কপি পাঠাবেন প্রতিটি সালিশকারীকে। ট্রাইবুনাল বা পক্ষগুলির সেক্রেটারিয়েটকে লিখিত অনুরোধ সাপেক্ষে এছাড়াও রায়ের আসল অনুলিপি তৈরি করা যেতে পারে, রায় প্রকাশের আগে।

**অন্য কোথাও পরিচালিত সালিশ আপিল**

**উপবিধি ৩৫৪**

১ অন্য কোন এসোসিয়েশনের বিধিমালার অধীনে কোন ম্যানুয়াল কোয়ালিটি আপিল পরিচালিত হলেও, তা কোয়ালিটি আপিল প্যানেলের আপিলে যেতে পারে। তবে, এতে বিরোধীয় প্রতিষ্ঠানের লিখিত সম্মতি থাকতে হবে।

২ সালিশী সিদ্ধান্তের জন্য ব্যবহৃত মানের পার্থক্যের উপর ভিত্তি করে আপিলে সিদ্ধান্ত হবে, তবে ‘ইউনিভার্সাল স্ট্যান্ডার্ড’ বা‘ আইসিএ স্ট্যান্ডার্ড’ এর বিপরীতে কটন বিচার করা হবে। কোন মানের পার্থক্য না থাকলে, আমাদের পার্থক্য প্রযোজ্য হবে।

৩ যে এসোসিয়েশনের বিধিমালার অধীনে সালিশ হয়েছে সেটিতে বর্ণিত সময়সীমার মধ্যে আপিল দায়ের করতে হবে।

৪ আপিলের জন্য স্যাম্পলগুলো অবশ্যই সালিশে ব্যবহৃত একই স্যাম্পল হতে হবে। প্রকৃত স্যাম্পল হিসেবে সেগুলো অবশ্যই সীল করতে হবে এবং স্বাক্ষর করতে হবে। স্যাম্পলগুলো আমাদের নিকট প্রেরণ করতে হবে। সাথে এই মর্মে বিবৃতি থাকতে হবে যে, সালিশ প্রাকৃতিক আলোয় অথবা কৃত্রিম আলোয় সংগঠিত হয়েছে।

৫ অন্য কোন এসোসিয়েশনের বিধিমালার অধীনে ইনস্ট্রুমেন্ট টেস্ট সালিশ হয়ে থাকলেও, তা কোয়ালিটি আপিল প্যানেলে আপিল যেতে পারে। তবে, এতে বিরোধী প্রতিষ্ঠানের লিখিত সম্মতি থাকতে হবে। উপবিধি ৩৫২ প্রযোজ্য হবে।

৬ অ্যাসোসিয়েশন সকল রায়ের আসল সংস্করণ সংরক্ষণ করবে এবং তারা আরও দুটি আসল সংস্করণ তৈরি করবে। রায় প্রকাশিত হওয়ার পর সেক্রেটারিয়েট একটি অনুলিপি কুরিয়ারের মাধ্যমে পাঠাবেন (এবং একটি পি-ডি-এফ ইমেল করে) প্রতিটি পক্ষকে, এবং বৈদ্যুতিন কপি পাঠাবেন প্রতিটি সালিশকারীকে। ট্রাইবুনাল বা পক্ষগুলির সেক্রেটারিয়েটকে লিখিত অনুরোধ সাপেক্ষে এছাড়াও রায়ের আসল অনুলিপি তৈরি করা যেতে পারে, রায় প্রকাশের আগে।

## সৌহার্দ্যপূর্ণ নিষ্পত্তি

**উপবিধি ৩৫৫**

১ যদি বিরোধী প্রতিষ্ঠানগুলো সালিশ শুরুর পূর্বে কোন বন্দোবস্ত পায়, কিন্তু সেটি সিদ্ধান্তের ফরমে রেকর্ডের প্রয়োজন হয়, সেই বন্দোবস্ত রেকর্ড করে সিদ্ধান্ত প্রদানের জন্য তারা যৌথভাবে একজন সালিশকারী নিয়োগের ব্যাপারে সম্মত হতে পারে।

২ যদি প্রতিষ্ঠানগুলো সালিশ শুরু হওয়ার পর তাদের বিরোধ নিষ্পত্তি করে, তারা আমাদেরকে তৎক্ষণাৎ অবগত করবে। তারা সিদ্ধান্তের ফরমে বন্দোবস্ত রেকর্ড করতে না বললে, সালিশকারী, ট্রাইবুনাল বা আপিল কমিটি কোন সিদ্ধান্ত প্রদান করবে না।

৩ যদি একজন সালিশকারী, ট্রাইবুনাল বা আপিল কমিটি কোন সিদ্ধান্ত প্রদান করে, সেটির স্ট্যাটাস অন্য সিদ্ধান্তের ন্যায় অনুরূপ ও কার্যকর থাকবে।

৪ একজন সালিশকারীর, ট্রাইবুনালের বা আপিল কমিটির এবং সীলের জন্য নির্ধারিত চার্জ অবশ্যই পরিশোধ করতে হবে।

৫ সালিশ বা আপিলের বিষয়ে কোন ফি বা খরচাদির বিপরীতে জমা মাধ্যমে উপবিধি ৩৫৪(৪) অথবা উপবিধি ৩১২(২) এর অধীনে অর্থ জমা দেওয়া হলে, ট্রাইবুনাল বা আপিল কমিটি নির্ধারণ করবে যে, কি অনুপাতে অর্থ ফেরত দেওয়া হবে। এরূপ সিদ্ধান্তের ক্ষেত্রে হাতে নেওয়া কাজের পরিমাণ এবং/বা নিষ্পত্তির নোটিশ গ্রহণের তারিখে ট্রাইবুনাল বা আপিল কমিটির ব্যয় হওয়া আইনী ফি বিবেচনায় আনা হবে।

# ফি ও চার্জ

## সালিশের জন্য আবেদন ফি

উপবিধি ৩৫৬

১ সালিশের জন্য পরিচালকগণ কর্তৃক নির্ধারিত আবদেন ফি বিধি বইয়ের পরিশিষ্ট গ এর মধ্যে বর্ণিত হয়েছে।

২ একটি বিরোধে একাধিক চুক্তি থাকতে পারে, তবে প্রত্যেক সালিশের জন্য প্রতিষ্ঠানকে আমাদের নিকট আলাদা আবেদন ফি জমা দিতে হবে।

## আপিলের জন্য আবেদন ফি

**উপবিধি ৩৫৭**

১ আপিলের জন্য পরিচালকগণ কর্তৃক নির্ধারিত আবদেন ফি বিধি বইয়ের পরিশিষ্ট গ এর মধ্যে বর্ণিত হয়েছে।

২ পরিচালকগণ যথাযথ মনে করলে, তারা আবেদন ফি সম্পূর্ণ বা আংশিক হ্রাস করতে বা ফেরত দিতে পারে।

## অন্যান্য ফি ও চার্জ- টেকনিক্যাল

**উপবিধি ৩৫৮**

১ সালিশকারীগণ সহ টেকনিক্যাল আপিল কমিটি সদস্যরা ফি চার্জ করতে পারবেন, যা সালিশ/আপিলের প্রত্যেক সালিশকারী/টেকনিক্যাল আপিল কমিটি সদস্যরা যে পরিমাণ যৌক্তিক সময় দিয়েছেন তার উপর ভিত্তি করে নির্ধারিত হবে এবং সময়ে সময়ে আমাদের কর্তৃক নির্ধারিত নিম্নোক্ত স্কেল অনুযায়ী হবে:

- ঘণ্টা হারে প্রতি ঘণ্টা সর্বোচ্চ ১৫০ পাউন্ড পর্যন্ত চার্জ করা যাবে।
- প্রথম ঘণ্টার পর কোন ঘণ্টার ভগ্নাংশের জন্য প্রো রাটা হারে চার্জ হবে।
- প্রত্যেক সালিশকারীকে ন্যূনতম ১০০ পাউন্ড ফি প্রদান করতে হবে।
- প্রত্যেক সালিশের জন্য চেয়ারম্যানকে অতিরিক্ত ২৫০ পাউন্ড ফি প্রদান করতে হবে।

২ ট্রাইবুনাল চেয়ারম্যান ও আপিল কমিটির চেয়ারম্যান বিশেষ সমস্যা ও/বা ভ্যালুর সালিশ/আপিলের সময় তাদের সিদ্ধান্তে উপরোক্ত ফি স্কেল ও চার্জ ফি যৌক্তিক হারে বৃদ্ধি করতে পারবেন।

৩ যখন ট্রাইবুনাল বা টেকনিক্যাল আপিল কমিটি মনে করবেন যে, কোন বিষয়ের সালিশ বা আপিলের জন্য আইনী পরামর্শ প্রয়োজন, রায়ে নিদের্শিত যৌক্তিক আইনী ফি পরিশোধ করতে হবে।

৪ আমরা কোন অনুরোধ গ্রহণের পর যে কোন সময় এবং পরবর্তীতে সময়ে, ট্রাইবুনাল চেয়ারম্যান দাবী করতে পারেন যে, সালিশের সাথে সম্পৃক্ত ফি বা খরচাদির বিপরীতে জমার মাধ্যমে বিরোধীয়

যে কোন পক্ষকে সেই অর্থ জমা দিতে হবে। কোন পক্ষ সেই অর্থ জমা দিতে ব্যর্থ হলে, ট্রাইবুনাল সেই অর্থ পরিশোধ না হওয়া পর্যন্ত স্থগিত বা বন্ধ থাকবে।

৫ যখন উপবিধি ৩০৯ অনুযায়ী কোন সিদ্ধান্ত সিলের জন্য পেশ করা হয়, সালিশকারী বা টেকনিক্যাল আপিল কমিটি সদস্য তাদের প্রযোজ্য ঘণ্টা হার পরিস্কারভাবে উল্লেখ করে আমাদের নিকট চালান দিতে পারবেন। সালিশকারীগনকে পরিচালকগণ কর্তৃক অনুমোদিত ফরম্যাটে একটি টাইম শীট জমা দিতে হবে।

৬ সালিশকারী বা টেকনিক্যাল আপিল কমিটি সদস্য শুধুমাত্র সর্বোচ্চ ৫০ পাউন্ড কুরিয়ার ফি দাবী করতে পারবেন।

৭ সালিশকারীগণ এবং টেকনিক্যাল আপিল কমিটি সদস্যদের ফি ও খরচাদি এসোসিয়েশন টাইম শীট প্রাপ্তির উপর শর্তযুক্ত।

৮ উপরোক্ত বিষয়াদি সাপেক্ষে, সিদ্ধান্ত প্রদানের পর সালিশকারীগণ এবং টেকনিক্যাল আপিল কমিটি সদস্যরা তাদের ফি ও খরচাদি তৎক্ষণাৎ পাবেন। উপবিধি ৩৫৯ এর অধীনে রিভিউয়ের পর যদি পরিচালকগণ কোন ফি বা খরচ অযৌক্তিক মনে করেন, সালিশকারীগণ এবং টেকনিক্যাল আপিল কমিটি সদস্যদেরকে পরিচালকদের সিদ্ধান্ত অনুযায়ী কাজ করতে হবে।

**উপবিধি ৩৫৯**

১ সিদ্ধান্ত প্রকাশের পর, যদি কোন প্রতিষ্ঠান মনে করে যে, ফি ও খরচাদি অযৌক্তিক, সে এর কারণ উল্লেখ করে লিখিতভাবে এই অর্থের পরিমাণ পুনর্বিবেচনার জন্য পরিচালকদের বলতে পারে। পরিচালকগণ নির্ধারণ করবেন যে, কিভাবে তা পরিশোধ করা হবে।

২ সিদ্ধান্ত প্রদানের ২১ দিনের (তিন সপ্তাহ) মধ্যে অত্র উপবিধির অধীনে আমরা যে কোন অনুরোধের নোটিশ গ্রহণ করব।

**উপবিধি ৩৬০**

১ সাধারণ মূলনীতি হলো যে, বিষয় অনুযায়ী খরচাদি হবে, তবে ট্রাইবুনাল ও আপিল কমিটি সিদ্ধান্ত গ্রহণ করবে যে, কোন পক্ষ কি অনুপাতে সালিশের খরচ বহন করবে।

২ ট্রাইবুনাল তার সিদ্ধান্ত ব্যবহার করে নিম্নোক্ত সংশ্লিষ্ট বিষয়াদি সহ সকল গুরুত্বপূর্ণ পরিপার্শ্বিকতা বিবেচনা করবে:

- সালিশের কোন ইস্যুর কারণে উল্লেখযোগ্য পরিমাণ ব্যয় হয়েছে এবং কোন পক্ষ ঐ ইস্যুতে বিজয়ী হয়েছে।
- আংশিকভাবে সফল কোন দাবী কি অযৌক্তিভাবে অতিরিঞ্জিত করা হয়েছে কিনা।
- কোন দাবীতে বিজয়ী পক্ষের আচরণ এবং অপর পক্ষ কর্তৃক প্রদত্ত কোন ছাড়।
- প্রত্যেক পক্ষের বিজয়ের মাত্রা

**অন্যান্য ফি ও চার্জ- কোয়ালিটি**

**উপবিধি ৩৬১**

১ কোয়ালিটি সালিশ

- কোয়ালিটি সালিশের জন্য সর্বনিম্ন ফি বিধি বইয়ের পরিশিষ্ট গ এর মধ্যে বর্ণিত হয়েছে। তবে সালিশকারীগণ আরো বেশী চার্জ করতে পারেন।

- উভয় পক্ষ ফি প্রদান করতে বাধ্য থাকবে। সালিশকারীগণ প্রত্যেকপক্ষ কর্তৃক প্রদেয় ফি ভাগ করে দিবেন।

২ কোয়ালিটি আপিল

- কোয়ালিটি সালিশের জন্য সর্বনিম্ন ফি বিধি বইয়ের পরিশিষ্ট গ এর মধ্যে বর্ণিত হয়েছে। তবে সালিশকারীগণ আরো বেশী চার্জ করতে পারেন।
- আপিলকারী প্রত্যেক পক্ষ ফি প্রদান করতে বাধ্য থাকবে। সালিশকারীগণ প্রত্যেক পক্ষ কর্তৃক প্রদেয় ফি ভাগ করে দিবেন।

৩ কটন ওয়েস্ট, লিন্টার ও পিকিং

কটন ওয়েস্ট, লিন্টার ও পিকিং এর কোয়ালিটি সালিশ ও আপিল ফি কটনের উপর কোয়ালিটি সালিশ ও আপিল ফি এর অনুরূপ।

৪ শ্রেণীবিভাজন

উপবিধি ৩৪৭ এর অধীনে শ্রেণীবিভাজনের ফি বিধি বইয়ের পরিশিষ্ট গ এর মধ্যে বর্ণিত হয়েছে। শুধুমাত্র শ্রেণীবিভাজনের জন্য আবেদনকারীকে এই ফি পরিশোধ করতে হবে।

**উপবিধি ৩৬২**

১ কোয়ালিটি সালিশের জন্য কোন আম্পায়ার নিযুক্ত করা হলে, তিনি প্রধান প্রতিষ্ঠান কর্তৃক কোয়ালিটি সালিশের জন্য প্রদেয় সর্বনিম্ন ফির ৫০% পরিমাণ অর্থ গ্রহণ করবেন।

২ যে সকল সালিশকারীগণের সিদ্ধান্ত/রায় আম্পায়ারদের থেকে খুব বেশী পার্থক্য হবে, তারা তাদের ফি থেকে আম্পায়ারের ফি পরিশোধ করতে বাধ্য থাকবেন। যদি সমান সংখ্যক পার্থক্য হয়, প্রত্যেক সালিশকারী অর্ধেক পরিশোধ করবেন। কোয়ালিটি আপিলের ক্ষেত্রে, আপিল কমিটি সিদ্ধান্ত নিবে যে, কোন সালিশকারী আম্পায়ারকে অর্থ পরিশোধ করবে।

**উপবিধি ৩৬৩**

১ সিদ্ধান্ত একবার প্রকাশিত হওয়ার পর, যদি কোন প্রতিষ্ঠান মনে করে যে, সালিশকারী বা সালিশকারীগণ, আম্পায়ার বা আপিল কমিটি কর্তৃক নির্ধারিত ফি ও খরচাদি অযৌক্তিক, তারা এই অর্থের পরিমাণ পুনর্বিবেচনার জন্য পরিচালকদের বলতে পারে। পরিচালকগণ নির্ধারণ করবেন যে, কিভাবে তা পরিশোধ করা হবে।

২ ফি ও খরচাদির নোটিশ অথবা সিদ্ধান্ত প্রকাশিত হওয়ার, যেটি পূর্বে হয়, ১৪ দিনের (দুইপ সপ্তাহ) মধ্যে অত্র উপবিধির অধীনে আমরা যে কোন অনুরোধের নোটিশ গ্রহণ করব।

**স্ট্যাম্পিং চার্জ**
**উপবিধি ৩৬৪**

১ ফি বিধি বইয়ের পরিশিষ্ট গ এর মধ্যে স্ট্যাম্পিং চার্জ বর্ণিত হয়েছে। বিরোধ সৃষ্টিকারী চুক্তির প্রদানে তারিখে প্রতিষ্ঠানের নিবন্ধন স্ট্যাটাস অনুযায়ী হারে এই অর্থ পরিশোধ করতে হবে। সালিশ শুরু হওয়ার পর যদি কোন প্রতিষ্ঠানের নিবন্ধন স্থগিত বা বহিস্কার করা হয়, অথবা পুনঃনিবন্ধনের জন্য প্রত্যাখ্যান করা হয়, তাকে অবশ্যই অনিবন্ধিত হারে অর্থ পরিশোধ করতে হবে।

২ কোয়ালিটি সালিশ ও আপিল

কোয়ালিটি সালিশে উভয় প্রতিষ্ঠান স্ট্যাম্পিং চার্জ প্রদান করতে বাধ্য থাকবে, তবে সালিশকারীগণ প্রত্যেক প্রতিষ্ঠানের প্রদেয় চার্জ ভাগ করে দিবেন।

উপবিধি ৩৫৪ এর অধীনে কোয়ালিটি আপিলে, আপিলকারী প্রত্যেক প্রতিষ্ঠান স্ট্যাম্পিং চার্জ প্রদান করতে বাধ্য থাকবে, তবে সালিশকারীগণ প্রত্যেক প্রতিষ্ঠানের প্রদেয় চার্জ ভাগ করে দিবেন।

## ফি পরিশোধে বাধ্যবাধকতা

**উপবিধি ৩৬৫**

যদি কোন প্রধান প্রতিষ্ঠান তার অধিনস্ত কোন অনিবন্ধিত প্রতিষ্ঠানের জন্য সালিশকারী বা আম্পায়ার নিয়োগ করে এবং সেই অনিবন্ধিত প্রতিষ্ঠান অর্থ পরিশোধে ব্যর্থ হয়, তাহলে সেই প্রধান প্রতিষ্ঠান সালিশকারী, আম্পয়ার ও স্ট্যাম্প ফি পশিরোধ করতে বাধ্য থাকবে।

## অসম্পূর্ণ সিদ্ধান্ত ও ব্যত্যয়কারী পক্ষ

## রিপোটিং

**উপবিধি ৩৬৬**

১ যদি এসোসিয়েশন কোন সিদ্ধান্তের জন্য কোন পক্ষ (রিপোর্টকারী পক্ষ) বা তাদের প্রতিনিধির কাছ থেকে লিখিত পরামর্শ গ্রহণ করে যে, সিদ্ধান্তের অপরপক্ষ ("অভিযুক্ত ব্যত্যয়কারী) সেই সিদ্ধান্ত প্রতিপালন করেনি, তাহলে তা পরিচালকদের অবহিত করা হবে।

২ সেই পরামর্শের উপর কাজ করার পূর্বে, অভিযুক্ত ব্যত্যয়কারী পক্ষ তাদের প্রতিপালন না করার কারণ ১৪ দিনের (দুই দিন) মধ্যে ব্যক্ত না করলে, সেক্রেটারী তাদের নাম তালিকাভূক্ত করার বিষয়ে পরিচালকদের অভিপ্রায় অভিযুক্ত ব্যত্যয়কারী পক্ষকে লিখিতভাবে অবহিত করবেন। পরিচালকগণ অভিযুক্ত ব্যত্যয়কারী পক্ষের পেশকৃত কারণ বিবেচনা করবেন যে, রিপোর্টকারী পক্ষের কাছ থেকে প্রাপ্ত তথ্যাবলী প্রকাশ করা হবে কিনা।

৩ পরিচালকগণ ব্যত্যয়কারী পক্ষের নাম তার নির্বাচিত পদ্ধতিতে কটন এসোসিয়েশন (সিআইসিসিএ) বা অন্য কোন সংস্থা বা ব্যক্তির মাঝে আন্তর্জাতিক সহযোগীতার জন্য স্বতন্ত্র সদস্য, সদস্য প্রতিষ্ঠান, সদস্য এসোসিয়েশনের নিকট প্রদান সহ ব্যত্যকারীদের নামের তালিকা ও প্রয়োজনীয় তথ্য এসোসিয়েশনের ওয়েবসাইটের সাধারণ প্রবেশসাধ্য স্থানে প্রকাশ করতে পারেন।

৪ যদি পরিচালকগণ এরূপ সিদ্ধান্ত গ্রহণ করেন, তাহলে এই তথ্যা ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি "আইসিএ অসম্পূর্ণ সিদ্ধান্ত তালিকা: অংশ ১" নামে অভিহিত অসম্পূর্ণ সিদ্ধান্তের তালিকায় প্রকাশ করা হবে।

৫ আইন বিষয়ক কোন প্রশ্ন যদি প্রতিষ্ঠানগুলো লিভ টু আপিলের জন্য হাইকোর্টে দরখাস্ত করে, রিপোর্টকারী পক্ষের অনুরোধে, সেই প্রতিষ্ঠানগুলোকে হাইকোর্টের রায়ের ফলাফল অমিমাংসিত রেখে যথাযথ পাদটীকা সংযুক্ত সহ "আইসিএ অসম্পূর্ণ সিদ্ধান্ত তালিকা: অংশ ১" এর মধ্যে তালিকাভূক্ত করা হবে।

৬ পরিচালকগণ ব্যত্যয়কারী পক্ষের নাম কটন এসোসিয়েশন (সিআইসিসিএ) বা অন্য কোন সংস্থা বা ব্যক্তির মাঝে আন্তর্জাতিক সহযোগীতার জন্য স্বতন্ত্র সদস্য, সদস্য প্রতিষ্ঠান, সদস্য এসোসিয়েশনের নিকট প্রকাশের সময়, ব্যত্যয়কারীর সাথে সম্পৃক্তি কোন সংস্থার বিষয়ে নোটিশের মাধ্যমে পরামর্শ দিতে পারে। এরূপ নোটিশকে "আইসিএ অসম্পূর্ণ সিদ্ধান্ত তালিকা: অংশ ২" নামে অভিহিত হবে।

৭

ক "আইসিএ অসম্পূর্ণ সিদ্ধান্ত তালিকা: অংশ ২" ইস্যুর জন্য অনুরোধকারী পক্ষ রিপোর্টকারী পক্ষ না হলে, যারা উপরোক্ত ১নং প্যারায় উল্লেখিত পরামর্শ প্রদান করে (পরামর্শ প্রদানকারী পক্ষ), তাহলে সেক্রেটারী সেই অনুরোধ অবগত করে রিপোটিং পক্ষ বরাবরে লিখবে এবং সাত দিনের (এক সপ্তাহ) মধ্যে তাদের মন্তব্য চাইবে।

খ রিপোর্টকারী পক্ষ থেকে মন্তব্য প্রাপ্তির পর, যদি থাকে, সেক্রেটারী ব্যত্যয়কারী ও অনান্য পক্ষদের বরাবরে লিখতে পারে যে, "আইসিএ অসম্পূর্ণ সিদ্ধান্ত তালিকা: অংশ ২" এর মধ্যে নাম প্রদানের প্রস্তাব করা হয়েছে, তাদেরকে সেই তালিকার বিষয়বস্তু অবহিত করবেন এবং ১৪ দিনের মধ্যে (দুই সপ্তাহ) সেটির বিষয়বস্তু প্রত্যাহারের জন্য সাক্ষ্যপ্রমাণ সরবরাহের জন্য বলবেন।

গ উপরোক্ত পরিচ্ছেদ ৭ক এবং ৭খ এর অধীনে প্রাপ্ত যে কোন মন্তব্য বা সাক্ষ্যপ্রমাণ পরিচালকগণ বিবেচনা করবেন এবং নির্ধারণ করবেন যে, আইসিএ অসম্পূর্ণ সিদ্ধান্ত তালিকা: অংশ ২ ইস্যু করা যাবে কিনা।

৮ অত্র উপবিধির অধীনে আইসিএ-তে সরাসরি সরবরাহকৃত তথ্যের শুদ্ধতার জন্য রিপোর্টকারী পক্ষ দায়ী থাকবে এবং উক্ত তথ্যের অশুদ্ধতার জন্য সকল দায়, ক্ষতি, খরচ ও কোন কারণে অর্থ ব্যয় থেকে এসোসিয়েশন ও এর পরিচালকদেরকে ক্ষতিপূরণ দিবেন এবং লোকসান মুক্ত রাখবে। অসম্পূর্ণ তালিকা থেকে না অপসারণের জন্য সিদ্ধান্তটি নিষ্পত্তি করতে হবে মর্মে রিপোর্টকারী পক্ষ তৎক্ষণাৎ এসোসিয়েশনকে অবগত করবে।

৯ উপরোক্ত পরিচ্ছেদ ৬ ও পরিচ্ছেদ ৭ক সম্পর্কে অত্র উপবিধির অধীনে আইসিএ-তে সরাসরি সরবরাহকৃত তথ্যের শুদ্ধতার জন্য রিপোর্টকারী পক্ষ দায়ী থাকবে এবং উক্ত তথ্যের অশুদ্ধতার জন্য সকল দায়, ক্ষতি, খরচ ও কোন কারণে অর্থ ব্যয় থেকে এসোসিয়েশন ও এর পরিচালকদেরকে ক্ষতিপূরণ দিবেন এবং লোকসান মুক্ত রাখবে। অসম্পূর্ণ তালিকা থেকে না অপসারণের জন্য সিদ্ধান্তটি নিষ্পত্তি করতে হবে মর্মে রিপোর্টকারী পক্ষ তৎক্ষণাৎ এসোসিয়েশনকে অবগত করবে।

১০ অত্র উপবিধির বর্ণনা অনুযায়ী পরিচালকদের গৃহীত পদক্ষেপে সালিশের পক্ষগণের সম্মতি রয়েছে বলে গণ্য করা হবে।

## পরিশিষ্ট গ-০১:

## সালিশ ও আপিলের জন্য আমাদের ফি ও চার্জের সারাংশ

## পরিশিষ্ট গ-০২:

## আইসিএ সালিশকারী হওয়ার বৈশিষ্ট্য ও কার্যপ্রণালীর সারাংশ

## পরিশিষ্ট C3:

## সালিশকারীদের আচরণ বিধি

# টেকনিক্যাল সালিশ ও আপিলের জন্য ফি ও চার্জ

জেনে রাখুন যে, প্রতিষ্ঠানের নিবন্ধন স্ট্যাটাস অনুযায়ী প্রত্যেক ক্ষেত্রে অর্থ পরিশোধ করতে হবে।

## টেকনিক্যাল সালিশ

| **আবেদন ফি** | |
|---|---|
| প্রধান প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট কোম্পানী যেগুলো কমপক্ষে ১২ মাস নিবন্ধিত | ফি নেই |
| প্রধান প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট কোম্পানী যেগুলো কমপক্ষে ১২ মাস নিবন্ধিত তবে চুক্তির তারিখে নিবন্ধিত নয় | ৫০০.০০ পাউন্ড |
| এসোসিয়েশন সদস্য প্রতিষ্ঠান | ২,৫০০.০০ পাউন্ড |
| প্রধান প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট কোম্পানী যেগুলো ১২ মাসের কম নিবন্ধিত | ১০,০০০.০০ পাউন্ড |
| অনিবন্ধিত প্রতিষ্ঠান (যে সকল প্রতিষ্ঠানের নিবন্ধন আবেদন প্রত্যাখ্যান করা হয়েছে সেগুলো সহ) | ১০,০০০.০০ পাউন্ড |

| **অন্যান্য সালিশ ফি** |
|---|
| সালিশের আবেদন জমা দেওয়ার সময় ৪,০০০ পাউন্ড পরিশোধ করতে হবে। |
| সালিশকারীগণ ঘণ্টা হারে প্রতি ঘণ্টা সর্বোচ্চ ১৫০ পাউন্ড পর্যন্ত চার্জ করবেন। |
| প্রথম ঘণ্টার পর কোন ঘণ্টার ভগ্নাংশের জন্য প্রো রাটা হারে চার্জ হবে। |
| প্রত্যেক সালিশকারীকে প্রতি সালিশের জন্য ন্যূনতম ১০০ পাউন্ড প্রদান করতে হবে। |
| প্রত্যেক সালিশের জন্য চেয়ারম্যানকে অতিরিক্ত ২৫০ পাউন্ড ফি প্রদান করতে হবে। |
| একজন সালিশকারী শুধুমাত্র কুরিয়ার ফি দাবী করার অধিকার রাখেন যা সর্বোচ্চ ৫০ পাউন্ড পর্যন্ত হতে পারে। |

## টেকনিক্যাল আপিল

| **আবেদন ফি** | |
|---|---|
| প্রধান প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট কোম্পানী | ফি নেই |
| অনিবন্ধিত প্রতিষ্ঠান | ২,০০০.০০ পাউন্ড |
| এসোসিয়েশন সদস্য প্রতিষ্ঠান | ৫০০.০০ পাউন্ড |

| **অন্যান্য আপিল ফি** |
|---|
| 10,000 পাউন্ড জমা করতে হবে একটি আপিলের আবেদন জমা দেওয়ার পরে পরেই। |
| আপিল কমিটির সদস্য কর্তৃক ঘণ্টা হারে চার্জ করার বিষয়টি আপিল কমিটির চেয়ারম্যান নির্ধারণ করবেন, সর্বোচ্চ 150.00 পাউন্ড পর্যন্ত |
| প্রথম ঘণ্টার পর কোন ঘণ্টার ভগ্নাংশের জন্য প্রো রাটা হারে চার্জ হবে। |
| ন্যূনতম ১০০.০০ পাউন্ড ফি প্রদান করতে হবে। |
| প্রত্যেক সালিশের জন্য চেয়ারম্যানকে অতিরিক্ত ২৫০ পাউন্ড ফি প্রদান করতে হবে, যদি তিনি চেয়ারম্যান পুলের সদস্য হন। |
| টেকনিক্যাল আপিল কমিটির মোট ফির উপর এসোসিয়েশন তার ২৫% ফি চার্জ করবে। |

## টেকনিক্যাল সিদ্ধান্ত স্টাম্পিং ও নোটারী

| স্ট্যাম্পিং চার্জ | |
|---|---|
| প্রধান প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট কোম্পানী | ৪০০.০০ পাউন্ড |
| এসোসিয়েশন সদস্য প্রতিষ্ঠান | ৬০০.০০ পাউন্ড |
| অনিবন্ধিত প্রতিষ্ঠান | ৮০০.০০ পাউন্ড |
| টেকনিক্যাল আপিলের রায় | চার্জ নেই |

| সিদ্ধান্ত নোটারী ও লিগালাইজেশন | |
|---|---|
| সকল প্রতিষ্ঠান | ৩০০.০০ পাউন্ড |

## ক্ষুদ্র দাবি টেকনিক্যাল সালিশ ও আপিলের জন্য ফি ও চার্জ

### ক্ষুদ্র দাবি টেকনিক্যাল সালিশ

| আবেদন ফি | |
|---|---|
| প্রধান প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট কোম্পানী যেগুলো কমপক্ষে ১২ মাস নিবন্ধিত | ফি নেই |
| প্রধান প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট কোম্পানী যেগুলো কমপক্ষে ১২ মাস নিবন্ধিত তবে চুক্তির তারিখে নিবন্ধিত নয় | ৫০০.০০ পাউন্ড |
| এসোসিয়েশন সদস্য প্রতিষ্ঠান | ২৫০.০০ পাউন্ড |
| প্রধান প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট কোম্পানী যেগুলো ১২ মাসের কম নিবন্ধিত | ১২৫০.০০ পাউন্ড |
| ক্ষুদ্র দাবীর জন্য অনিবন্ধিত প্রতিষ্ঠান আবেদন করতে পারবেন না। | |

| অন্যান্য সালিশ ফি |
|---|
| একক সালিশকারী ঘণ্টা হারে প্রতি ঘণ্টা সর্বোচ্চ ১৫০ পাউন্ড পর্যন্ত চার্জ করবেন। |
| প্রথম ঘণ্টার পর কোন ঘণ্টার ভগ্নাংশের জন্য প্রো রাটা হারে চার্জ হবে। |
| ন্যূনতম ১০০ পাউন্ড ফি প্রদান করতে হবে। |
| একজন সালিশকারী শুধুমাত্র কুরিয়ার ফি দাবী করার অধিকার রাখেন যা সর্বোচ্চ ৫০ পাউন্ড পর্যন্ত হতে পারে। |

## ক্ষুদ্র দাবি টেকনিক্যাল আপিল

| আবেদন ফি | |
|---|---|
| প্রধান প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট কোম্পানী | ফি নেই |
| অনিবন্ধিত প্রতিষ্ঠান | ১,০০০.০০ পাউন্ড |
| এসোসিয়েশন সদস্য প্রতিষ্ঠান | ২৫০.০০ পাউন্ড |

| অন্যান্য আপিল ফি |
|---|
| আপিল কমিটির সদস্য কর্তৃক ঘণ্টা হারে চার্জের বিষয়টি আপিল কমিটির চেয়ারম্যান নির্ধারণ করবেন, সর্বোচ্চ ১৫০.০০ পাউন্ড পর্যন্ত। |
| প্রথম ঘণ্টার পর কোন ঘণ্টার ভগ্নাংশের জন্য প্রো রাটা হারে চার্জ হবে। |
| ন্যূনতম ১০০.০০ পাউন্ড প্রদান করতে হবে। |
| স্বল্প দাবীর টেকনিক্যাল আপিল কমিটির মোট ফির উপর এসোসিয়েশন তার ২৫% ফি চার্জ করবে। |

## ক্ষুদ্র দাবি টেকনিক্যাল সিদ্ধান্ত স্টাম্পিং ও নোটারী

| স্ট্যাম্পিং চার্জ | |
|---|---|
| প্রধান প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট কোম্পানী | ৪০০.০০ পাউন্ড |
| এসোসিয়েশন সদস্য প্রতিষ্ঠান | ৬০০.০০ পাউন্ড |
| অনিবন্ধিত প্রতিষ্ঠান | ৮০০.০০ পাউন্ড |
| ক্ষুদ্র দাবী টেকনিক্যাল আপিলের রায় | চার্জ নেই |

| সিদ্ধান্ত নোটারী ও লিগালাইজেশন | |
|---|---|
| সকল প্রতিষ্ঠান | ৩০০.০০ পাউন্ড |

# কোয়ালিটি সালিশ ও আপিলের জন্য ফি ও চার্জ

### কোয়ালিটি সালিশ

| **আবেদন ফি** | |
|---|---|
| নিবন্ধিত প্রতিষ্ঠান | ফি নেই |
| অনিবন্ধিত প্রতিষ্ঠান | ফি নেই |

| **কোয়ালিটি সালিশ, আপিল ও শ্রেণীভাজন** | |
|---|---|
| স্যাম্পলের মাধ্যমে পেশকৃত প্রত্যেক বেইলের জন্য সালিশকারীগণ বা আপিল কমিটি যে সর্বনিম্ন পরিমাণ অর্থ পরিশোধ করবে তা নিম্নে দেওয়া হলো। আরো বেশী চার্জ হতে পারে। প্রদত্ত স্যাম্পলে ৫০টি বেইলের কম পেশ করা হলেও ৫০ বেইলের জন্য চার্জ করা হবে। | |
| **কোয়ালিটি সালিশ** | |
| নিবন্ধিত প্রতিষ্ঠান | ০.৩৫ পাউন্ড |
| অনিবন্ধিত প্রতিষ্ঠান | ১.০০ পাউন্ড |
| **কোয়ালিটি আপিল** | |
| নিবন্ধিত প্রতিষ্ঠান | ০.৬৫ পাউন্ড |
| অনিবন্ধিত প্রতিষ্ঠান | ১.৯৩ পাউন্ড |
| **শ্রেণীবিভাজন** | |
| গ্রেড, কালার ও স্টেপলের জন্য | ১.০০ পাউন্ড |
| শুধু গ্রেড ও কালারের জন্য | ০.৬৫ পাউন্ড |
| শুধু স্টেপলের জন্য | ০.৬৫ পাউন্ড |

## কোয়ালিটি ও আপিল রায়ের

### স্টাম্পিং ও নোটারী

| **স্ট্যাম্পিং চার্জ** | |
|---|---|
| স্যাম্পলের মাধ্যমে পেশকৃত প্রত্যেক বেইলের জন্য আমরা উভয় প্রতিষ্ঠানের নিকট যে পরিমাণ চার্জ করবে, তা নিম্নে দেওয়া হলো। যদি প্রদত্ত স্যাম্পলে ৫০টি বেইলের কম পেশ করা হয়, তাহলে আমরা ৫০ বেইলের জন্য চার্জ করবো। | |
| প্রধান প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট কোম্পানী | ০.০৩ পাউন্ড |
| এসোসিয়েশন সদস্য প্রতিষ্ঠান | ০.১২ পাউন্ড |
| অনিবন্ধিত প্রতিষ্ঠান | ০.২৪ পাউন্ড |

| **সিদ্ধান্ত নোটারী ও লিগালাইজেশন** | |
|---|---|
| সকল প্রতিষ্ঠান | ৩০০.০০ পাউন্ড |

# আইসিএ সালিশকারী হওয়ার বৈশিষ্ট্য ও কার্যপ্রণালীর সারাংশ

এই তথ্য আইসিএ সালিশকারী হতে ইচ্ছুক যে কোন ব্যক্তির উপর প্রযোজ্য হবে।

নোট: বিদ্যমান সালিশকারীরা নতুন নিয়োগ দিতে পারবে, যদি তারা আইসিএ এডভান্স আরবিট্রেটর পরীক্ষায় উত্তির্ণ হয় (বা সেটি দেওয়া থেকে অব্যাহতিপ্রাপ্ত হয়)।

### ১. মৌলিক বৈশিষ্ট্য ও আবেদন প্রক্রিয়া

**আইসিএ সালিশকারী হওয়ার জন্য সকল আবেদনকারী অবশ্যই নিম্লোক্ত মৌলিক বৈশিষ্ট্য পূরণ করতে হবেঃ**

- আপনাকে অবশ্যই আইসিএ স্বতন্ত্র সদস্য হতে হবে;
- আপনাকে অবশ্যই আইসিএ বেসিক লেভেল আরবিট্রেটর পরীক্ষা এবং আইসিএ এডভান্স আরবিট্রেটর পরীক্ষার প্রথম দুইটি মডিউল সফলভাবে সম্পন্ন করতে হবে;
- বাণিজ্য ও আর্থিক জ্ঞান সহ কটন শিল্পে (যেমন, ক্রয়, বিক্রয়, নিয়ন্ত্রণ, চাষাবাদ, জিনিং, মার্চেন্ডাইজিং, স্পিনিং ইত্যাদি) আপনার অবশ্যই ৫ বছরের আন্তর্জাতিক অভিজ্ঞতা থাকতে হবে;
- কোন অনুবাদকের প্রয়োজন ব্যতীতই আপনাকে অবশ্যই ইংরেজী ভাষায় (লেখা ও বলা) পারদর্শী হতে হবে;
- আপনার আবেদন অবশ্যই একজন আইসিএ পরিচালক কর্তৃক প্রস্তাবিত এবং একজন আইসিএ সদস্য কর্তৃক সমর্থিত হতে হবে।
- আপনার আবেদন ফরমের সাথে আপনার সিভি (ক্যারিয়ার রিজিউমে) জমা দিতে হবে।

## ২. প্রবেশনারী সালিশকারীগণ

**পরিচালকগণ আবেদন অনুমোদন করলে, আবেদনকারী 'প্রবেশনারী সালিশকারী' বলে গণ্য হবেন; যেখানেঃ**

- তাদেরকে একটি চাকুরী চুক্তি সাক্ষর করতে হবে;
- একজন মেন্টর/পরামর্শক (চেয়ারম্যান পুল থেকে) -এর অধীনে নিযুক্ত করা হবে।
- উভয় পক্ষের অনুমোদন সাপেক্ষে সালিশ পর্যবেক্ষণ করবেন (গাইড হিসেবে, কমপক্ষে তিনটি ভিন্ন ভিন্ন ডিফিকাল্টি লেভেলের সালিশ পর্যবেক্ষণ করতে হবে); এবং
- আইসিএ এডভান্স আরবিট্রেটর পরীক্ষার তৃতীয় (চূড়ান্ত) মডিউল পাস করতে হবে, লক্ষ রাখতে হবে যে:
  - একজন প্রার্থী সর্বোচ্চ তিনবার তৃতীয় মডিউল পরীক্ষা দিতে পারবে যেখানে প্রতি পরীক্ষার মধ্যে সময় ব্যবধান হবে কমপক্ষে ৬ মাস (তাদের পরামর্শকদের সিদ্ধান্ত সহকারে) ; এবং
  - চূড়ান্ত মডিউলে তিনবার ফেল করলে, প্রার্থী পরবর্তী তিন বছরের মধ্যে পুনরায় পরীক্ষা দিতে পারবে না।

### ৩. মেন্টরিং

- মেন্টরিং সময়ের জন্য পক্ষগণের কাছ থেকে বিল নিতে পারবেন না, তবে তা সালিশকারীর সাথে চুক্তিতে প্রতিফলিত হবে।
- প্রবেশনারী সালিশকারীকে চেয়ারম্যানের জন্য স্বতন্ত্র ইস্যুগুলোর একটি সারাংশ পেশ করতে হবে। চূড়ান্ত শুনানীর পর চেয়ারম্যান প্রবেশনারী সালিশকারীকে ডিব্রিফ করবেন।
- মেন্টর/পরামর্শক সিদ্ধান্ত নিবেন যে, কখন প্রবেশনারী সালিশকারী একজন পূর্ণ যোগ্য সালিশকারী হবেন।

## পরিশিষ্ট C3: সালিশকারীর আচরণবিধি

### ICA সালিশকারীগণ

এই আচরণ বিধিতে আদর্শ আচরণ ও স্বাভাবিক ন্যায় বিচার নীতি অনুসৃত হযেছে যা পরিচালক পর্ষদের মতে প্রযোজনীয় যাতে সালিশকারী কর্তৃপক্ষ হিসাবে আই-সি-এ -র প্রতি জনসাধারণের বিশ্বাস অটুট রাখা যায়। নিচে বর্ণিত সবগুলি পয়েন্ট সালিশকারীর নৈতিক ও পেশাদার আচরণের সবগুলি দিক অন্তর্ভুক্ত নাও করতে পারে। সালিশকারীদের তাই নিচে দেওযা নীতিগুলির মূল আদর্শ অনুসরণ করতে পরামর্শ দেওয়া হচ্ছে। পুংলিঙ্গের প্রতি বলা কথা স্ত্রীলিঙ্গের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

### নিরপেক্ষতা

- সালিশ-নিষ্পত্তির সময়ে সালিশকারীর নিরপেক্ষ থাকাটি অতীব জরুরি বিষয়। যদি তিনি এমন পরিস্থিতির মুখোমুখি হন যেখানে তিনি জানেন যে তিনি নিরপেক্ষ থাকতে পারবেন না, তাহলে তাঁকে অবিলম্বে নিজেকে সালিশ-নিষ্পত্তি প্রক্রিয়া থেকে সরিয়ে নিতে হবে।
- একজন সালিশকারীর এটি কর্তব্য যে তিনি অবিলম্বে আই-সি-এ সেক্রেটারিয়েট এবং পক্ষদের জানাবেন, তাঁর যে কোনো স্বার্থ এবং / অথবা সম্পর্ক যার ফলে তাঁর স্বার্থের সঙ্ঘাত দেখা দিতে পারে।
- একজন সালিশকারী কোনো সালিশ-নিষ্পত্তি মামলায় নিয়োগ গ্রহণ করবেন না যেখানে তাঁর স্বার্থের সঙ্ঘাত ঘটছে।
- একজন সালিশকারী কোনো সালিশ-নিষ্পত্তি মামলায় প্রক্রিয়া চলাকালীন বা তার পরে, একটি নির্দিষ্ট মামলায় কোনো পক্ষের পরামর্শদাত হবে পারবেন না। তাঁরা তাঁদের নিয়োগ করা পক্ষদের জন্য অ্যাডভোকেট (উকিল)-এর কাজ করতে পারবেন না; এবং তাঁরা প্রক্রিয়াগত পরামর্শও দিতে পারবেন না।
- সালিশকারীগণ সালিশ-নিষ্পত্তি মামলায় পক্ষগুলির সাথে ব্যক্তিগত আলোচনা এড়িয়ে চলবেন, এবং সালিশ-নিষ্পত্তি মামলায় ওঠা কোনো নির্দিষ্ট সমস্যাগুলি কোনো সমযেই কোনো পক্ষের সাথে আলোচনা করবেন না। সালিশকারীগণ নিশ্চিত করবেন যে পক্ষগুলির সাথে আলোচনা (যেখানে সম্ভব হবে) যেন সবসময়ে আই-সি-এ সেক্রেটারিয়েটের মাধ্যমে হয়, এবং স্বচ্ছতার জন্য অন্য পক্ষকেও সেটি লিখিতভাবে জানানো হয়।
- একজন সালিশকারীকে অবশ্যই নিশ্চিত করতে হবে যাতে বইরের প্রভাব, ব্যক্তিগত স্বার্থ অথবা কোনো তৃতীয়পক্ষের সাথে সম্পর্ক (অতীত বা বর্তমান) অথবা সমালোচনার ভয় তাঁদের প্রভাবিত না করে মামলা চালাতে বা তার বিচার করতে।
- সেক্রেটারিয়েট দ্বারা প্রেরিত স্বার্থের সঙ্ঘাতের ই-মেলের উত্তর দিতে হবে সংশ্লিষ্ট সালিশকারী দ্বারা, ইমেলটি পাওয়ার 14 দিনের মধ্যে।
- সালিশকারীগণ তাঁদের সহ-সালিশকারীদের এবং অন্যান্যদের শ্রদ্ধার চোখে দেখবেন।

## গোপনীয়তা

- সালিশ-নিষ্পত্তি হল একটি ব্যক্তিগত এবং গোপনীয় প্রক্রিয়া, যা বিবাদমান পক্ষগুলি বেছে নিয়ে থাকে তাঁদের মধ্যে বিবাদ নিষ্পত্তি করতে।
- একজন সালিশকারীর এটি কর্তব্য যে তিনি তাঁর কাছে প্রকাশিত সমস্ত তথ্য, সত্য, কথোপকথন এবং নথিগুলি সম্পূর্ভাবে ও সবসময়ে গোপনীয় রাখবেন।
- একজন সালিশকারী, তাঁর সালিশকারীর কাজ ব্যতীত সালিশ-নিষ্পত্তি মামলার বাইরে সেই প্রকার গোপনীয় তথ্য ব্যবহার করবেন না তাঁর ব্যক্তিগত সুবিধার জন্য।
- সালিশকারীর গোপনীয়তার কর্তব্য সালিশ-নিষ্পত্তি মামলার শেষেও বর্তমান থাকে, যদি না মামলায় জড়িত উভয় পক্ষই সেই গোপনীয়তা শেষ করার বিষয়ে সম্মত হন; অথবা কেসের বিবরণ আইনগতভাবে পাবলিক ডোমেনে প্রকাশিত হয়।
- অন্য কোনো সালিশকারী বা তৃতীয় পক্ষ দ্বারা একটি মামলা সংক্রান্ত তথ্যের বেআইনি বা অননুমোদিত প্রকাশ কখনই কোনো যুক্তি বা সম্মতি হতে পারে যার বলে একজন সালিশকারী একটি মামলার বিবরণ প্রকাশ করবেন। এই প্রকার আচরণের ফলে সংস্লেষ্ট সালিশকারীকে ব্যক্তিগতভাবে দায় নিতে হবে।
- একজন সালিশকারীর এই দায় থাকবে যে তিনি সেক্রেটারিয়েটকে জানাবেন যদি তাঁর মনে হয় তাঁর গোপনীয়তার কর্তব্য কোনো সময়ে ভঙ্গ হয়েছে।

## সালিশ নিষ্পত্তি করা

- সালিশকারীগণ এটি নিশ্চিত করবেন যে তাঁরা আই-সি-এ উপবিধি বা বিধি এবং আর্বিট্রেশন অ্যাক্ট 1996-এর সংশ্লিষ্ট ধারায় বর্ণিত প্রক্রিয়া পালন করে চলবেন যখন তাঁরা কোনো সালিশ-নিষ্পত্তি মামলায বিচার করবেন এবং কেবলমাত্র আই-সি-এ অনুমোদিত টাইমশিট, চালান (ইনভয়েস) এবং অন্যান্য ফর্মগুলি ব্যবহার করবেন, যা সালিশকারীদের জন্য নির্দিষ্ট হয়েছে আই-সি-এ দ্বারা।
- সালিশকারীগণ তাঁদের কাছে রাখবেন আই-সি-এ –র সবচেযে সাম্প্রতিক উপবিধি ও বিধিমালাগুলি সবসময়ে।
- সালিশকারীগণ তাঁদের সামনে থাকা সমস্ত সাক্ষ্য পড়বেন ও বিবেচনা করবেন।
- একজন সালিশকারী কেবলমাত্র তখনই সালিশকারী হিসাবে নিয়োগ গ্রহণ করবেন যদি তাঁর কাছে সথেষ্ট সময় থাকে সালিশ নিষ্পত্তি মামলাটিকে দক্ষভাবে এবং সময়মতো চালাতে দেওয়ার জন্য। পক্ষপাত বা যুক্তিসঙ্গত সন্দেহের অবকাশ অপনোদন করতে একজন সালিশকারী কেবলমাত্র গ্রহণ করতে পারবেন পক্ষ বা সংশ্লিষ্ট পক্ষদের থেকে তিনটি পর্যন্ত সাক্ষাৎকার সালিশকারী হিসাবে কাজ করতে একটি দাবীকারী / আপীলকারী বা বিবাদী পক্ষের থেকে প্রতিটি ক্যালেন্ডার বর্ষ থেকে। যেকোনো সময়ে কোনো সালিশকারীর কাছে ৮টির বেশি সক্রিয় প্রথম টিয়ার মামলা থাকা চলবে না।
- একজন সালিশকারীকে এটি নিশ্চিত করতেই হবে যে সালিশ-নিষ্পত্তি মামলায় যে ফী ধার্য করা হবে সেটি যেন যুক্তিসঙ্গত হয়, মামলার সমস্ত পরিস্থিতি খতিয়ে দেখে এবং মামলায় যত ঘন্টা কাজ করা হয়েছে সেটির জন্য যুক্তিসঙ্গত ফী ধার্য করে।
- ট্রাইবুনাল/TAC –র টাইমশিট ও চালানে সম্মত ফীগুলিই জামা দেওয়া যাবে চেয়ারম্যানের কাছে, সিগনেচার শিট স্বাক্ষর করার আগে। চেয়ারম্যান সেটি সাথে সাথে খতিয়ে দেখে সেগুলি আই-সি-এ সেক্রেটারিয়েটকে জমা দেবেন রায় প্রকাশ করার আগে।

# অনুচ্ছেদ ৪:

# প্রশাসনিক উপবিধি

## অনুচ্ছেদ ৪: প্রশাসনিক উপবিধি

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| সদস্যপদ ও নিবন্ধন | ৬৬ |
| নির্বাচন | ৬৮ |
| সাধারণ | ৬৮ |
| পরিচালনা পর্ষদে নৈমিত্তিক শূন্যতা | ৬৯ |
| কমিটি | ৬৯ |
| সালিশ ষ্ট্রাটেজি কমিটি | ৭০ |
| প্রাথমিক তদন্ত কমিটি | ৭০ |
| ভ্যালু ডিফারেন্স কমিটি | ৭১ |
| কোয়ালিটি আপিল প্যানেল | ৭২ |
| শাস্তিমূলক পদ্ধতি | ৭২ |

# প্রশাসনিক উপবিধি

## সদস্যপদ ও নিবন্ধন

**উপবিধি ৪০০**

সদস্যপদের জন্য দরখাস্ত অবশ্যই পরিচালক কর্তৃক অনুমোদিত ফরমে তৈরী করতে হবে। ফরমসমূহ সেক্রেটারীর নিকট পাওয়া যায়।

**উপবিধি ৪০১**

সতন্ত্র সদস্যগণ ও নিবন্ধিত প্রতিষ্ঠান তাদের দরখাস্তে প্রদত্ত কোন তথ্য পরিবর্তন হলে তৎক্ষনাত তা সেক্রেটারীকে জানাবেন। সেক্রেটারী যদি একজন সতন্ত্র সদস্য বা নিবন্ধিত প্রতিষ্ঠানকে এই তথ্য যা তারা তাদের দরখাস্তে দিয়েছেন এখনও সঠিক তা নিশ্চিত করতে বলেন তবে তারা অবশ্যই তাৎক্ষনিকভাবে উত্তর দিবেন।

**উপবিধি ৪০২**

যদি পরিচালকগণ একটি নিবন্ধিত প্রতিষ্ঠান সাময়িক বরখাস্ত করেন তবে এটির বরখাস্তের সময় আমরা অনিবন্ধিত প্রতিষ্ঠান হিসাবে গণ্য হবে।

**উপবিধি ৪০৩**

নিবন্ধনের শর্তাবলী সংঘবিধিতে দেওয়া আছে।

**উপবিধি ৪০৪**

১ পরিচালকগণ কর্তৃক নির্ধারিত নিবন্ধন ফি সদস্য প্রতিষ্ঠান প্রতি বছর প্রদান করবেন।

২ সকল সদস্য প্রতিষ্ঠান আমাদের উপবিধির চলমান একটি কপি ও বিধি ও পরবর্তীতে সকল সংশোধনী পাওয়ার অধিকারী।

৩ পরিচালকগণ সদস্য প্রতিষ্ঠানের নিবন্ধন বাতিল করতে পারেন কিন্তু যে বছরে বাতিল কার্যকর হয়েছে সেই বছরের অনুত্তির্ণ সময়ে আনুপাতিক হারে পরিশোধিত নিবন্ধন ফি ফেরত দিতে হবে।

**উপবিধি ৪০৫**

১ একটি মূল প্রতিষ্ঠান হলো একটি বণিক বা একটি উৎপাদক বা একটি মিল।

নিবন্ধনের জন্য আবেদন অবশ্যই প্রস্তাবিত হবে এবং সমিতির স্বতন্ত্র সদস্যগণ কর্তৃক সমর্থিত হবে।

প্রতিটি প্রতিষ্ঠানের অন্তত একটি স্বতন্ত্র সদস্য থাকবে।

মূল প্রতিষ্ঠান সংশ্লিষ্ট কোম্পানী হিসাবে তাদের যে কোন কোম্পানীর সাথে সম্পর্কিত নিবন্ধন করার জন্য আবেদন করতে পারেন। মূল প্রতিষ্ঠানের জন্য সংশ্লিষ্ট কোম্পানীর নাম্বারের উপর কোন সীমাবদ্ধতা নেই, কিন্তু অনুর্দ্ধ পাঁচ পরিচালক কর্তৃক নির্ধারিত ফি প্রদান করবেন।

২ একটি এফিলিয়েটেড শিল্প প্রতিষ্ঠান হলো একটি প্রতিষ্ঠান যা কটন ট্রেডে সেবা প্রদান করে।

রেজিষ্ট্রেশনের জন্য আবেদন অবশ্যই প্রস্তাবিত হইবে এবং সমিতির স্বতন্ত্র সদস্যগণ কর্তৃক **সমর্থিত হতে** হবে।

প্রতিটি প্রতিষ্ঠানের অন্তত একটি স্বতন্ত্র সদস্য থাকবে।

এফিলিয়েটেড শিল্প প্রতিষ্ঠান সংশ্লিস্ট কোম্পানী হিসাবে তাদের কোম্পানীর সাথে সম্পর্কিত নিবন্ধন করার জন্য আবেদন করতে পারেন। সংশ্লিস্ট কোম্পানীর নাম্বারের উপর কোন সীমাবদ্ধতা নেই, একটি এফিলিয়েটেড শিল্প প্রতিষ্ঠান নিবন্ধন করতে পারেন, কিন্তু অনুর্দ্ধ পাঁচ পরিচালক কর্তৃক নির্ধারিত ফি প্রদান করবেন। এফিলিয়েটেড শিল্প প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট কোম্পানীর মধ্যে সম্পর্ক গোপনীয় থাকবে।

৩ একটি এজেন্ট প্রতিষ্ঠান হল একটি প্রতিষ্ঠান যা অন্যান্য পক্ষের সহিত চুক্তিমূলক সম্পর্কে একটি মূল প্রতিষ্ঠন আনয়নের জন্য একটি এজেন্সী সেবা প্রদান করে।

রেজিষ্ট্রেশনের জন্য আবেদন অবশ্যই প্রস্তাবিত হবে এবং সমিতির স্বতন্ত্র সদস্যগণ কর্তৃক সমর্থিত হবে।

এজেন্ট প্রতিষ্ঠান একটি স্বতন্ত সদস্য হওয়ার অধিকারী হবে না।

৪ একটি সম্বন্ধযুক্ত সমিতি যেকোন স্বীকৃত সমিতি যা কটন শিল্পের সাথে সম্পর্কিত যা এর আইসিএ এর নীতির সমর্থন এবং এর উপবিধি ও বিধি ঘোষিত করে।

রেজিষ্ট্রেশনের জন্য দরখাস্ত অবশ্যই পরিচালকগণের বরাবর লিখিতভাবে করা হবে।

৫ একটি এ্যাসোসিয়েশন সদস্য প্রতিষ্ঠান যেকোন নির্মাতা বা মিল যা একটি সম্বন্ধযুক্ত সমিতির একজন সদস্যও বটে।

নিবন্ধন জন্য আবেদন অবশ্যই প্রস্তাবিত হইবে এবং সমিতির স্বতন্ত্র সদস্যগণ কর্তৃক সমর্থিত হবে।

এ্যাসোসিয়েশন সদস্য প্রতিষ্ঠান একটি স্বতন্ত সদস্য হওয়ার অধিকারী হবে না।

**উপবিধি ৪০৬**

১ একজন স্বতন্ত্র সদস্য, মূল প্রতিষ্ঠান সম্পর্কিত কোম্পানী বা এ্যাসোসিয়েশন সদস্য প্রতিষ্ঠান পদত্যাগ করতে পারবেন না যদি;

- তিনি বা এটি ইন্টারন্যাশনাল কটন এ্যাসোসিয়েশন উপ-বিধি বা বিধি বা আইসিএ এর সালিশ কর্তৃক নিয়ন্ত্রিত চুক্তি কর্তৃক আবির্ভূত শালিশে জড়িত থাকেন;অথবা
- অসম্পূর্ণ গুনাগুন বা প্রযুক্তিগত সালিসী বা তাদের বিরুদ্ধে আপিল সিদ্ধান্ত হলে, আমাদের উপবিধির অধীন তৈরী হলে।

২ অনুচ্ছেদ (১) একজন স্বতন্ত্র সদস্য বা সদস্য প্রতিষ্ঠান সাময়িক বরখাস্ত বা বহিস্কার করার পরিচালকের অধিকার হরণ করেনা আর্টিক্যালের অধীন যেকোন সময় অপরাধ পাওয়া গেলে।

৩ পরিচালকগণ একজন স্বতন্ত্র সদস্যের নিবন্ধন বাতিল করতে পারেন এবং যে বছরে বাতিল কার্যকর হয়েছে সেই বছরের অনুত্তীর্ণ সময়ে আনুপাতিক হারে পরিশোধিত নিবন্ধন ফি ফেরত দিতে পারেন।

৪ যদি কোন স্বতন্ত্র সদস্য কিংবা রেজিষ্টার্ড প্রতিষ্ঠান পদত্যাগ করেন, কিন্তু পরিচালক পদত্যাগ গ্রহণ না করেন তবে স্বতন্ত্র সদস্য বা রেজিষ্টার্ড প্রতিষ্ঠান সকল অধিকার ও বিশেষ সুবিধা যা সদস্যপদ বা নিবন্ধন হতে প্রাপ্ত হয়েছেন তা হারাবেন। তারা প্রত্যাহার করতে সমর্থ হবেন না কিংবা চুক্তি হতে আবির্ভত শালিশি যা তারা চুক্তি করেছেন তা পরিহার করতে পারবেন না।

৫ বিদ্যমান চুক্তির আবির্ভূত দাবীর সালিশ চেয়ে হারানো অধিকার ও বিশেষ সুযোগ অন্য প্রতিষ্ঠানে প্রতিরোধ করবে না।

# নির্বাচন

## সাধারণ

**উপবিধি ৪০৭**

প্রেসিডেন্ট, ফার্স্ট ভাইস-প্রেসিডেন্ট, সেকেন্ড ভাইস-প্রেসিডেন্ট এবং সাধারণ পরিচালককের জন্য প্রতি বছর একটি নির্বাচন থাকবে। কার্যপ্রণালী নিম্নরূপ:

১ নির্বাচনের একটি নোটিশ প্রত্যেক স্বতন্ত্র সদস্য যারা ভোট দেওয়ার অধিকারী তাদের নিকট প্রেরিত হইবে বার্ষিক সাধারণ সভার অন্তত ৩৫ দিন (পাঁচ সপ্তাহ) পূর্বে। মনোনয়ন নোটিশ ছাড়ার ১৪ (দুই সপ্তাহ) দিনের মধ্যে প্রেসিডেন্ট বরাবরে অবশ্যই প্রেরিত হবে।

২ স্বতন্ত্র সদস্য যারা ভোট দেওয়া অধিকারী তারা প্রেসিডেন্ট, ফার্স্ট ভাইস-প্রেসিডেন্ট, সেকেন্ড ভাইস-প্রেসিডেন্ট এবং সাধারণ পরিচালক হিসাবে নির্বাচিত হওয়ার জন্য নাম রাখতে পারেন। নামসমূহ অবশ্যই উপস্থাপক ও সমর্থক কর্তৃক লিখিতভাবে পেশ করতে হবে। যেকোন প্রার্থীর পেশ করা করার পূর্বে তারা অবশ্যই তাদের অনুমতি দিবেন এবং সেবা করার ইচ্ছা ব্যক্ত করবেন।

৩ যদি শূন্যপদ অনুসারে সমসংখ্যক প্রার্থী হয় তবে ঐ প্রাথীগণ নির্বাচিত প্রার্থী হিসাবে নেওয়া হবে।

৪ প্রত্যেক সতন্ত্র সদস্য যারা ভোট দেওয়ার অধিকারী তাদের নিকট বার্ষিক সাধারণ সভার ২১ (তিন সপ্তাহ) দিন পূর্বে ভোটের নোটিশ পাঠানো হবে। নোটিশে ধারণকৃত নির্দেশনা অনুসারে অবশ্যই ভোট দিতে হবে নোটিশের দিন হতে ১৪ (দুই সপ্তাহ) দিন এর মধ্যে।

৫ স্বতন্ত্র সদস্য অবশ্যই শূন্যপদের অন্তত দুই-তৃতীয়াংশের জন্য ভোট প্রদান করবেন।

৬ অত্র নির্দেশনা অনুসারে কোন ভোট না হলে তা গণনা করা হবে না।

৭ প্রেসিডেন্ট ও সেক্রেটারী ভোটের ফলাফল নিরূপিত করবেন। প্রেসিডেন্টের সিদ্ধান্ত চূড়ান্ত হিসাবে গণ্য হবে।

৮ যদি দুই বা ততোধিক প্রার্থী সমান ভোট পান তবে প্রেসিডেন্ট সিদ্ধান্তমূলক ভোট দিবেন।

৯ প্রেসিডেন্ট নিম্নরূপের উপর চূড়ান্ত বলার অধিকার রাখেন:

- মনোনয়নের মেয়াদ;
- ভোটের সংখ্যা;এবং
- ভোটের সাথে সম্পৃক্ত সকল প্রশ্ন ও বিরোধ।

১০ যদি শূন্যপদ হতে অধিক প্রার্থী আবেদন করেন তবে সর্বোচ্চ সংখ্যক ভোটের অধিকারী হবে।

১১ যদি সেখানে যথেষ্ট প্রার্থী না থাকে তবে পরিচালক শূন্যতা পূরণ করার জন্য যোগ্য স্বতন্ত্র সদস্য নিয়োগ করতে পারেন। পরিচালক কর্তৃক ঐ নিয়োগকৃতগণ একই সময়ের জন্য অফিস করতে পারবেন এবং যেন তারা নির্বাচিত হয়েছে।

১২ সেক্রেটারী সমিতির ওয়েবসাইটে ফলাফল পোষ্ট করবেন।

১৩ নতুন নির্বাচিত অফিসার ও সাধারণ কর্মকর্তাগণ ফলাফল ঘোষণার সময় হতে অফিস করবেন বার্ষিক সাধারণ সভায়। তখন পর্যন্ত রিটার্ড অফিসার ও সাধারণ কর্মকর্তাগণ অফিসে অবস্থান করবেন।

১৪ যখন অত্র উপবিধি গৃহিত হইবে সকল অফিসার ও পরিচালকগণ নির্বাচিত হিসাবে স্বীকৃত হবেন এবং অত্র উপবিধির অধীন গঠিত হবেন। নির্বাচন উপবিধির অধীন তারা অবসর গ্রহণ করা পর্যন্ত তারা অফিসে অবস্থান করবেন।

**পরিচালনা পর্ষদে নৈমিত্তিক শূন্যতা**

**উপবিধি ৪০৮**

যদি বার্ষিক সাধারণ সভার মধ্যে পরিচালকের ঘাটতি হয়, আমরা উপবিধি-৪০৭ এ বর্ণিত অনুসারে একটি নির্বাচন করব। পরিচালকগণ বলবেন যখন নির্বাচনের নোটিশ দেওয়া হবে এবং যখন ভোটের তালিকা দেওয়া হবে এবং ফেরত দেওয়া হবে।

**উপবিধি ৪০৯**

প্রতিস্থাপন স্বতন্ত্র সদস্য যারা পরিচালনা পর্ষদে শূন্যতা পূরণ করার জন্য নির্বাচিত তারা অফিসে অবস্থান করবেন যতদিন ধরে প্রকৃত সদস্য রাজি থাকবেন।

## সভাসমূহ

**সাধারণ**

**উপবিধি ৪১০**

স্বতন্দ্র সদস্যগণ, যাদের অধিকার রয়েছে, তারা সদস্যের কমিটির সেবা করার জন্য তাদের নাম প্রস্তাব পারেন। তাদেরকে প্রস্তাব বা সমর্থনের প্রয়োজন নেই। সালিশ ষ্ট্রাটেজি কমিটি (উপবিধি-৪১৩ দেখুন) ব্যতিত, কমিটিসমূহ এবং তাদের চেয়ারম্যান পরিচালকগণ কর্তৃক বার্ষিক নিয়োগ হবেন।

**উপবিধি ৪১১**

কমিটি দক্ষতার সহিত কাজ করবেন কিন্তু যেকোন পন্থায় তাদের পছন্দে নিম্নরূপসহ করতে পারবেন:

- সভাসমূহ;
- টেলিফোন আলোচনা;
- টেলিকনফারেন্স; এবং
- ভিডিওকনফারেন্স

**উপবিধি ৪১২**

০১। নিম্নরূপ কমিটি টেবিলে বর্ণনা অনুসারে ব্যক্তির সংখ্যা গঠন করবে। একটি কোরাম কমিটির সদস্যের নিম্নতম সংখ্যা যা কোন বৈধ কর্ম সম্পাদনের পূর্বে উপস্থাপন করতে হবে।

| | নিয়োগকৃত সদস্যগণ | একটি কোরাম গঠন করতে ব্যক্তি প্রয়োজন |
|---|---|---|
| সালিশ ষ্ট্রাটেজি কমিটি | উপবিধি-৪১৩ দেখুন | ৫ |
| রুলস্ কমিটি | ১২ | ৫ |
| প্রাথমিক অনুসন্ধান কমিটি | উপবিধি-৪১৪ দেখুন | ৪ |
| ভেলু ডিফারেন্স কমিটি | উপবিধি-৪১৫ দেখুন | ৫ |

০২। সিআইসিসিএ সদস্য-এ্যাসেসিয়েশন এর প্রতিনিধি রুলস্ কমিটিতে সেবা প্রদান করার জন্য নিয়োগ হতে পারেন যখনই আর্টিক্যাল- ১০৫.৩ এর অধীন বিবেচনায় কমন প্রবিধান থাকে। কিন্তু, কমিটির চেয়ারম্যান কিংবা ডেপুটি চেয়ারম্যান হতে পারবেন না যদি না তারা আইসিএর এর স্বতন্ত্র সদস্য হন।

০৪। সালিশ ষ্ট্রাটেজি কমিটি, কমিটির সদস্য এর ব্যতিক্রম এক বছরের জন্য থাকবেন। একজন অবসরগ্রহণকারী সদস্য পুনঃ নিয়োগের জন্য যোগ্য হবেন।

**সালিশ ষ্ট্রাটেজি কমিটি**

**উপবিধি ৪১৩**

১ সালিশ ষ্ট্রাটেজি কমিটি ১০জন সদস্য পর্যন্ত অন্তর্ভুক্ত করতে পারবে যারা সকলে সম্পূর্ণরূপে যোগ্য সালিশদার হবেন।

২ সকল সম্পূর্ণরূপে যোগ্য সালিশদার কর্তৃক কমিটির অর্ধেক নির্বাচিত হইবেন এবং বাকী অর্ধেক পরে পরিচালক কর্তৃক নিয়োগ হইবেন। এটি প্রত্যেক তিন বছর পর ঘটবে।

৩ কমিটির সদস্যপদ তিন বছরের জন্য স্থায়ী হবে। একজন অবসরপ্রাপ্ত সদস্য পুনঃ নির্বাচন বা পুনঃ নিয়োগের জন্য যোগ্য হবেন।

৪ চেয়ারম্যান পরিচালকগণ কর্তৃক নিয়োগ হবে।

**প্রাথমিক তদন্ত কমিটি**

**উপবিধি ৪১৪**

প্রাথমিক তদন্ত কমিটি এবং ইহার কার্য বিবরণী নিম্নরূপ প্রবিধান অনুসারে গঠন ও পরিচালিত হইবে।

(ক) কমিটি পরিচালগণ কর্তৃক নিয়োগ হইবে, একটি অনুমোদিত প্যানেল হতে। অনুমোদিত প্যানেল গঠিত হবে :

- সমিতির নয়জন স্বতন্ত্র সদস্য নিয়ে স্বতন্ত্র সদস্যগণ সমিতির প্রেসিডেন্ট, ফার্স্ট ভাইস-প্রেসিডেন্ট, সেকেন্ড ভাইস-প্রেসিডেন্ট, কোষাধ্যক্ষ এবং সাধারণ পরিচালক হিসাবে অফিস সম্পাদন করবেন, কিন্তু এমত অফিস ধরে রাখার জন্য বিরতি করবেন এবং উক্ত প্যানেলের যেকোন সদস্য যারা এমত অফিসে নির্বাচিত বা পুনঃ নির্বাচিত হবেন সেই কারণে উক্ত প্যানেলের সদস্য হওয়ার জন্য বিরত থাকবেন।

- সংস্থার আটজন সহযোগী পরিচালক পর্যন্ত

- কমিটি ফর ইন্টারন্যাশনাল কো-অপারেশন বিটুয়িন কটন এ্যাসোসিয়েশন (সিআইসিসিএ) এর অন্যান্য সদস্য-সমিতির দুইজন মনোনীত ব্যক্তি পর্যন্ত যারা তাদের সমিতির পরিচালক হিসাবে অফিস করছেন।

- কটনের বাহির হতে তিনজন স্বাধীন স্বতন্ত্র ব্যক্তি এবং টেক্সটাইল ব্যবসায় জড়িত যারা পরিচালকগণ কর্তৃক নিয়োগ পাবেন।

(খ) পরিচালকগণ একটি কমিটি নিয়োগ করবেন যা নিম্নরূপ :

- একজন চেয়ারম্যান যিনি সমিতির স্বতন্ত্র সদস্য হবেন এবং সমিতির প্রেসিডেন্ট হিসাবে দায়িত্ব পালন করেছেন।

- ছয়জন পর্যন্ত স্বতন্ত্র সদস্য যাদের মধ্যে একজন স্বাধীন ব্যক্তি।

কমিটির সংখ্যাগরিষ্ঠ সদস্য, সমিতির বা সংঘের স্বতন্ত্র সদস্য হবে।

(গ) নির্বাচিত স্বতন্ত্র সদস্যদের মধ্যে যেকোন নৈমিত্তিক শূন্যতা পূরণ করার জন্য প্যানেলের সদস্য হিসাবে যেকোন যোগ্যতা সম্পন্ন ব্যক্তি নিয়োগ করার জন্য যেকোন সময় বা সময়ে সময়ে পরিচালকগণের ক্ষমতা থাকবে কিন্তু এরূপ নিয়োগকৃত উক্ত প্যানেলের যেকোন সদস্য শুধুমাত্র অফিস করবেন পরবর্তী সমিতির বার্ষিক সাধারণ সভা পর্যন্ত এবং নির্বাচনের জন্য যোগ্য হবেন।

## ভ্যালু ডিফারেন্স কমিটি

### উপবিধি ৪১৫

০১। ভেলু ডিফারেন্স কমিটি ০৪ সদস্য নিয়ে গঠিত হবে আমাদের কর্তৃক, যা নিয়োগকৃত ০৪ সদস্য পর্যন্ত ব্রেমার বাউমউলবার্স কর্তৃক নিয়োগ হইবে এবং পরবর্তী ৮ জন পর্যন্ত স্বতন্ত্র সদস্য ইচ্ছাপোষণকারী পরিচালক দ্বারা।

০২। ভেলু ডিফারেন্স কমিটি স্বতন্ত্র সদস্য বা অ-সদস্য কমিটিতে সংযোগ করতে সম্মত হতে পারে। তাদের নিযুক্ত ব্যক্তির নিয়োগকৃত সদস্যসের মত একই ভোট প্রদান করার অধিকার থাকবে।

০৩। ভেলু ডিফারেন্স কমিটি প্রতি চার সপ্তাহে অন্তত একবার পরামর্শ করবেন। চেয়ারম্যান প্রায়ই সভা আহবান করতে পারবেন।

০৪। চেয়ারম্যান অনুমোদন করা পর্যন্ত ভ্যালু ডিফারেন্স কমিটির সদস্যগণ হাজির হওয়ার জন্য একটি বিকল্প সন্ধান করতে পারনে। বিকল্পঃ

- অবশ্যই হইবে একই প্রতিষ্ঠান হতে হইবে সদস্য হিসাবে;
- একজন স্বতন্ত্র সদস্য হতে পারে কিংবা একজন স্বতন্ত্র সদস্য ব্যতিত একজন ব্যক্তি; এবং
- কমিটি সভায় ভোট প্রদান করতে পারে।

**কোয়ালিটি আপিল প্যানেল**

**উপবিধি ৪১৬**

১ একটি কোয়ালিটি আপিল প্যানেল কটনের উপর তাদেরকে উপদেশ প্রদান করার জন্য কমিটিতে যেকোন স্বতন্ত্র সদস্য সংযোগ করতে সম্মত করতে পারে। সংযুক্ত ব্যক্তি কমিটি সদস্য হিসাবে দেখা যাইবে যখন ঐ মামলা রায় হবে।

২ যেকোন কোয়ালিটি আপিল কমিটি সভার প্রতিটি প্রতিষ্ঠান একটির বেশি ভোট থাকবে না। আমেরিকান কটন শিপারস এ্যাসোসিয়েশন এর একজন প্রতিনিধি কোয়ালিটি আপিল কমিটিতে সেবা করার জন্য নিয়োগ হতে পারেন যখন "আমেরিকান কটন", আমেরিকান/পিমা বহুমূখী বা অন্যান্য কটন যা আমেরিকান কটন শিপারস এসোসিয়েশন এর একজন সদস্য কর্তৃক নিয়োজিত হয়েছে এর সাথে সংশ্লিষ্ট। কিন্তু, তিনি কমিটির চেয়ারম্যান বা ডেপুটি চেয়ারম্যান হতে পারবেন না।

৩ অত্র উপবিধি ইউনাইটেড ষ্টেট অব আমেরিকায় যেকোন জায়গা হতে আমেরিকান কটন এর শিপমেন্টের জন্য চুক্তি করার জন্য প্রযোজ্য নয়।

**উপবিধি ৪১৭**

একই ফার্মের ২ জনের বেশী সদস্য কোয়ালিটি আপিল বা কোয়ালিটি প্যানেল আপিল কমিটিতে নিয়োগ পাবেন না।

**উপবিধি ৪১৮**

কোয়ালিটি আপিল প্যানালের সদস্যপদের জন্য প্রার্থীগণ অবশ্যই কটন ট্রেডে কাজ করবেন।

## শাস্তিমূলক পদ্ধতি

**উপবিধি ৪১৯**

০১। কোন সদস্য প্রতিষ্ঠান যেটি র-কটন এর ক্রয় বা বিক্রয় করার জন্য চুক্তিতে আবদ্ধ হয়েছে বা সেবার প্রবিধানের জন্য স্বতন্ত্র ফার্মের এর পক্ষে বা সিআইসিসিএ বা আইসিএ তে তালিকাভুক্ত অসম্পূর্ণ এওয়ার্ডের তালিকার (ঐ চুক্তি শেষ হয়েছে বা কোম্পানীর তালিকার প্রজ্ঞাপন অনুসরণের পরের দিন) বা র-কটন এর ক্রয় বা বিক্রয় করার জন্য একটি চুক্তিতে আবদ্ধ বা অসম্পূর্ণ এওয়ার্ড এর আইসিএ তালিকা পরিবেষ্টনের উদ্দেশ্যে সেবার পরিধানের জন্য একটি তদন্ত সাপেক্ষে করা হইবে এবং আর্টিক্যালে ধারণকৃত যেকোন শাস্তিমূলক পদ্ধতি করা হইবে।

০২। যদি একজন নতুন নির্বাচিত সদস্য প্রতিষ্ঠান একটি পক্ষের সহিত চুক্তি থাকে যাদের নাম সিআইসিসিএ বা আইসিএ তে তালিকাভুক্ত অসম্পূর্ণ এওয়ার্ডের এর তালিকায় দৃশ্যমান, তাদের নির্বাচনের সাত দিনের (এক সপ্তাহ) মধ্যে মেম্বার প্রতিষ্ঠান ঐ চুক্তি বা চুক্তিসমূহের একটি কপিসহ, তারিখ, রেফারেন্স নাম্বার এবং ঐ চুক্তির সম্পন্নের প্রাক্কলিত তারিখ যেকোন গোপনীয় তথ্য প্রয়োজন অনুসারে সম্পাদিত প্রদর্শন করে পরিচালকগনকে প্রদান করবেন, উপরের স্বাপেক্ষে উপরোক্ত অনুচ্ছেদ-১ এর প্রবিধান ঐ চুক্তি বা চুক্তিসমূহে প্রয়োগ করা হইবেনা।

৩ যদি কোন সদস্য প্রতিষ্ঠান একটি পক্ষ যাহা সিআইসিসিএ বা আইসিএ তে তালিকাভুক্ত অসম্পুর্ণ এওয়ার্ডের তালিকায় ইহা ছিল এর সহিত ব্যবসা করতে ইচ্ছা ব্যক্ত করে: পার্ট-১ প্রতিষ্ঠাপনের একক উদ্দেশ্যসহ ঐ এওয়ার্ড তখন ঐ মেম্বার প্রতিষ্ঠান ঐ উদ্দেশ্যে পরিচালকগণদের লিখিতভাবে পরামর্শ দেওয়ার জন্য প্রয়োজন হইবে। ঐ উদ্দেশ্যে একটি চুক্তি বা চুক্তিসমূহে আবদ্ধ হওয়ার সাত দিন (এক সপ্তাহ) এর মধ্যে মেম্বার প্রতিষ্ঠান ঐ চুক্তি বা চুক্তিসমূহের একটি কপিসহ, তারিখ, রেফারেন্স নাম্বার এবং ঐ চুক্তির সম্পন্নের প্রাক্কলিত তারিখ, প্রাসঙ্গিক নিষ্পত্তি চুক্তি. যেকোন গোপনীয় তথ্য প্রয়োজন অনুসারে সম্পাদিত প্রদর্শন করে পরিচালকগনকে প্রদান করবেন, উপরোক্ত স্বাপেক্ষে উপরোক্ত অনুচ্ছেদ-১ এর প্রবিধান ঐ চুক্তি বা চুক্তিসমূহে প্রয়োগ করা হইবেনা।

৪ যদি একটি সদস্য প্রতিষ্ঠানের একটি পক্ষের সহিত অনিষ্পন্ন চুক্তি থাকে যাহার নাম পরবর্তীতে সিআইসিসিএ বা আইসিএ তে তালিকাভুক্ত অসম্পূর্ণ এওয়ার্ড এর তালিকায় দৃশ্যমান হয়, তালিকাকরণের সাত দিনের (এক সপ্তাহ) এর মধ্যে মেম্বার প্রতিষ্ঠান ঐ চুক্তি বা চুক্তিসমূহের একটি কপিসহ, তারিখ, রেফারেন্স নাম্বার এবং ঐ চুক্তির সম্পন্নের প্রাক্কলিত তারিখ যেকোন গোপনীয় তথ্য প্রয়োজন অনুসারে সম্পাদিত প্রদর্শন করে পরিচালকগনকে প্রদান করবেন, উপরোক্ত স্বাপেক্ষে উপরোক্ত অনুচ্ছেদ-১ এর প্রবিধান ঐ চুক্তি বা চুক্তিসমূহে প্রয়োগ করা হইবেনা।

## পরিশিষ্ট


| | পৃষ্ঠা নম্বর |
|---|---|
| আমেরিকান কটন | ১২, ২২, ২৩ |
| সৌহার্দ্যপূর্ণ নিষ্পত্তি | ৬০ |
| আপিল- কোয়ালিটি আপিল, টেকনিক্যাল আপিল ও স্বল্প দাবী টেকনিক্যাল আপিল দেখুন | |
| সালিশ- কোয়ালিটি সালিশ, টেকনিক্যাল সালিশ ও স্বল্প দাবী টেকনিক্যাল সালিশ দেখুন | |
| দাবী: | ১৯ |
| কান্ট্রি ড্যামেজ | ১৯ |
| লিখন সংক্রান্ত ত্রুটি | ১৪ |
| ভূয়া প্যাককৃত, মিশ্রিত প্যাককৃত বা প্লেটেড বেইল ও ভিজাতীয় বস্তু থাকা বেইল | ১৯ |
| আভ্যন্তরীণ আর্দ্রতা | ১৯ |
| *শ্রেণীবিভাজন* | ৫৬ |
| *কমিটি* | ৬৯ |
| *চুক্তি:* | ৯ |
| *উপবিধি ও বিধিমালার প্রয়োগ* | ৯ |
| *সমাপ্তকরণ* | ১০ |
| *শাস্তিমূলক ব্যবস্থা* | ৭২ |
| *নির্বাচন* | ৬৮ |
| *ফি- পরিশিষ্ট সি দেখুন* | |
| *অসম্পূর্ণ সিদ্ধান্তের আইসিএ তালিকা* | ৬৪, ৭২ |
| *আইসিএ অফিসিয়াল স্ট্যান্ডার্ড* | ৫৩ |
| *ইনস্ট্রুমেন্ট টেস্টিং* | ২১ |
| *ইন্সুরেন্স* | ১২ |
| *আন্তর্মহাদেশীয় বিনিময় কটন নং ২ ফিচার* | ১৫ |
| *চালান ফেরত* | ২৬ |
| *বিচার ব্যবস্থা* | ৩৪, ৪৪, ৫৩ |
| *সদস্যপদ* | ৬৬ |
| *মাইক্রোনেয়ার* | ২২ |
| *কোয়ালিটি আপিল* | ৫৮ |
| *কোয়ালিটি সালিশ:* | ২৯, ৪৯ |
| *বেনামী* | ৫৭ |
| *সিদ্ধান্ত* | ৫৭ |
| *ফি ও চার্জ* | ৬২ |
| *'অন কল' বিক্রয়* | ১৫ |
| *স্যাম্পলিং* | ১৮ |
| *শিপমেন্ট* | ১১ |
| *ক্ষুদ্র দাবী টেকনিক্যাল আপিল* | ৪৬ |
| *ক্ষুদ্র দাবী টেকনিক্যাল সালিশ* | ৪১ |
| *সিদ্ধান্ত* | ৪৫ |
| *স্ট্যাম্পিং চার্জ- পরিশিষ্ট গ দেখুন* | |
| স্ট্রেংথ | ২৫ |
| টেয়ার | ১৬ |
| টেকনিক্যাল আপিল | ৩৭ |
| টেকনিক্যাল সালিশ | ২৯, ৩১ |
| সিদ্ধান্ত | ৩৫ |
| ফি ও চার্জ | ৬১ |
| অসম্পূর্ণ সিদ্ধান্ত | ৬৪ |
| সার্বজনীন স্ট্যান্ডার্ড | ৫৪ |
| ভ্যালু পার্থক্য | ৫৫ |
| ওজন | ১৬ |